# ইএসডিও বার্তা

বর্ষ ৩য়
সংখ্যা ৪
এপ্রিল ২০১৯

ইএসডিও'র নিয়মিত মুখপত্র


*চল্ রে টেনে আলোয় অন্ধকারে*
*নগর–গ্রামে অরণ্যে পর্বতে।।*

# ব্যাপক উৎসাহ-উদ্দীপনায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত



আনন্দ-উৎসব মূখর পরিবেশে দিনব্যাপী বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে উদযাপিত হলো ইকো সোশ্যাল ডেভলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও)'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী। প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে ইএসডিও'র প্রধান কার্যালয়কে সাজানো হয়েছিল মুগ্ধনয়ন দৃশ্যায়নে। নানা রংয়ের পতাকা, ফেস্টুন দিয়ে ছেয়ে গিয়েছিল পূরো ক্যাম্পাস। প্রধান ফটক হতে পূরো ক্যাম্পাস জুড়ে ছিল বর্ণিল বাতির আলোকছটা। অনুষ্ঠান মঞ্চকে সাজানো হয়েছিল দরদী শিল্পীর নিপুন তুলিতে। নানা প্রকৃতির পরিপাটি আলপনা সৃজনশীল চিত্তকে আকর্ষণ করতে ভোলেনি। সাজ সাজ ভাব আর উৎসাহী মন নিয়ে উন্নয়নকর্মীদের পদচারণা প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানকে উৎসবে রূপ দেয়। একে একে আমন্ত্রিত অতিথি ও সুধীজনদের আগমন এবং তাঁদের ফুলেল শুভেচ্ছায় বরণ উৎসবের আমেজ বাড়াতে থাকে।

প্রতিষ্ঠাবার্ষিকীর শুভ উদ্বোধন হয় ইকো পাঠশালা এন্ড কলেজের শিক্ষক-শিক্ষার্থীদের পরিবেশনায় জাতীয় সংগীত, উৎসব ও দলীয় সংগীতের মাধ্যমে। অনুষ্ঠানের অতিথি মোঃ হাসানুজ্জামান, বিজ্ঞ সিনিয়র জেলা ও দায়রা জজ, ঠাকুরগাঁও; ড. কে এম কামরুজ্জামান সেলিম, জেলা প্রশাসক, ঠাকুরগাঁও; মোঃ মনিরুজ্জামান, পিপিএম, পুলিশ সুপার, ঠাকুরগাঁও; ড. মুহম্মদ শহীদ উজ জামান, প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক, ইএসডিও; সেলিমা আখতার, পরিচালক (প্রশাসন) ইএসডিও; নুসরাত জাহান, সভানেত্রী নারী কল্যাণ ক্লাব, ঠাকুরগাঁও পতাকা মঞ্চে দাঁড়িয়ে জাতীয় পতাকা, দলীয় পতাকা ও উৎসব পতাকা উত্তোলন করেন। উদ্বোধনী মুহূর্তের সৌন্দর্য বাড়াতে এ মিলন মেলায় আরও যারা উপস্থিত হয়েছিলেন- ইএসডিও'র নির্বাহী পরিষদ ও সাধারণ পরিষদের সদস্যবৃন্দ; মোঃ গোলাম ফারুক, বিজ্ঞ বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইবুনাল; বিএম তারিকুল কবীর, বিজ্ঞ অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ঠাকুরগাঁও; মোঃ নূর কুতুবুল আলম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ঠাকুরগাঁও; শীলাব্রত কর্মকার, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঠাকুরগাঁও; আল আসাদ মোঃ মাহফুজুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার, ঠাকুরগাঁও; মোঃ তরিকুল ইসলাম, এনডিসি, ঠাকুরগাঁও সহ প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা, ঠাকুরগাঁও এর প্রতিষ্ঠিত প্রতিষ্ঠান প্রধানগণ, বিভিন্ন শ্রেণি পেশার বিশিষ্ট ব্যক্তিবর্গ, প্রিন্ট ও ইলেকট্রিক মিডিয়ার সংবাদকর্মীবৃন্দ।

জাতীয় ও দলীয় পতাকা উত্তোলনের পরেই মঙ্গলদীপ প্রজ্জ্বলন এবং বেলুন উড়িয়ে দেন অনুষ্ঠানের অভ্যাগত অতিথিবৃন্দ। এ সময় ইকো পাঠশালা এন্ড কলেজের শিক্ষক ও ইএসডিও'র উন্নয়নকর্মীদের দলীয় ও উৎসব সঙ্গীত পরিবেশিত হচ্ছিল। তারপরে অতিথিবৃন্দ মঞ্চে আসন নিয়ে ৩১ পাউন্ড ওজনের কেক কেটে প্রতিষ্ঠাবার্ষিকীর শুভ উদ্বোধনের পূর্ণতা আনে। ইকো পাঠশালা এন্ড কলেজের শিক্ষার্থীদের ইএসডিও'র কর্মযজ্ঞ নিয়ে পরিবেশিত জারী গান পরিবেশনকালে সকলের মুহুর্মুহু করতালি অনুষ্ঠানের সতেজতায় প্রাণের সঞ্চার আনে। পরে এক বর্ণাঢ্য আনন্দ শোভাযাত্রা শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে। আনন্দ শোভাযাত্রায় ঢোল, বাদক দল আর হরেক রকমের বাঁশির সুর এবং উন্নয়নকর্মীদের শ্লোগান, নাচ, গান আনন্দ শোভাযাত্রাটিতে বাড়তি আমেজ সৃষ্টি করে। র‌্যালী শেষে অনুষ্ঠিত হয় আলোচনা সভা। মধ্যাহ্ন বিরতির পরে প্রতিষ্ঠানের মেধা অনুশীলন কেন্দ্রে শুরু হয় প্রভিডেন্ড ফান্ড, জেন্ডার সেল ও শিশু সুরক্ষা সেলের বার্ষিক সাধারণ সভা এবং মনহাসানো স্মৃতিচারণমূলক অনুষ্ঠান। সন্ধ্যায় উন্নয়নকর্মীদের পরিবেশনায় জমকালো সাংস্কৃতিক অনুষ্ঠান সারাদিনের বিরতিহীন আনন্দের মাঝে আরও এক পশলা প্রশান্তির দোলা দেয় সকলকে। সাংস্কৃতিক অনুষ্ঠান শেষে আতশবাজির রঙিন ছটায় দিনব্যাপী এই বর্ণিল আয়োজনের সমাপ্তি ঘটে।



# আমাদের কথা

ঠাকুরগাঁও জেলার কয়েকজন উদ্যমী যুবকের একতাবদ্ধ প্রয়াসে ১৯৮৮ সালে গড়ে ওঠে ইকো সোশ্যাল ডেভলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও)। প্রতিষ্ঠাকাল হতেই শান্তি, সমৃদ্ধময় সমাজ গঠনে কাজ করে যাচ্ছে ইএসডিও। আমরা আজ একথা ভেবে আপ্লুত বোধ করি যে, আমাদের এই প্রিয় প্রতিষ্ঠানটি এরই মধ্যে প্রতিষ্ঠার ৩১ বছর পূর্ণ করেছে। প্রতিবছর বেড়েই চলেছে এর কর্ম-পরিসর। শুধু অফিস সংখ্যা, কর্মী সংখ্যা বৃদ্ধিই এর একমাত্র নিয়ামক নয়। ৮০ লক্ষ মানুষের দোরগোড়ায় পৌঁছতে পারার অনুভব এবং তাঁদের অকৃত্রিম ভালবাসাই ইএসডিও'র ক্রম সমৃদ্ধির উৎস। আজ হতে ৩১ বছর পূর্বে ইএসডিও'র স্বপ্ন ছিল একটি ন্যায় ভিত্তিক সমাজ প্রতিষ্ঠা করা। সেই স্বপ্নকে ধারণ করেই ইএসডিও আজও তার যাত্রাপথে অবিচল। পরিবর্তনশীল মানুষের প্রচেষ্টায় দেশ যেভাবে এগিয়ে যাচ্ছে- তেমনি নতুন নতুন উদ্যোগ, ধারণা নিয়ে এগিয়ে চলেছে ইএসডিও। ইএসডিও আগামীতে দেশ হতে দেশের বাইরে তার কর্ম-পরিধির মাধ্যমে ছড়িয়ে পড়ুক- সমতা ভিত্তিক, বিকশিত সমাজ প্রতিষ্ঠার স্বপ্ন নিয়ে। আসুন এ বিশ্বাসে আমরা নিবেদিত ও সংকল্পে অটল হই। গত সংখ্যাটি প্রতিষ্ঠাবার্ষিকীর বিশেষ সংখ্যা হিসেবে প্রকাশ হলেও বর্তমান সংখ্যাতেই রয়েছে আমাদের দেশব্যাপী প্রতিষ্ঠাবার্ষিকী পালনের সচিত্র মূল্যায়ন। প্রতিসংখ্যার মতো ইএসডিও'র কর্মযজ্ঞের প্রতিচ্ছবি তুলে ধরতে আমরা নিবেদিত থেকে ২০১৯ খ্রিষ্টাব্দের ৪র্থ সংখ্যা আপনাদের সামনে উপস্থাপন করছি। সকল ত্রুটির মার্জনা চেয়ে আরও সমৃদ্ধ, পরিশীলিত আমাদের প্রিয় ইএসডিও বার্তার আগামী সংখ্যা প্রকাশের অপেক্ষায়---- ।

সম্পাদক মন্ডলী

# শিশু অধিকার বিষয়ক সচেতনতা সৃষ্টিতে মিনি ম্যারাথন দৌড় অনুষ্ঠিত




ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে গত ৪ এপ্রিল শিশু অধিকার ও সচেতনতা বিষয়ক মিনি ম্যারাথন দৌড় অনুষ্ঠিত হয়। ইএসডিও প্রধান কার্যালয় হতে লোকায়ন জীবনবৈচিত্র্য জাদুঘর প্রায় তিন কিলোমিটারের এই মিনি ম্যারাথনে নেতৃত্ব দেন ইএসডিও'র নির্বাহী পরিচালক ড. মুহম্মদ শহীদ উজ জামান। ইএসডিও প্রধান কার্যালয়ের উন্নয়নকর্মীবৃন্দ এই মিনি ম্যারাথন দৌড়ে অংশগ্রহণ করেন। মিনি ম্যারাথনটি এলাকার প্রত্যক্ষদর্শীদের মাঝে ব্যাপক সাড়া ফেলে। রাস্তার দু-ধারে উৎসাহী মানুষজন করতালি দিয়ে অংশগ্রহণকারীদের উৎসাহ যোগায়।

লোকায়ন জীবনবৈচিত্র্য জাদুঘর পর্যন্ত প্রায় ৩ কিলোমিটার রাস্তায় অংশগ্রহণকারীদের নিরাপদ ও যেকোন ধরনের ঝুঁকি সামলাতে সার্বক্ষণিক এ্যাম্বুলেন্স সুবিধার ব্যবস্থা রাখা হয়। ম্যারাথনটি গন্তব্যে পৌঁছালে ইএসডিও'র পরিচালক (প্রশাসন) সেলিমা আখতার অংশগ্রহণকারীদের অভ্যর্থনা জানান। মিনি ম্যারাথনটি লোকায়নে পৌঁছালে সেখানে এক আনন্দঘন পরিবেশের সৃষ্টি হয়। ইএসডিও'র নির্বাহী পরিচালক ম্যারাথনে অংশগ্রহণকারী সকলকেই আকর্ষণীয় উপহার প্রদান করেন। ম্যারাথন শেষে সংক্ষিপ্ত আলোচনায় অংশ নেয় ইকো পাঠশালা এন্ড কলেজের দশম শ্রেণির শিক্ষার্থী শাশ্বত জামান।

# ফুলেল শুভেচ্ছায় অভিসিক্ত হলেন ইএসডিও'র নির্বাহী পরিচালক ও পরিচালক (প্রশাসন)



দিনব্যাপী নানা কর্মসূচীর মধ্য দিয়ে উদযাপিত হলো ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী। এ উপলক্ষে প্রতিষ্ঠানের প্রধান কার্যালয়ে জমে ওঠে মিলন মেলা। প্রতিষ্ঠাবার্ষিকীর শুভেচ্ছা জানাতে আসেন ঠাকুরগাঁও জেলার প্রশাসনের বিভিন্ন বিভাগ ও দপ্তর, সুধীজন, রাজনৈতিক দল, স্বেচ্ছাসেবী সংগঠন, শিক্ষা প্রতিষ্ঠান, ব্যাংক, সাংবাদিক ও বিভিন্ন শ্রেণি পেশার বিপুল সংখ্যক বিশিষ্ট ব্যক্তি। বিপুল সংখ্যক এ সকল ব্যক্তি ও প্রতিষ্ঠানের ফুলেল শুভেচ্ছায় সিক্ত হন ইএসডিও'র নির্বাহী পরিচালক ও পরিচালক (প্রশাসন)। ফুলেল শুভেচ্ছা প্রদানকারী এসব ব্যক্তি ও প্রতিষ্ঠানসমূহ যথাক্রমে- বিজ্ঞ সিনিয়র জেলা ও দায়রা জজ মোঃ হাসানুজ্জামান; জেলা প্রশাসক, ড. কে এম কামরুজ্জামান সেলিম; গোলাম ফারুক, বিজ্ঞ বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইবুনাল; পুলিশ সুপার, মোঃ মনিরুজ্জামান, পিপিএম; জেলা পরিষদ চেয়ারম্যান, মুহাম্মদ সাদেক কুরাইশি; নির্বাহী পরিষদ ও সাধারণ পরিষদের সদস্যবৃন্দ; বিএম তারিকুল কবীর, বিজ্ঞ অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ঠাকুরগাঁও; মোঃ নূর কুতুবুল আলম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ঠাকুরগাঁও; শীলাব্রত কর্মকার, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঠাকুরগাঁও; আল আসাদ মোঃ মাহফুজুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার, ঠাকুরগাঁও; মোঃ তরিকুল ইসলাম, এনডিসি, ঠাকুরগাঁও; ঠাকুরগাঁও, উপজেলা চেয়ারম্যান তৈমুর রহমান; প্রেস ক্লাব সভাপতি মোঃ মনসুর আলি; সাধারণ সম্পাদক লুৎফর রহমান মিঠু; সদর উপজেলা আওয়ামীলীগ সাধারণ সম্পাদক মোঃ মোশারুল ইসলাম; যুগ্ম সম্পাদক নজরুল ইসলাম স্বপন; সদর বিএনপির সভাপতি, আব্দুল হামিদ; জেলা যুবলীগ সভাপতি আব্দুল মজিদ আপেল; যুবদল সভাপতি চৌধুরী মোঃ মাহেবুল্লাহ আবু নূর; আওয়ামী মহিলালীগ সভানেত্রী দ্রৌপদী আগরওয়াল; জাসদ; জেলা শিশু বিষয়ক কর্মকর্তা মোঃ জবেদ আলি; সভাপতি ও সম্পাদক জেলা উদীচী শিল্পী গোষ্ঠী; মোঃ দবিরুল ইসলাম, সভাপতি, সরকারি কর্মচারী কল্যাণ সমিতি; প্রথম আলো; এনটিভি; এশিয়ান টিভি; চেম্বার অব কমার্স; মার্কেন্টাইল ব্যাংক; রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক; মিউচুয়াল ট্রাষ্ট ব্যাংক; আদিবাসী ও দলিত ফোরাম; জাতীয় আদিবাসী পরিষদ; আদিবাসী ছাত্র পরিষদ; খেলোয়ার কল্যাণ সমিতি; ইকো পাঠশালা এন্ড কলেজ; ইআইটি; জেলা ক্রীড়া সংস্থা; জেলা মুক্তিযোদ্ধা সংসদ; ইনকাম ট্যাক্স; জেলা আইনজীবি সমিতি; জেলা ফুটবল এসোসিয়েশন; ঠাকুরগাঁও রোড যুব সংসদ; তরুণদের অগ্রযাত্রা, কলেজ পাড়া; আগমনী স্পোর্টিং ক্লাব; সাম্য ক্রীড়া ও সাংস্কৃতিক গোষ্ঠী; আশ্রমপাড়া ক্রীড়া ও সাহিত্য সংসদ; ওয়ার্ল্ড ভিশন; সরকারি কর্মচারী সমিতি; জেলা যুব প্যারাভেট এসোসিয়েশন; দৈনিক লোকায়ন; বিশিষ্ট ব্যবসায়ী মোঃ মোদাচ্ছের হোসেন; বাংলাদেশ হরিজন ঐক্য পরিষদ; সাবেক উপজেলা চেয়ারম্যান, হরিপুর; শামীম ফেরদৌস টগর; যাত্রিক গোষ্ঠী; স্বত্বাধিকারী-নীল পলাশ মাল্টিমিডিয়া মোঃ আরিফুল ইসলাম; চেয়ারম্যান ১৪ নং রাজাগাঁও ইউনিয়ন পরিষদ মোঃ মোশারুল ইসলাম সরকার; চেয়ারম্যান আকচা ইউনিয়ন পরিষদ, সুব্রত কুমার বর্মনসহ ইএসডিও'র বিভিন্ন প্রকল্পের প্রকল্প প্রধানগণ ও সিনিয়র কর্মকর্তাগণ।

# ইএসডিও প্রধান কার্যালয়ের সাথে সমন্বয় রেখে জেলা ও উপজেলা পর্যায়ে একসাথে উদযাপিত হলো ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী যার সচিত্র প্রতিবেদন নিম্নে তুলে ধরা হলোঃ

## ঠাকুরগাঁও জেলা



ইএসডিও প্রধান কার্যালয়ে ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে মঙ্গল প্রদীপ জ্বেলে শুভ উদ্বোধন করছেন অভ্যাগত অতিথিবৃন্দের মধ্যে জেলা প্রশাসক পত্নি ও নারী কল্যাণ ক্লাব, ঠাকুরগাঁও এর সভাপতি নুসরাত জাহান; ইএসডিও'র পরিচালক (প্রশাসন) সেলিমা আখতার; ইএসডিও নির্বাহী পরিষদের ভাইস চেয়ারম্যান রোকেয়া সুলতানা এবং সদস্য (অর্থ) বেগম সেরেজা বানু।




ইএসডিও'র নির্বাহী পরিচালক ড. মুহম্মদ শহীদ উজ জামান, পরিচালক (প্রশাসন) সেলিমা আখতার এবং ইএসডিও সাধারণ পরিষদ ও নির্বাহী পরিষদের সদস্যবৃন্দের নেতৃত্বে ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকীর আনন্দ শোভাযাত্রায় ইএসডিও'র সর্বস্তরের উন্নয়নকর্মীবৃন্দ।



ইএসডিও প্রধান কার্যালয়ে ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী-তে অভ্যাগত অতিথিদের মধ্যে জেলা জজশীপ, জেলা প্রশাসন, পুলিশ প্রশাসন, পিকেএসএফ প্রতিনিধি ইএসডিও'র সাধারণ পরিষদ, নির্বাহী পরিষদ, ঠাকুরগাঁও প্রেসক্লাব, ঠাকুরগাঁও চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এবং সুধীজন।



ইএসডিও প্রধান কার্যালয়ে ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে 'ইএসডিও সফলতার ৩১ বছর' শীর্ষক জারীগান পরিবেশন করছে ইকো পাঠশালা এন্ড কলেজের শিক্ষার্থী, শিক্ষক এবং ইএসডিও'র কর্মীবৃন্দ।



ইএসডিও প্রধান কার্যালয়ে ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে ইএসডিও'র নির্বাহী পরিচালককে ফুলেল শুভেচ্ছা জানাচ্ছেন ড. কে এম কামরুজ্জামান সেলিম, জেলা প্রশাসক, ঠাকুরগাঁও; সঙ্গে আছেন মোঃ হাসানুজ্জামান, বিজ্ঞ সিনিয়র জেলা ও দায়রা জজ; জেলা প্রশাসক পত্নী নুসরাত জাহান; সেলিমা আখতার, পরিচালক (প্রশাসন) ইএসডিও এবং অধ্যক্ষ ইকো পাঠশালা এন্ড কলেজ।



ইএসডিও প্রধান কার্যালয়ে ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে ইএসডিও'র নির্বাহী পরিচালককে ফুলেল শুভেচ্ছা জানাচ্ছেন মোঃ মনিরুজ্জামান, পুলিশ সুপার, ঠাকুরগাঁও; উপস্থিত আছেন হাসানুজ্জামান, বিজ্ঞ সিনিয়র জেলা ও দায়রা জজ, ঠাকুরগাঁও এবং অন্যান্যরা।



হরিপুর উপজেলা প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান মোঃ নূরুল ইসলাম; বিশেষ অতিথি হিসেবে ছিলেন মহিলা ভাইস চেয়ারম্যান মোছাঃ নাজমা খাতুন; হরিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ আতাউর রহমান (মংলা) এবং প্রেস ক্লাবের সভাপতি মোঃ সুজা উদ্দীন।



বালিয়াডাঙ্গী উপজেলা প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বালিয়াডাঙ্গী থানার অফিসার ইনর্চাজ মোঃ মোসাব্বিরুল হক; বিশেষ অতিথি হিসেবে ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অডিট অফিসার (ঢাকা) মোঃ আমির হামজা; গান্ডিকারী আদর্শ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ তোফাজ্জল হোসেন প্রমূখ।



পীরগঞ্জ উপজেলা প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঠাকুরগাঁও-৩ আসনের মাননীয় সাংসদ মোঃ জাহিদুর রহমান জাহিদ, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পীরগঞ্জ উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ জিয়াউল ইসলাম জিয়া, পীরগঞ্জ থানার অফিসার ইনচার্জ (তদন্ত) মোঃ মিজানুর রহমান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এসএম সাঈদ হাসান প্রমূখ।



রাণীশংকৈল উপজেলা প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাণীশংকৈল উপজেলার উপজেলা পরিষদ চেয়ারম্যান মোঃ আইনুল হক, বিশেষ অতিথি হিসেবে ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান মোছাঃ শেফালী বেগম ও মোঃ সোহেল রানা; উপজেলা আওয়ামীলীগ সভাপতি মোঃ সইদুল ইসলাম; মোঃ তাজুল ইসলাম, অধ্যক্ষ রাণীশংকৈল ডিগ্রি কলেজ ও অন্যান্য অতিথিবৃন্দ।

# পঞ্চগড় জেলা



পঞ্চগড় জেলার সদর উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী প্রধান কার্যালয়ের সাথে সামঞ্জস্য রেখে উদযাপন করা হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গ্রাম আদালত সক্রিয়করণ প্রকল্পের দাতা সংস্থা ইউএনডিপি'র ডিস্ট্রিক্ট ফ্যাসিলিটেটর মোঃ আমির হোসেন ও ইএসডিও'র উন্নয়নকর্মীবৃন্দ।



তেঁতুলিয়া উপজেলা প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ কাজী মাহমুদুর রহমান (ডাবলু), উপজেলা চেয়ারম্যান, তেঁতুলিয়া; বিশেষ অতিথি হিসেবে ছিলেন মোঃ কাজী আনিছুর রহমান, চেয়ারম্যান ৩নং তেঁতুলিয়া ইউপি; মোঃ আয়ুব আলী, বীর মুক্তি যোদ্ধা, তেঁতুলিয়া ইউনিট কমান্ড।




দেবীগঞ্জ উপজেলা প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ আব্দুল মালেক চিশতি, উপজেলা চেয়ারম্যান, দেবীগঞ্জ; বিশেষ অতিথি হিসেবে ছিলেন স্বদেশ রায়, মুক্তিযোদ্ধা কমান্ডার, দেবীগঞ্জ ইউনিট কমান্ড; মোঃ সামসুজ্জোহা, এএসআই, দেবীগঞ্জ থানা।




দেবীগঞ্জ উপজেলা প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ আব্দুল মালেক চিশতি, উপজেলা চেয়ারম্যান, দেবীগঞ্জ; বিশেষ অতিথি হিসেবে ছিলেন স্বদেশ রায়, মুক্তিযোদ্ধা কমান্ডার, দেবীগঞ্জ ইউনিট কমান্ড; মোঃ সামসুজ্জোহা, এএসআই, দেবীগঞ্জ থানা।



বোদা উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান কার্যালয়ের সাথে সামঞ্জস্য রেখে কর্মসূচি পালিত হয়।



আটোয়ারী উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান কার্যালয়ের সাথে সামঞ্জস্য রেখে কর্মসূচি পালিত হয়।

# দিনাজপুর জেলা



দিনাজপুর সদর উপজেলা প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দিনাজপুর জেলার অতিরিক্ত পুলিশ সুপার সুশান্ত সরকার; বিশেষ অতিথি হিসেবে ছিলেন ইএসডিও সাধারণ পরিষদের সদস্য ও দিনাজপুর হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক মোঃ আব্দুর রশিদ পলাশ; মোঃ আবুল কালাম আজাদ, এডভোকেট দিনাজপুর জজ কোর্ট।




বোচাগঞ্জ উপজেলা প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে বোচাগঞ্জ সরকারী পাইলট মডেল উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক বিশ্বনাথ রায়, ইএসডিও নির্বাহী পরিষদের সদস্য মোজাম্মেল হকের স্ত্রী শামীমা আক্তার, বকুলতলা উচ্চ বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক বকুল চন্দ্র রায় ও সেতাবগঞ্জ প্রেস ক্লাবের প্রতিনিধি ফরিদুজ্জামানসহ ইএসডিও'র কর্মীবৃন্দ কেক কেটে অনুষ্ঠানের সূচনা করেন।



দিনাজপুর জেলার সদর উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্বোধনী অনুষ্ঠানে অভ্যাগত অতিথিবৃন্দের সাথে ইএসডিও'র উন্নয়নকর্মীবৃন্দ।



পার্বতীপুর উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পার্বতীপুর উপজেলার উপজেলা শিক্ষা অফিসার মোঃ মোস্তাফিজুর রহমান; উল্লেখ্য যে, ফুলবাড়ী ও পার্বতীপুর উপজেলা এক সাথে পার্বতীপুর উপজেলায় প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করেন।



বীরগঞ্জ উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান কার্যালয়ের সাথে সামঞ্জস্য রেখে কর্মসূচি পালিত হয়।



চিরিরবন্দর উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান কার্যালয়ের সাথে সামঞ্জস্য রেখে কর্মসূচি পালিত হয়।

# রংপুর জেলা



ইএসডিও রংপুর সিলভার জুবিলি ভবনে ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডা. নূর ইসলাম, প্রিন্সিপাল, রংপুর মেডিকেল কলেজ; আবু মোঃ জাকিরুল ইসলাম, সিভিল সার্জন, রংপুর; মোঃ আখতারুজ্জামান, উপ-পরিচালক, মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর, রংপুর; ডা.ঋষিকেশ সরকার, ডিভিশনাল ম্যানেজার, প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশ, রংপুর; মোঃ রজব আলী, ম্যানেজার, কেয়ার বাংলাদেশ; মোঃ মতিউর রহমান, ডিএফ, ইউএনডিপি প্রমূখ।



বদরগঞ্জ উপজেলা ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সায়লা জেসমিন সাঈদ, প্রাথমিক শিক্ষা অফিসার, বদরগঞ্জ, রংপুর; বিশেষ অতিথি হিসেবে ছিলেন মোঃ আবু হেনা মোস্তফা কামাল, প্রাথমিক সহকারি শিক্ষা অফিসার, বদরগঞ্জ, রংপুর; মোঃ শামীম আকতার, প্রাথমিক সহকারি শিক্ষা অফিসার, বদরগঞ্জ, রংপুর।




কাউনিয়া উপজেলা প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বপন কুমার অধিকারী, উপজেলা শিক্ষা অফিসার; বিশেষ অতিথি হিসেবে ছিলেন, সহকারী শিক্ষা অফিসার, মোঃ আব্দুস সালাম ও মোঃ মোজাম্মেল হোসেন প্রমূখ।



পীরগঞ্জ উপজেলা ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহিলা ভাইস চেয়ারম্যান মোছাঃ রওশন আরা আলম (রীনা); বিশেষ অতিথি হিসেবে ছিলেন আনসার ও ভিডিপি কর্মকর্তা মোঃ শাহীন মিয়া ও উপজেলা এলজিইডি সহকারী প্রকৌশলী মোঃ আনোয়ার হোসেন।



তারাগঞ্জ উপজেলা প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা সমাজ সেবা অফিসার মোঃ শাহিনুর ইসলাম; বিশেষ অতিথি হিসেবে ছিলেন উপজেলা নির্বাচন অফিসার মোঃ মেরাজ হোসেন; উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার মোছাঃ হোসনে আরা বেগম ও উপজেলা সহকারী শিক্ষা অফিসার কাব্যশ্রী পাল।




গঙ্গাচড়া উপজেলায় ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারী উপজেলা শিক্ষা অফিসার আঞ্জুমান আরা বেগম, জয়তী চৌধুরী, এ.বি.এম. আসেকুল আহাদ ও মোছাঃ নাসরিন নাহার খানম।

# কুড়িগ্রাম জেলা




কুড়িগ্রাম সদর উপজেলা প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুড়িগ্রাম সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ আমিন আল পারভেজ; বিশেষ অতিথি হিসেবে ছিলেন এএফএম রুকুনুল ইসলাম; ডিস্ট্রিক ফ্যাসিলিটেটর, এবিসিবি ফেইজ-২ প্রজেক্ট, ইউএনডিপি-কুড়িগ্রাম; মোঃ আহম্মেদুল কবির আকন, জেলা ব্যবস্থাপক, ইউএনডিপি-স্বপ্ন ।



কুড়িগ্রাম জেলার সদর উপজেলায় ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন কুড়িগ্রাম সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ আমিন আল পারভেজ।




ফুলবাড়ী উপজেলা প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ হারুন-অর-রশিদ, চেয়ারম্যান, ফুলবাড়ি ইউনিয়ন পরিষদ, কুড়িগ্রাম।



রাজিবপুর উপজেলা প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ মেহেদী হাসান, ভারপ্রাপ্ত চেয়ারম্যান, উপজেলা পরিষদ; বিশেষ অতিথি হিসেবে মহিলা ভাইস চেয়ারম্যান বিলকিছ বেগম ও রাজিবপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মোঃ কামরুল আলম বাদল।




রৌমারী উপজেলা প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মো: কবির হোসেন, চেয়ারম্যান, বন্দবের ইউনিয়ন পরিষদ; বিশেষ অতিথি হিসেবে ছিলেন মোঃ মিজানুর রহমান, উপজেলা সমন্বয়কারী (আরডিআরএস 'বিবিএফজি' প্রকল্প) ও শ্রী জয় সেন, উপজেলা সমন্বয়কারী (ব্র্যাক 'যত্ন আইএসপিপি' প্রকল্প)।




উলিপুর উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান কার্যালয়ের সাথে সামঞ্জস্য রেখে কর্মসূচি পালিত হয়।




নাগেশ্বরী উপজেলা প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নাগেশ্বরী উপজেলার মহিলা বিষয়ক কর্মকর্তা জিন্নাত আরা ইয়াসমিন; বিশেষ অতিথি হিসেবে ছিলেন বল্লভেরখাস ইউনিয়ন চরবলরামপুর প্রান্তনিবাস উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক, সৈয়দ আলী।



ভূরুঙ্গামারী উপজেলা প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভূরুঙ্গামারী উপজেলার উপজেলা নির্বাহী অফিসার এস.এইচ.এম. মাগ্‌ফুরুল হাসান আব্বাসী।

## গাইবান্ধা জেলা



গাইবান্ধা সদর উপজেলা প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ শহীদ মিয়া, কাউন্সিলর, গাইবান্ধা পৌরসভা; বিশেষ অতিথি হিসেবে ছিলেন মোঃ শাহেদ আলী, ম্যানেজার, জনতা ব্যাংক লিঃ, গাইবান্ধা।



গাইবান্ধা সদর উপজেলা প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে অভ্যাগত অতিথিদের ফুলেল শুভেচ্ছা জানানো হচ্ছে।



সাদুল্লাপুর উপজেলা প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাদুল্লাপুর উপজেলার উপজেলা নির্বাহী অফিসার রহিমা খাতুন; বিশেষ অতিথি হিসেবে ছিলেন হাফিজার রহমান, প্রভাষক সাদুল্লাপুর ডিগ্রী কলেজ ও শহিদুল ইসলাম (নান্নু), প্রধান শিক্ষক, ভাঙ্গা মোড় বালিকা উচ্চ বিদ্যালয়।



সুন্দরগঞ্জ উপজেলা প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ সামিউল ইসলাম, কাউন্সিলর, সুন্দরগঞ্জ পৌরসভা; বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশিষ্ট ব্যবসায়ী, মোঃ বাদশা মিয়া।



গোবিন্দগঞ্জ উপজেলা প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডাঃ মোঃ মমিনুল ইসলাম, জিয়া মেডিকেল কলেজ, বগুড়া; বিশেষ অতিথি হিসেবে ছিলেন মোছাঃ গোলাপী বেগম, কাউন্সিলর, গোবিন্দগঞ্জ পৌরসভা।



পলাশবাড়ি উপজেলা প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ মেজবাউল হোসেন, উপজেলা নির্বাহী অফিসার, পলাশবাড়ি; বিশেষ অতিথি হিসেবে ছিলেন মোঃ আরিফ হোসেন, সহকারী কমিশনার (ভুমি), মোঃ আজিজুল ইসলাম, উপজেলা কৃষি কর্মকর্তা ও মোছাঃ জান্নাতুল ফেরদৌস, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা।

## নীলফামারী জেলা



ডিমলা উপজেলায় ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা মোঃ আফতাব উদ্দিন সরকার, মাননীয় সাংসদ নীলফামারী-০১; বিশেষ অতিথি হিসেবে ছিলেন নীরেন্দ্র নাথ রায় উপজেলা ভাইস চেয়ারম্যান ও মোঃ মফিজ উদ্দীন শেখ, অফিসার ইনচার্জ ডিমলা থানা।



ডোমার উপজেলায় ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ ডাবলু ইসলাম, মোঃ আক্তারুজ্জামান ও জনতা ব্যাংকের সহকারি ম্যানেজার মোঃ আজিজুল ইসলাম। এছাড়াও ইএসডিও'র বিভিন্ন শাখার শাখা ব্যবস্থাপক ও হিসাব রক্ষকগণ উপস্থিত ছিলেন।



নীলফামারী জেলার সদর উপজেলায় ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান সাইদ মাহমুদ; উপস্থিত ছিলেন নীলফামারী সদর থানার অফিসার ইনচার্জ মো: মমিনুল ইসলাম; উপজেলা ভাইস চেয়ারম্যান সান্তনা চক্রবর্তী, নীলফামারী পৌরসভা ৮নং ওয়ার্ড কাউন্সিলর মো: কলিম উদ্দীন ও ইএসডিও'র উন্নয়নকর্মীবৃন্দ।




নীলফামারী জেলার সদর উপজেলায় ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলার উপজেলা চেয়ারম্যান, সাইদ মাহমুদ; নীলফামারী সদর থানার অফিসার ইনচার্জ মো: মমিনুল ইসলাম; উপজেলা ভাইস চেয়ারম্যান সান্তনা চক্রবর্তী, নীলফামারী পৌরসভা ৮নং ওয়ার্ড কাউন্সিলর মো: কলিম উদ্দীন।

## লালমনিরহাট জেলা



লালমনিরহাট জেলার সদর উপজেলায় ইএসডিও'র ৩১ তম প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন লালমনিরহাট পৌরসভার মেয়র মোঃ রিয়াজুল ইসলাম রন্টু, উপস্থিত ছিলেন কামরুন নেছা ডিগ্রী কলেজের প্রভাষক মোঃ শহিদুল্লা।



কালিগঞ্জ উপজেলায় ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তুষভান্ডার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নূর ইসলাম আহম্মেদ; বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আমিনুল ইসলাম হেলাল, সভাপতি, কালীগঞ্জ প্রেস ক্লাব ও মোঃ মিজানুর রহমান, সহকারী অধ্যাপক, কালীগঞ্জ সরকারী কলেজ।



হাতীবান্ধা উপজেলায় ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন হাতীবান্ধা উপজেলার উপজেলা নির্বাহী কর্মকর্তা সামিউল আমিন; বিশেষ অতিথি হিসেবে ছিলেন উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা ডা. রমজান আলী; সিন্দূর্ণা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান নূরল আমিন।



হাতীবান্ধা উপজেলায় ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন ইউএনও সামিউল আমিন; এছাড়াও বক্তব্য রাখেন উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা ডা. রমজান আলী; সিন্দূর্ণা ইউপি চেয়ারম্যান নূরল আমিন; প.প. কর্মকর্তা খায়রুল ইসলাম, ইউএইও আবুল কালাম আজাদ ও একেএম তাজিবর রহমান, প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশ এর এম এম সাকির হোসেন।

## বগুড়া জেলা



বগুড়া সদর উপজেলা প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ আব্দুল হান্নান, সভাপতি, হাউজিং এস্টেট সমিতি, বগুড়া; বিশেষ অতিথি হিসেবে ছিলেন মোঃ শাখাওয়াৎ হোসেন, ভারপ্রাপ্ত কর্মকতা পুলিশ পরিদর্শক ও মোঃ জিলকদর রহমান, প্রধান শিক্ষক, আব্দল আজিজ হাইস্কুল, বগুড়া।



শেরপুর উপজেলা প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ জাহেদুল ইসলাম, প্রভাষক, চান্দাইকোনা ডিগ্রী কলেজ; বিশেষ অতিথি হিসেবে ছিলেন মোঃ জাহাঙ্গীর আলম, বিশিষ্ট ব্যবসায়ী।

# নাটোর জেলা



নাটোর জেলার সদর উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ আবু হাসান, সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট এবং বিশেষ অতিথি হিসেবে ছিলেন, কাজি জালাল উদ্দীন আহাম্মেদ, অফিসার ইনচার্জ, নাটোর সদর থানা।



নাটোর জেলার সদর উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্বোধনী অনুষ্ঠানে ইএসডিও'র উন্নয়নকর্মীবৃন্দ ও অভ্যাগত অতিথিবৃন্ধের জাতীয় সংগীতের মাধ্যমে জাতীয় পতাকা উত্তোলন করা হচ্ছে। পরে ইএসডিও'র দলীয় সংগীত গাওয়া হয়।




বনপাড়া উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ গাজী, বিশিষ্ট ব্যবসায়ী, বনপাড়া, উপজেলা, নাটোর।




গুরুদাসপুর উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে ছিলেন উপস্থিত মোঃ নারগিস আক্তার, ওয়ার্ড কাউন্সিলর, গুরুদাসপুর পৌরসভা, নাটোর।



নাটোর জেলার সিংড়া উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হয়েছে। প্রধান কার্যালয়ের সাথে সামঞ্জস্য রেখে বিপুল উৎসাহ উদ্দিপনার মধ্য দিয়ে ইএসডিও'র উন্নয়নকর্মীবৃন্দ এবং স্থানীয় এনজিও প্রতিনিধিবৃন্দের উপস্থিতিতে উদযাপন করা হয়।



বাগাতিপাড়া উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ রাশিদুল ইসলাম, বিশিষ্ট ব্যবসায়ী এবং বিশেষ অতিথি হিসেবে ছিলেন মোঃ জাকির হোসেন, বিশিষ্ট ব্যবসায়ী, বাগাতিপাড়া উপজেলা।

# সিরাজগঞ্জ জেলা



সিরাজগঞ্জ জেলার সদর উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হয়েছে। স্বপন কুমার কর্মকার- উপপরিচালক যুব উন্নয়ন অধিদপ্তর, সিরাজগঞ্জ প্রধান অতিথি এবং মোঃ আনোয়ার হোসেন, ডি এফ, ইউএনডিপি, এভিসিবি-২ প্রকল্প বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।



সিরাজগঞ্জ জেলার কাজিপুর উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আশরাফুল আলম, চেয়ারম্যান, গান্ধাইল ইউনিয়ন পরিষদ এবং বিশেষ অতিথি মোঃ সোহেল রানা, প্রাণী সম্পদ অফিসার, কাজিপুর, সিরাজগঞ্জ।



তাড়াশ উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আবু হাসান মির্জা, চেয়ারম্যান, মাধাইনগর ইউনিয়ন পরিষদ এবং বিশেষ অতিথি হিসেবে ছিলেন পলাশ কুমার, উপসহকারী কৃষি অফিসার, মাধাইনগর ইউনিয়ন পরিষদ।



বেলকুচি উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ আবু বক্কর সিদ্দিক, সিনিয়র অফিসার, সোনালী ব্যাংক লিঃ, বেলকুচি এবং বিশেষ অতিথি হিসেবে ছিলেন মোঃ মিজানুর রহমান, সমন্বয়কারী, এনজিও বিষয়ক, বেলকুচি।



রায়গঞ্জ উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ গোলাম সারোয়ার লিটন, চেয়্যারম্যান, ব্রহ্মগাছা ইউনিয়ন পরিষদ, রায়গঞ্জ এবং বিশেষ অতিথি হিসেবে ছিলেন মোঃ হাসান আলী, উপজেলা সমন্বয়কারী, গ্রাম আদালত, রায়গঞ্জ উপজেলা।



উল্লাপাড়া উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ আসলাম হোসেন, ভারপ্রাপ্ত কর্মকর্তা, উল্লাপাড়া থানা এবং বিশেষ অতিথি হিসেবে ছিলেন মোঃ আতিকুল ইসলাম, অধ্যক্ষ, উল্লাপাড়া কারিগরি কলেজ, উল্লাপাড়া।




সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ মোস্তাক আহম্মেদ, উপজেলা ভাইস চেয়্যারম্যান, শাহজাদপুর উপজেলা এবং বিশেষ অতিথি হিসেবে ছিলেন মোঃ আঃ কাদের সিদ্দিকী, মনিটরিং অফিসার, সিরাজগঞ্জ-নাটোর জোন।

## চাঁপাইনবাবগঞ্জ জেলা



চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলা প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ আঃ রাজ্জাক, উপ-সহকারী কৃষি কর্মকর্তা; বিশেষ অতিথি হিসেবে ছিলেন মোঃ আমিনুল হক, প্রভাষক, শাহমতুল্লাহ ডিগ্রি কলেজ ও মোঃ আনিসুল হক খান, সহকারী ব্যবস্থাপক মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।

## রাজশাহী জেলা




রাজশাহী সদর উপজেলা প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নুর মোহাম্মদ শাহ্রীয়ার কবীর, মাননীয় চেয়ারম্যান জেলা ও দায়রা জজ বিভাগীয় শ্রম আদালত রাজশাহী; বিশেষ অতিথি হিসেবে ছিলেন শশী আহমেদ, সহযোগী অধ্যাপক, রাজশাহী বিশ্ববিদ্যালয়; মোঃ মানিকুল ইসলাম, সহকারী অধ্যাপক, রাজশাহী বিশ্ববিদ্যালয় ও এম এ হান্নান, সহযোগী অধ্যাপক, সার্জারী বিভাগ, রাজশাহী মেডিকেল কলেজ।



পবা উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ আব্দুস সালাম, ইংরেজী প্রভাষক, ধোপাঘাট সরকারী ডিগ্রি কলেজ।




গোদাগাড়ী উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আব্দুর রহমান, ভারপ্রাপ্ত উপজেলা শিক্ষা অফিসার, গোদাগাড়ী।



মোহনপুর উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হয়েছে। এতে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ আবু সাঈদ, পিসি, উজ্জীবিত, শতফুল বাংলাদেশ ও মোঃ শহীদুল ইসলাম, প্রধান শিক্ষক, বাকশিমইল সরকারী প্রাথমিক বিদ্যালয়।



বাঘা উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ মোকাদ্দেস আলী, উপজেলা ভাইস চেয়ারম্যান; বিশেষ অতিথি হিসেবে ছিলেন মোঃ নুরুজ্জামান, প্রভাষক, আব্দুল গনি কলেজ; মোঃ পিন্টু, প্যানেল মেয়র, বাঘা পৌরসভা।



চারঘাট উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ নাজমুল হক বারী, বিশিষ্ট ব্যবসায়ী ও সমাজ সেবক; বিশেষ অতিথি হিসেবে ছিলেন মোঃ মিনারুল ইসলাম, অবসর প্রাপ্ত ব্যাংক কর্মকর্তা।



দূর্গাপুর উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে ছিলেন মোঃ বাদশা মিয়া, অধ্যাপক, দূর্গাপুর ডিগ্রী কলেজ; বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশিষ্ট ব্যবসায়ী মোঃ ইকরামুল হক।



বাগমারা উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ আব্দুস সাত্তার, প্রভাষক, মচমইল ডিগ্রী কলেজ এবং বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশিষ্ট ব্যবসায়ী মোঃ সাইদুর রহমান।




তানোর উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে ছিলেন ডাঃ মোঃ ফরমান আলী, মেডিকেল অফিসার, মাদারীপুর স্বাস্থ্য কমপ্লেক্স; বিশেষ অতিথি হিসেবে ছিলেন মোঃ ওমর আলী, কাউন্সিলর, মুন্ডুমালা পৌরসভা।




পুঠিয়া উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হয়েছে। ইএসডিও'র প্রধান কার্যালয়ের সাথে সমন্বয় করে উদ্বোধনী অনুষ্ঠানসহ অন্যান্য সূচি পালন করা হয়।

# নওগাঁ জেলা



নওগাঁ জেলার বদলগাছি উপজেলা প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মনোরঞ্জন পাল, মহিলা বিষয়ক কর্মকর্তা, বদলগাছি; বিশেষ অতিথি হিসেবে ছিলেন মো: হাছান আলী; উপজেলা কৃষি অফিসার, বদলগাছী, নওগাঁ।



মহাদেবপুর উপজেলা ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোছা: আসমা খাতুন, সহকারী কমিশনার (ভূমি), মহাদেবপুর; বিশেষ অতিথি হিসেবে ছিলেন মো: সাজ্জাদ হোসেন, অফিসার ইনচার্জ, মহাদেবপুর থানা ও মোছা: আমিনা খাতুন, মহিলা বিষয়ক কর্মকর্তা।



সাপাহার উপজেলা প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মো: সবুর আলী, সহকারী কমিশনার (ভূমি), সাপাহার; বিশেষ অতিথি হিসেবে ছিলেন ইবুন সাব্বির আহমেদ, যুব উন্নয়ন অফিসার, সাপাহার ও সুলতান মাহামুদ, মহিলা বিষয়ক কর্মকর্তা, সাপাহার।




পত্নীতলা উপজেলা প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রকাশ চন্দ্র সরকার, উপজেলা কৃষি অফিসার, পত্নীতলা; বিশেষ অতিথি হিসেবে ছিলেন সৈকত দাস, উপজেলা প্রকৌশলী; মো: জাহিদুর রহমান জাহিদ, উপজেলা নিবার্চন অফিসার।




নিয়ামতপুর উপজেলায় ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সেলিম উদ্দিন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকতা; বিশেষ অতিথি হিসেবে ছিলেন সাইদুর রহমান, সমাজ সেবা অফিসার; রুহুল আমিন সমবায় অফিসার; নিলুফা ইয়াসমিন, মহিলা বিষয়ক কর্মকতা ও শাহ আলম, মাধ্যমিক শিক্ষা অফিসার নিয়ামতপুর, নওগাঁ।




পোরশা উপজেলায় প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মো: মোসহাক আলী, মাধ্যমিক শিক্ষা অফিসার এবং বিশেষ অতিথি হিসেবে ছিলেন রেজাউল করিম, সমাজসেবা অফিসার পোরশা, নওগাঁ।

# পাবনা জেলা




পাবনা জেলার সদর উপজেলা প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রোকছানা মিতা, সহকারী কমিশনার (ভূমি),পাবনা; বিশেষ অতিথি হিসেবে ছিলেন মো: কামরুজ্জামান মৎস্য অফিসার, পাবনা সদর; মো: মাসুদ রানা, উপজেলা সমবায় অফিসার, পাবনা সদর।



পাবনা জেলার সদর উপজেলা প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে অভ্যাগত অতিথিবৃন্দের সাথে ইএসডিও'র উন্নয়নকর্মীবৃন্দ প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠান উদযাপন করছেন।



ভাঙ্গুড়া উপজেলায় প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মো: জাহিদুল ইসলাম, সমাজ সেবা কর্মকর্তা: বিশেষ অতিথি হিসেবে ছিলেন মো: সাইফুল আলম, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও হাসনাৎ জাহান, মহিলা বিষয়ক কর্মকর্তা, ভাঙ্গুড়া উপজেলা।



ফরিদপুর উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোছাঃ নাসরিন পারভীন (মুক্তি), মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ; বিশেষ অতিথি হিসেবে ছিলেন মো: কায়সার মোহাম্মদা রুহুল, সমবায় কর্মকর্তা; আরাফাত সানি খান , ইঞ্জিনিয়ার, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।



সুজানগর উপজেলায় প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রানুয়ারা খাতুন, সহকারী কমিশনার (ভূমি), সুজানগর উপজেলা, পাবনা; বিশেষ অতিথি হিসেবে ছিলেন শরিফুল ইসলাম, অফিসার ইনচার্জ, সুজানগর থানা ও মোছা: জান্নাতুল ফেরদৌস, মহিলা বিষয়ক কর্মকর্তা।



আটঘরিয়া উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাহফুজা সুলতানা, সহকারী কমিশনার (ভূমি), বিশেষ অতিথি হিসেবে ছিলেন মো: রেজাউল করিম, মৎস্য কর্মকর্তা ও এএসএম শাজাহান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আটঘরিয়া উপজেলা।

# জামালপুর জেলা



জামালপুর জেলার ইসলামপুর উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ আবু সুফিয়ান, অতিরিক্ত পুলিশ সুপার, ইসলামপুর; বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ সফিকুল ইসলাম, অধ্যক্ষ, মেলানদহ সরকারী কলেজ।




জামালপুর জেলার বকশিগঞ্জ উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকীর শোভাযাত্রা শেষে আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়।

# শেরপুর জেলা



শেরপুর জেলার ঝিনাইগাতী উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুহাম্মদ মোবাখখারুল ইসলাম মিজান, উপজেলা শিক্ষা অফিসার, ঝিনাইগাতী; রশিদা বেগম, উপজেলা সহকারী শিক্ষা অফিসার; মোঃ শাহরিয়ার পারভেজ, উপজেলা সহকারী শিক্ষা অফিসার; মোঃ নূরন্ নবী, উপজেলা সহকারী শিক্ষা অফিসার, ঝিনাইগাতী, শেরপুর।




শেরপুর জেলার নালিতাবাড়ী উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ফজিলাতুন নেছা, উপজেলা শিক্ষা অফিসার; মোঃ আতাউর রহমান, উপজেলা সহকারী শিক্ষা অফিসার, মোহাম্মদ সিদ্দিকুর রহমান, উপজেলা সহকারী শিক্ষা অফিসার, নালিতাবাড়ী, শেরপুর।

# নেত্রকোনা জেলা



নেত্রকোনা জেলার মোহনগঞ্জ উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোহনগঞ্জ উপজেলার উপজেলা শিক্ষা কর্মকর্তা বিনয় শর্মা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা শাহনাজ পারভীন, উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা ডাঃ মোঃ হযরত আলী।

# সিলেট জেলা



সিলেট জেলার গোয়াইনঘাট উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তাসলিমা বেগম এবং ইএসডিও'র উন্নয়নকর্মীবৃন্দ।

## ঢাকা জেলা



ইএসডিও ঢাকা অফিসে ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট নাট্য ব্যক্তিত্ব লিটু আনাম ও হৃদি হক; ইএসডিও'র সাধারণ পরিষদের সদস্য নাজমা আখতার ও ইঞ্জিনিয়ার মো: মনজুরুল ইসলাম এবং সুপ্রীম কোর্টের বিশিষ্ট আইনজীবী এ,এস,এম, মহিউদ্দিন আহমেদ।



ইএসডিও ঢাকা অফিসে ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইএসডিও'র সাধারণ পরিষদের সদস্য নাজমা আখতার ও ইঞ্জিনিয়ার মো: মনজুরুল ইসলাম, সুপ্রীম কোর্টের বিশিষ্ট আইনজীবী এ.এস, এম, মহিউদ্দিন আহমেদ; আরো উপস্থিত ছিলেন বিশিষ্ট নাট্য ব্যক্তিত্ব লিটু আনাম ও হৃদি হক।

## বরিশাল জেলা



বরিশাল জেলার সদর উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিসিক শিল্প নগরীর মালিক সমিতির সাধারণ সম্পাদক মোঃ তোফাজ্জেল হোসেন বাবুল; বিশেষ অতিথি হিসেবে ছিলেন কাটাদিয়া সঃ প্রাঃ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আবুল কালাম আজাদ।



বরিশাল জেলার মেহেন্দিগঞ্জ উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেন্দিগঞ্জ উপজেলার উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) মো:গোলাম রহমান শিকদার, উপস্থিত ছিলেন ইএসডিও উন্নয়নকর্মীবৃন্দ।



বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানটি প্রধান কার্যালয়ের সাথে সামঞ্জস্য রেখে ব্যাপক উৎপাহ উদ্দিপনার মাধ্যমে উদযাপন করা হয়।

## কক্সবাজার জেলা



কক্সবাজার জেলার উখিয়া উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠান ব্যাপক উৎসাহ উদ্দিপনা ও বিভিন্ন আয়োজনের মধ্য দিয়ে উদযাপিত হয়েছে। ইএসডিও'র উন্নয়নকর্মীবৃন্দ ছাড়াও বিভিন্ন সমমনা এনজিও'র কর্মীবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

# গোপালগঞ্জ জেলা



গোপালগঞ্জ জেলার সদর উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গোপালগঞ্জ জেলা সহকারি প্রাথমিক শিক্ষা অফিসার সুকুমার মৈত্র, উপস্থিত ছিলেন বিশিষ্ট সমাজসেবক কামাল হোসেন এবং জেলার সমমনা বিভিন্ন এনজিও প্রতিনিধি।




কাশিয়ানী উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কাশিয়ানী উপজেলা রিসোর্স সেন্টারের পরিদর্শক সুমাইয়া সুলতানা, উপস্থিত ছিলেন উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা, মোহাম্মদ মুহসীন মোল্লা, ওয়াহিদুর রহমান, বুলবুল আহম্মেদ, মুজাহিদুল বুলবুল এবং মনিরা খাতুন।



কোটালিপাড়া উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটালিপাড়া উপজেলার উপজেলা শিক্ষা কর্মকর্তা রুবাইয়া ইয়াসমীন; উপস্থিত ছিলেন উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা শেখ ইদ্রিস আলী, বিদ্যারতন বিশ্বাস, দীপঙ্কর বালা, মুন্সী মোহাম্মদ সহেল রানা, রঞ্জন কুমার বোস।



টুঙ্গিপাড়া উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন টুঙ্গিপাড়া পৌরসভার প্রকৌশলী ইউসুফ আলী, উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা রাম প্রসাদ সরকার ও দিনেশ চন্দ্র টিকাদার।

# খুলনা জেলা



খুলনা জেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা এম.এ. ওয়াদুদ, কাউন্সিলর ১১ নং ওয়ার্ড, খুলনা সিটি কর্পোরেশন; মোঃ মাসুদ আহমেদ, প্রোগ্রাম সুপারভাইজার, রস্ক ফেইজ-২ প্রকল্প, দীপক ব্যানার্জী, প্রোগ্রাম কো-অর্ডিনেটর, ইনসিডিন বাংলাদেশ।

# মুন্সিগঞ্জ জেলা




মুন্সিগঞ্জ জেলা লৌহজং উপজেলায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠান প্রধান কার্যালয়ের সাথে সামঞ্জস্য রেখে উদযাপিত হয়।

## বর্ণাঢ্য আয়োজনে ইএসডিও'র অষ্টম চৈত্র সংক্রান্তি পার্বণ উদযাপিত



বাংলা সন ১৪২৫ তার শেষ গান গেয়ে বিদায় নিবে। বিদায় নিবে আরও একটি বাংলা বছর। ১৪২৫ বঙ্গাব্দের শেষ দিন ৩০ চৈত্র। এই দিনটি ঋতুরাজ বসন্তেরও শেষ দিন, চৈত্র সংক্রান্তি। চৈত্র সংক্রান্তিকে বিদায় জানিয়ে আসবে নতুন বছর। নতুন দিনের বারতা নিয়ে আসবে বৈশাখ। আবহমানকাল থেকেই মানুষ নানা লোকাচার, উৎসব, অনুষ্ঠানের মধ্য দিয়ে চৈত্র সংক্রান্তি উৎসবটি পালন করে আসছে। আবহমান বাংলার এই চিরায়ত উৎসবকে ধারণ করে ইএসডিও অষ্টম বারের মত উদযাপন করলো চৈত্র সংক্রান্তি পার্বণ। এ উপলক্ষে ইএসডিও প্রধান কার্যালয়ের মুক্তির মন্দির সোপান তলে চত্বরে ইএসডিও-লোকায়ন জীববৈচিত্র্য জাদুঘর আয়োজন করে চৈত্র সংক্রান্তি উৎসবের। চৈত্র সংক্রান্তি উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন ইএসডিও'র পরিচালক (প্রশাসন) সেলিমা আখতার। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. কে এম কামরুজ্জামান সেলিম, জেলা প্রশাসক, ঠাকুরগাঁও। উপস্থিত ছিলেন মোঃ মনিরুজ্জামান, পুলিশ সুপার, ঠাকুরগাঁও; ড. মুহম্মদ শহীদ উজ জামান, নির্বাহী পরিচালক, ইএসডিও; ইএসডিও'র সাবেক চেয়ারম্যান সফিকুল ইসলাম; মোঃ মনসুর আলি, সভাপতি, ঠাকুরগাঁও প্রেসক্লাব। আলোচনায় অংশ নিয়ে প্রধান অতিথি ড. কে এম কামরুজ্জামান বলেন, আজ বছরের শেষ দিন। নতুন আশা, প্রত্যাশা আর সম্ভাবনার স্বপ্ন নিয়ে-পুরনো, মিথ্যা, গ্লানি মুছে ফেলতে হবে। আগে গ্রামে চৈত্র সংক্রান্তি অনুষ্ঠান দেখতাম। দিন দিন এসব আয়োজন হারিয়ে যাচ্ছে। পুরনো দিনের না পাওয়ার আকুলতা নতুন বছরে পূরণ করার তাগিদ মনে আনতে হবে। পুলিশ সুপার মোঃ মনিরুজ্জামান তাঁর বক্তব্যে বলেন, আগে গ্রামাঞ্চলে দেখতাম চৈত্র সংক্রান্তি অনুষ্ঠান। এসব আমাদের বাঙ্গালিয়ানার পুরনো ঐতিহ্য। এসব অনুষ্ঠান দেখতে বাবার পিছে পিছে ঘুরতাম। আজ এ অনুষ্ঠান দেখে শৈশবের কথা মনে পড়ে গেল। তিনি এ ধরনের অনুষ্ঠান ধরে রাখার জন্য ইএসডিওকে অনুরোধ জানান। ইএসডিও'র নির্বাহী পরিচালক ড. শহীদ উজ জামান বলেন, ইএসডিও সবসময় বাঙ্গালিয়ানার সংস্কৃতিকে ধরে রাখার চেষ্টা করে। এ প্রচেষ্টা অব্যাহত থাকবে। গ্রামাঞ্চলের সেই হারিয়ে যাওয়া খাবার নতুন প্রজন্মের কাছে তুলে ধরার প্রচেষ্টা, না হলে মানুষ এক সময় আমাদের সব ঐতিহ্য ভুলে যাবে। এসব বিষয়ে সকলকে এগিয়ে আসার আহবান জানান তিনি। সভাপতির বক্তব্যে ইএসডিও'র পরিচালক (প্রশাসন) সেলিমা আখতার বলেন, নতুন দিন, নতুন বছর হয়ে আসুক সম্ভাবনার। সকলের জন্য বয়ে আনুক কল্যাণময় দিন-বছর। দূর হয়ে যাক সকল অমঙ্গল। পরে চৈত্র সংক্রান্তিতে গ্রাম বাংলার ঐতিহ্যগত হারিয়ে যাওয়া খাবার গুলি উপস্থিতদের মাঝে পরিবেশন করা হয়। পরিবেশিত উল্লেখযোগ্য খাবারগুলো হলো- ছাতু, নারিকেলের নাড়ু, নিমপাতা ভাজা, সজনা পাতা ভাজা, নালী গুড়, কাউনের পায়েশ, বাতাসা, চাল কুমড়োর মোরব্বা, সিদল ভর্তা, তেতুঁল টক, মুড়ি, চিড়া, দই, মিষ্টি, ক্ষীর, বিচিকলা, মিষ্টি আলু সহ প্রায় ৩৫ ধরনের খাবার।

## কল্যাণ আর নতুনের আহ্বানে ইকো পাঠশালা এন্ড কলেজের বর্ষবরণ উদযাপন




পহেলা বৈশাখ বঙ্গাব্দের প্রথম দিন তথা বাংলা নববর্ষ। দিনটি সকল বাঙালী জাতির ঐতিহ্যবাহী বর্ষবরণের দিন। দিনটি বাংলাদেশে নববর্ষ হিসেবে আবহমানকাল থেকেই উৎসবের সাথে পালিত হয়ে আসছে। সে হিসেবে এটি বাঙালীদের একটি সার্বজনীন উৎসব হিসেবে বিবেচিত। এ দিন উৎসবে মেতে ওঠে পুরো দেশ। দিনটিকে বরণীয় করে রাখতে ইকো পাঠশালা এন্ড কলেজ আনন্দঘন পরিবেশে উদযাপন করলো বর্ষবরণ ১৪২৬। এ উপলক্ষে ইকো পাঠশালা এন্ড কলেজ আয়োজন করে বর্ণাঢ্য মঙ্গল শোভাযাত্রা। প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা নানা রকমের বাহারী সাজে আর বাঙালী সংস্কৃতির বিভিন্ন চিত্রকর্ম হাতে নিয়ে এবং রং-বেরংয়ের মুখোশ পরে মঙ্গল শোভাযাত্রায় অংশ নেয়। মঙ্গল শোভাযাত্রায় অংশ নেন ইকো পাঠশালা এন্ড কলেজের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ও ইএসডিও'র নির্বাহী পরিচালক ড. মুহম্মদ শহীদ উজ জামান এবং ইকো পাঠশালা এন্ড কলেজের অধ্যক্ষ সেলিমা আখতার সহ প্রতিষ্ঠানের সকল শিক্ষকমন্ডলী ও শিক্ষার্থী। মঙ্গল শোভাযাত্রা শেষে পাঠশালা চত্বরে অনুষ্ঠিত হয় আলোচনা সভা ও মনমাতানো সাংস্কৃতিক অনুষ্ঠান।



# আনন্দ সুন্দর ভবিষ্যৎ নির্মানের প্রত্যয়ে ঠাকুরগাঁওয়ে বর্ষবরণ করলো ইএসডিও প্রোমোট প্রকল্প




নববর্ষ বাঙ্গালি ঐতিহ্যের ধারক। বাংলা নববর্ষের প্রথম দিন পহেলা বৈশাখ। পহেলা বৈশাখ বাঙালীর জীবনে বয়ে আনে অভিন্ন জাতীয়তার চেতনা। এই একটি মাত্র উৎসবেই বাংলার মানুষ অভিন্ন সাংস্কৃতিক চেতনায় অনুপ্রাণিত হয়ে উৎসবে যোগ দেয়। পহেলা বৈশাখ বা বাংলা নববর্ষ উদযাপন বাঙালী সংস্কৃতির একটি অনিবার্য অংশ। তাই বর্ষবরণ বাঙ্গালি জাতির এখন একটি জাতীয় উৎসবের স্বীকৃতি নিয়েছে। ঐতিহ্যগত ভাবেই ইএসডিও পরিবার নতুন বছরকে বরণ করে আনন্দঘন পরিবেশে। প্রতিবারের ন্যায় এবারেও তাই সবাই মিলে একটি আনন্দ সুন্দর ভবিষ্যৎ নির্মানের দৃঢ় প্রত্যয় নিয়ে উৎসবের আমেজে নতুন বছরকে বরণ করে নিল ইএসডিও। বর্ষবরণ উপলক্ষে ইএসডিও প্রোমোট প্রকল্প আয়োজন করে যুবদের মঙ্গল শোভাযাত্রা, আলোচনাসভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান। মানুষের জন্য ফাউন্ডেশন (এমজেএফ)'র সহায়তায় ইএসডিও-প্রোটেকশন মোটিভেশন এন্ড ইম্পাওয়ারমেন্ট অব ডিজএ্যাডভান্টেজ ইয়ুথ অব নর্থ ওয়েষ্টার্ণ বাংলাদেশ (প্রোমোট) প্রকল্পের আওতায় বর্ষবরণ অনুষ্ঠানের মঙ্গল শোভাযাত্রার শুভ উদ্বোধন করেন ইএসডিও'র নির্বাহী পরিচালক ড. মুহম্মদ শহীদ উজ জামান ও পরিচালক (প্রশাসন) সেলিমা আখতার। মঙ্গল শোভাযাত্রাটি ইএসডিও প্রধান কার্যালয় হতে বের হয়ে জেলা প্রশাসনের মঙ্গল শোভাযাত্রায় যুক্ত হলে ঠাকুরগাঁও জেলা প্রশাসক ড.কেএম কামরুজ্জামান সেলিম তাঁর অনুভূতি প্রকাশ করতে গিয়ে বলেন, যুবদের নিয়ে এমন ভাবনার জন্য দাতাগোষ্ঠী সহ ইএসডিওকে ধন্যবাদ জানাই। যুবদের সঠিক কর্মে সম্পৃক্তকরণ এবং দেশ ও জাতির উন্নয়নে তাদের ভূমিকায় জেলা প্রশাসনের সার্বিক সহযোগিতা অব্যাহত থাকবে।

উল্লেখ্য যে মঙ্গল শোভাযাত্রায় অংশ নেয় প্রোমোট প্রকল্পের ঠাকুরগাঁও সদর উপজেলার যুবরা এবং ইএসডিও'র উন্নয়নকর্মী ও ইআইটি'র প্রশিক্ষণার্থীরা। মঙ্গল শোভাযাত্রাটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে প্রধান কার্যালয়ে এসে শেষ হলে শুরু হয় প্রধান কার্যালয়ের মেধা অনুশীলন কেন্দ্রে আলোচনা সভা। আলোচনায় অংশগ্রহণ করেন ইএসডিও'র নির্বাহী পরিচালক ও পরিচালক (প্রশাসন)। আলোচনা সভা শেষে প্রোমোট প্রকল্পভূক্ত যুবদের পরিবেশনায় অনুষ্ঠিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। প্রকাশ যে ইএসডিও-প্রোমোট প্রকল্পের আয়োজনে ঠাকুরগাঁও জেলার পীরগঞ্জ, বালিয়াডাঙ্গী, রাণীশংকৈল ও হরিপুর উপজেলাতেও অনুরূপ কর্মসূচী পালিত হয়। বর্ষবরণ অনুষ্ঠানের চার উপজেলাতেই সাবেক সংসদ সদস্য, উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, পৌরসভার মেয়র ও যুব উন্নয়ন অফিসারগণ উপস্থিত ছিলেন।

# বৈশাখী উৎসবে মাতিয়ে দিল ইএসডিও প্রেমদীপ প্রকল্পের আদিবাসী ও প্রোমোট প্রকল্পের যুবরা




পীরগঞ্জ উপজেলায় ইএসডিও প্রেমদীপ প্রকল্প ও প্রোমোট প্রকল্পের সহযোগিতায় এবং উপজেলা প্রশাসনের আয়োজনে পিছিয়ে পড়া আদিবাসী জনগোষ্ঠীর সাথে মূল স্রোতধারার মানুষের একিভূত হওয়ার সুযোগ ও আদিবাসী নারী-পুরুষ-শিশু-কিশোর-কিশোরীরা বাংলার ঐতিহ্যকে লালন করার প্রত্যয়ে সারাদেশের সাথে তাল মিলিয়ে বর্ষবরণ উৎসবে মেতে উঠেছিল। দিবসটিতে সকাল সাড়ে নয়টায় উপজেলা প্রশাসনের সাথে যৌথ ভাবে বর্ষবরণ ১৪২৬ উপলক্ষে আনন্দ শোভাযাত্রায় আদিবাসী ও দলিত নারী-পুরুষ-কিশোর-কিশোরী সহ প্রোমোট প্রকল্পের যুবরা মাথায় গামছা বেঁধে বাহারী সাজ সেজে অংশ নেয়। আনন্দ শোভাযাত্রা শেষে আলোচনা সভায় উপজেলা নির্বাহী অফিসার এ. ডব্লিউ. এম রায়হান শাহ এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক জাতীয় সংসদ সদস্য মোঃ ইমদাদুল হক; বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান মোঃ জিয়াউল ইসলাম জিয়া; নব নির্বাচিত উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব মোঃ আখতারুল ইসলাম; পীরগঞ্জ পৌরসভার মেয়র মোঃ কশিরুল আলম। আলোচনা সভা শেষে সকলে বাঙালীয়ানা পান্তা ভাতের আয়োজনে মিলিত হয়। শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানে আদিবাসীদের নৃত্য পরিবেশিত হয়। দ্বিতীয়ার্ধে বিকেল তিনটায় বৈরচুনা দ্বিমূখী উচ্চ বিদ্যালয়ের মাঠে এলাকার সকল শ্রেণি পেশার মানুষের অংশগ্রহণে ক্রীড়া প্রতিযোগিতা, আলোচনা সভা ও পুরস্কার বিতরণীর আয়োজন করা হয়। উক্ত ক্রীড়া প্রতিযোগিতায় শিশু, কিশোর-কিশোরী ও নারী- পুরুষের মোট ১৪টি ইভেন্টে খেলার আয়োজন করা হয়। খেলায় ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীকে পুরস্কৃত করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বৈরচুনা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও বৈরচুনা দ্বি-মূখী উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি মোঃ সাহেজউদ্দীন আহম্মেদ; বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ জহুরুল ইসলাম; বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক মোঃ আমিনুল ইসলাম চৌধুরী ও অন্যান্য শিক্ষকবৃন্দ। আরো উপস্থিত ছিলেন পীরগঞ্জ উপজেলা দলিত ও আদিবাসী উন্নয়ন ফোরামের সাধারণ সম্পাদক বিন্জু মুর্মু, ভিডিসির সভাপতি জিহিশাই হেমরম, শেরিনা মুর্মু, ইএসডিও প্রেমদীপ প্রকল্পের উপজেলা ম্যানেজার মোঃ ওয়ালিউর রহমান, টেকনিক্যাল ম্যানেজার মোঃ রওশন জামাল চৌধুরী এবং প্রকল্পের কমিউনিটি ফ্যাসিলিটেটরগণ। আলোচনা সভায় বক্তারা বলেন, ইএসডিও প্রেমদীপ প্রকল্প বৈশাখের আনন্দ প্রত্যন্ত গ্রাম এলাকায় ছড়িয়ে দেয়ার জন্য যে কাজটি করছে তা অবশ্যই প্রশংসার দাবীদার। বিভিন্ন কাজের পাশাপাশি দিবস উদ্‌যাপন একটি ব্যতিক্রমধর্মী কাজ। এই দিবস উদ্‌যাপনের ফলে এলাকার যুব সমাজকে একত্রিত করে সন্ত্রাস, জঙ্গীবাদ, মাদক ও বাল্য বিবাহ রোধ করা সম্ভব হবে এবং আদিবাসী জনগোষ্ঠী সমাজের মূলস্রোতধারার সাথে একীভূত হওয়ার সুযোগ সৃষ্টি হবে। বাংলা নববর্ষের আনন্দ প্রত্যন্ত গ্রামাঞ্চলে পৌঁছে দেয়ার ফলে এলাকার হিন্দু, মুসলিম ও আদিবাসীদের মধ্যে এক মিলন মেলার সৃষ্টি হবে এবং আদিবাসীদের সাথে সমাজের মূলস্রোতধারার মানুষের সামাজিক সম্পৃক্ততা বৃদ্ধি পাবে।

# ইএসডিও প্রেমদীপ প্রকল্পের বাংলা নববর্ষ ১৪২৬ উদযাপন




## বোচাগঞ্জ উপজেলা

নানাবিধ অনুষ্ঠানমালার মধ্যদিয়ে ইএসডিও প্রেমদীপ প্রকল্প বোচাগঞ্জ উপজেলায় বাংলা নববর্ষকে বরণ করলো। সকাল ১০ টায় বোচাগঞ্জ উপজেলা পরিষদ হতে মঙ্গল শোভাযাত্রা বের হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে সেতাবগঞ্জ সরকারী পাইলট মডেল উচ্চ বিদ্যালয় মাঠে শেষ হয়। শোভাযাত্রায় বোচাগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার মোঃ ফকরুল হাসান, বাংলাদেশ আওয়ামী লীগ বোচাগঞ্জ শাখার সভাপতি মোঃ সৈয়দ আলী, সাধারণ সম্পাদক মোঃ আশরাফ আলী, সাংগঠনিক সম্পাদক মোঃ আফছার আলী, ৩নং মুর্শিদহাট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মোঃ জাফরুল্লাহ, বোচাগঞ্জ বালিকা মডেল উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব বিশ্বনাথ রায়, প্রেমদীপ প্রকল্পের মুর্শিদহাট দলিতপাড়া, মুশিদহাট ফার্মপাড়া, কলেজপাড়া, মাদ্রাসাপাড়া, বিহাগাঁও ও সুবিদহাট কমিউনিটির পিওওসি ও প্রেমদীপ প্রকল্পের উন্নয়ন কর্মীবৃন্দ অংশ নেন। শেষে সেতাবগঞ্জ সরকারি পাইলট মডেল উচ্চ বিদ্যালয় মাঠে দলিত ও আদিবাসী পিওওসিদের জন্য ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়। ক্রীড়া প্রতিযোগিতা শেষে পুরস্কার বিতরণ করা হয়। পুরস্কার বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সেতাবগঞ্জ সরকারি পাইলট মডেল উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব বিশ্বনাথ রায়।

## রাণীশংকৈল উপজেলা

ঠাকুরগাঁও'র রাণীশংকৈল উপজেলা প্রশাসনের আয়োজনে মঙ্গল শোভাযাত্রা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে ইএসডিও প্রেমদীপ প্রকল্প অংশগ্রহণ করে। শোভাযাত্রাটি ইএসডিও উপজেলা কার্যালয় থেকে বের হয়ে উপজেলা প্রশাসনের সাথে মঙ্গল শোভাযাত্রায় যুক্ত হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে রাণীশংকৈল ডিগ্রি কলেজ মাঠে মিলিত হয়। পরে সাংস্কৃতিক অনুষ্ঠানে আদিবাসি ছেলে-মেয়েরা নৃত্য এবং বিভিন্ন সংগঠন তাদের সংগীত পরিবেশন করেন। অনুষ্ঠান শেষে বাঙ্গালীর ঐতিহ্যবাহী খাবার পান্তাভাত পরিবেশন করা হয়। মঙ্গল শোভাযাত্রা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মোঃ ইয়াসিন আলী, সাবেক সংসদ সদস্য ঠাকুরগাও -৩; মোঃ আইনুল হক, সাবেক উপজেলা পরিষদ চেয়ারম্যান রাণীশংকৈল; মোঃ শাহরিয়ার আজম মুন্না, নব নির্বাচিত উপজেলা পরিষদ চেয়ারম্যান, রাণীশংকৈল; মোঃ আলমগীর সরকার, মেয়র, রাণীশংকৈল পৌরসভা; সোহাগ চন্দ্র সাহা, সহকারী কমিশনার (ভূমি), রাণীশংকৈল; মোঃ সোহেল রানা, নব নির্বাচিত ভাইস চেয়ারম্যান ও মোছাঃ শেফালী বেগম, নব নির্বাচিত মহিলা ভাইস চেয়ারম্যান; মোঃ আঃ মান্নান, অফিসার ইনচার্জ, রাণীশংকৈল থানা; মোঃ আলী শাহরিয়ার, মাধ্যমিক শিক্ষা অফিসার, রাণীশংকৈল; আবিদা সুলতানা, মহিলা বিষয়ক কর্মকর্তা, রাণীশংকৈল; এস এম রফিকুল ইসলাম, উপজেলা সমাজ সেবা অফিসার,




রাণীশংকৈল; মোঃ জাহাঙ্গীর আলম, সভাপতি, উপজেলা প্লাটফর্ম; মোঃ তাজুল ইসলাম, অধ্যক্ষ, রাণীশংকৈল ডিগ্রি কলেজ এবং ইএসডিও'র উন্নয়ন কর্মীগণ। সভাপতিত্ব করেন মৌসুমী আফরিদা, উপজেলা নির্বাহী অফিসার, রাণীশংকৈল, ঠাকুরগাঁও ।

## পীরগঞ্জ উপজেলা




পীরগঞ্জ উপজেলায় ইএসডিও প্রেমদীপ প্রকল্প উপজেলা প্রশাসনের আয়োজনে পিছিয়ে পড়া আদিবাসী জনগোষ্ঠীর সাথে মূল স্রোতধারার মানুষের একিভূত হওয়ার সুযোগ ও আদিবাসী নারী-পুরুষ-শিশু-কিশোর-কিশোরীরা বাংলার ঐতিহ্যকে লালন করার প্রত্যয়ে বর্ষবরণ উৎসবে মেতে উঠেছিল। আনন্দ শোভাযাত্রা শেষে আলোচনা সভায় উপজেলা নির্বাহী অফিসার এ. ডব্লিউ. এম রায়হান শাহ এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক জাতীয় সংসদ সদস্য মোঃ ইমদাদুল হক; বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান মোঃ জিয়াউল ইসলাম জিয়া; নব নির্বাচিত উপজেলা চেয়ারম্যান আলহাজ মোঃ আখতারুল ইসলাম; পীরগঞ্জ পৌরসভার মেয়র মোঃ কশিরুল আলম।

# ভাতগাঁ ও মাদারগঞ্জ কমিউনিটির অন্য রকম একটি দিন

হালের বাংলা সংস্কৃতিতে পহেলা বৈশাখ বাংলাদেশে অ-সাম্প্রদায়িক সার্বজনীন উৎসবে পরিণত হয়েছে । ধনী-গরীব নির্বিশেষে বাংলা বর্ষবরণ সকলের প্রাণের উৎসব। আর এই উৎসবের মূল অনুষঙ্গ পান্তা ইলিশ। পান্তা ইলিশ না খেলে যেন এই উৎসব অ-সম্পূর্ণ থেকে যায়। কিন্তু ইলিশের আকাশ ছোঁয়া মূল্যের কারনে পান্তার জোগাড় থাকলেও ইলিশ কেনার সাধ্য হয়না অনেকের। ইএসডিও-প্রেমদীপ প্রকল্পের আদিবাসী ও দলিত সম্প্রদায়ের মানুষের সাথে মূল সমাজের মানুষের সম্প্রীতি, সৌহার্দ্য ও

*বাকী অংশ ২৪ পৃষ্ঠায়*

# ভাতগাঁ ও মাদারগঞ্জ

*২৩ পৃষ্ঠার পর*

মেলবন্ধন তৈরী করার লক্ষে ঠাকুরগাঁও সদর উপজেলায় আউলিয়াপুর ইউনিয়নের ভাতগাঁও ও মাদারগঞ্জ কমিউনিটিতে আদিবাসী ও বাঙালীদের বর্ষবরণ উৎসব আয়োজনকালে সেই কমিউনিটির আদিবাসীদের আকাশ ছোঁয়া মূল্যে ইলিশ কিনতে না পারা। শেষে তারা ইলিশ মাছ খাওয়ার সাধের কথা জানান ইএসডিওর নির্বাহী পরিচালক ড. মুহম্মদ শহীদ উজ জামানের কাছে। যেমনি আবদার তেমনি কাজ। আদিবাসীদের বন্ধু ড. মুহম্মদ শহীদ উজ জামান সেই আবদারের ভিত্তিতে ভাতগাঁও ও মাদারগঞ্জ গ্রামের আদিবাসীদের বর্ষবরণ উৎসবে পান্তার সাথে খাওয়ার জন্য ১৩ কেজি ইলিশ মাছ উপহার দেন। সেই মাছ পেয়ে আদিবাসীরা অত্যন্ত আনন্দিত এবং তাদের ইলিশ মাছ খাওয়ার সাধ পূরণ হয়। তাঁরা ইএসডিওর নির্বাহী পরিচালককে অন্তরের অন্তস্থল থেকে কৃতজ্ঞতা প্রকাশ করেন। আউলিয়াপুর ইউনিয়নের আদিবাসীদের একটি অন্যরকম দিন বাংলা বর্ষবরণ অনুষ্ঠান।



কমিউনিটিতে ইএসডিও প্রেমদীপ প্রকল্পের উদ্যোগে পান্তা ইলিশ খাওয়ার আয়োজনের পাশাপাশি আয়োজন করা হয় আদিবাসীদের ও বাঙালীদের সমন্বয়ে খেলাধুলা ও সাংস্কৃতিক অনুষ্ঠান। ভাতগাঁও গ্রাম উন্নয়ন কমিটির সভাপতি কলম্বাস মিন্জ এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আউলিয়াপুর ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান মোঃ আতিকুর রহমান। চেয়ারম্যান তীরধনুক খেলা নিক্ষেপে প্রথম এবং দ্বিতীয় স্থান অধিকারীদের মাঝে ১০০০ টাকা পুরস্কার প্রদান করেন। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন প্রেমদীপ প্রকল্পের টেকনিক্যাল ম্যানেজার মোঃ শাহিন, মোছাঃ সামসুৎ তাবরীজ, উপজেলা ম্যানেজার ঝর্ণা বেগম এবং প্রেমদীপ প্রকল্পের উন্নয়ন কর্মীবৃন্দ । বিভিন্ন খেলাধুলার পুরস্কার গ্রহণ ও পান্তা ইলিশ খাওয়ার মধ্য দিয়ে আদিবাসী কমিউনিটির মানুষগুলো অতিবাহিত করলো অন্যরকম একটি দিন, বরণ করল বাংলা নতুন বছর ১৪২৬ ।

# মানুষের জন্য ফাউন্ডেশন (এমজেএফ)'র সহায়তায় ইএসডিও প্রোমোট প্রকল্পের স্টাফ ক্যাপাসিটি ডেভলপমেন্ট ট্রেনিং অনুষ্ঠিত

গত ১৫ ও ১৬ এপ্রিল ইএসডিও প্রধান কার্যালয়ের বোর্ডরুমে মানুষের জন্য ফাউন্ডেশন (এমজেএফ)'র সহায়তায় ইএসডিও প্রোমোট প্রকল্পের স্টাফ ক্যাপাসিটি ডেভলপমেন্ট ট্রেনিং অনুষ্ঠিত হয়। দুই দিন ব্যাপী এ প্রশিক্ষণের উদ্বোধন করেন ইএসডিও'র নির্বাহী পরিচালক ড. মুহম্মদ শহীদ উজ জামান। উদ্বোধনী বক্তব্যে তিনি এই প্রোগ্রামের কাজ কি? কিভাবে এর বাস্তবায়ন করতে হবে এ সম্পর্কে বিস্তারিত ধারণা দেন। প্রশিক্ষণের আলোচনার বিষয়বস্তু ছিল কর্মীদের জব ডেসক্রিপশন, রিপোর্টিং, মনিটোরিং, ইএসডিও'র বিভিন্ন পলিসি (মানব সম্পদ, শিশু সুরক্ষা, জেন্ডার), আর্থিক ব্যবস্থাপনা, আভ্যন্তরিন নিয়ন্ত্রণ, ক্রয়, ভ্যাট, ট্যাক্স, পিআইপি রিভিউ এবং সবশেষে একটি এ্যাকশন প্ল্যান তৈরী করা হয়। এ সময় আরও উপস্থিত ছিলেন যামিনী কুমার রায়,প্রোগ্রাম কো-অর্ডিনেটর; আবুল মনসুর সরকার, এপিসি (এইচআর); সন্তোষ কুমার তিগ্যা, সিনিয়র কো-অর্ডিনেটর; মোঃ মশিউর রহমান, ফোকাল পার্সন; মোঃ তোফাজ্জল হোসেন, ফিল্ড ফোকাল, প্রোমোট প্রকল্প।




সকল অংশগ্রহণকারী গুরুত্ব সহকারে প্রশিক্ষণটি গ্রহণ করেছে। ফলে প্রকল্পের কাজের মান, গতি, শৃংখলা সহ প্রয়োজনীয় বিষয়ে কর্মীদের কাজের দক্ষতা, অভিজ্ঞতা অনেকাংশে বৃদ্ধি পেয়েছে- যা অত্র প্রকল্পের কাজ সুচারু এবং সুষ্ঠুভাবে সম্পাদনে কাজে আসবে।

# পিকেএসএফ'র সহায়তায় ইএসডিও'র উদ্যোগে শিক্ষা বৃত্তি প্রদান



পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)'র শিক্ষা বৃত্তি কার্যক্রমের আওতায় ইকো সোশ্যাল ডেভলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও)'র উদ্যোগে উচ্চ মাধ্যমিক পর্যায়ে দরিদ্র-মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা বৃত্তি আড়ম্বরপূর্ণ আনুষ্ঠানিকতায় প্রদান করা হয়। এ উপলক্ষে ২৭ এপ্রিল সংস্থার প্রধান কার্যালয়ের মেধা অনুশীলন কেন্দ্রে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে ইএসডিও'র নির্বাহী পরিচালক ড. মুহম্মদ শহীদ উজ জামান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. কেএম কামরুজ্জামান সেলিম, জেলা প্রশাসক, ঠাকুরগাঁও; বিশেষ অতিথি হিসেবে ছিলেন খন্দকার মোঃ আলাউদ্দীন আল আজাদ, জেলা শিক্ষা অফিসার, ঠাকুরগাঁও; সেলিমা আখতার, অধ্যক্ষ, ইকো পাঠশালা এন্ড কলেজ। এ সময় আরও উপস্থিত ছিলেন মোঃ মনসুর আলী, সভাপতি, প্রেস

*বাকী অংশ ৩৩ পৃষ্ঠা*

# দাতা সংস্থার প্রতিনিধি কর্তৃক কার্যক্রম পরিদর্শন

## স্কুল ফিডিং কর্মসূচির প্রকল্প পরিচালকের ইএসডিও'র কার্যক্রম পরিদর্শন



গত ২৭ এপ্রিল দিনাজপুর জেলার ফুলবাড়ি উপজেলার চকচকা ও দক্ষিণ বাসুদেবপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় দু'টি পরিদর্শন করেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব ও দারিদ্র পীড়িত এলাকায় স্কুল ফিডিং কর্মসূচির প্রকল্প পরিচালক মোঃ রুহুল আমিন খান এবং সহকারী প্রকল্প পরিচালক মোঃ আব্দুল মান্নান। পরিদর্শনের সময় সঙ্গে ছিলেন ফুলবাড়ি উপজেলা নির্বাহী অফিসার মোঃ আব্দুস সালাম চৌধুরী, ফুলবাড়ি উপজেলা শিক্ষা অফিসার মোসাম্মৎ হাছিনা ভুঁইয়া, সহকারী উপজেলা শিক্ষা অফিসার মোঃ আতিকুর রহমান ও মোঃ রেজাউল করীম এবং ইএসডিও'র প্রোগ্রাম কো-অর্ডিনেটর ও প্রকল্প ফোকাল পার্সন যামিনী কুমার রায়। স্কুল পরিদর্শন শেষে প্রকল্প পরিচালক ও সহকারী প্রকল্প পরিচালক মহোদয়গণ এনজিও ওয়্যারহাউজও পরিদর্শন করেন। পরিদর্শন শেষে প্রকল্প পরিচালক মহোদয় আগামী জুলাই মাস থেকে ফুলবাড়ি উপজেলার স্কুলগুলোতে মিড-ডে মিল চালু করার ঘোষণা দিয়েছেন।

## ইএসডিও জানো প্রকল্পের কার্যক্রম পরিদর্শন



ইএসডিও- Join Action For Nutrition Outcome (JANO) প্রকল্পের কার্যক্রম রংপুর জেলার তারাগঞ্জ, কাউনিয়া, গঙ্গাচড়া উপজেলা এবং নীলফামারী জেলার নীলফামারী সদর, ডোমার, জলঢাকা ও কিশোরগঞ্জ উপজেলায় বাস্তবায়ন করছে। গত ৪এপ্রিল প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশের হেড অব হেলথ ডাঃ ইখতিয়ার উদ্দীন খন্দকার, রংপুর জেলার ইএসডিও- জানো প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেন। পরিদর্শনের সময় তিনি রংপুর বিভাগের বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য); উপ-পরিচালক, মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর; উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর সাথে মতবিনিময় করেন। এ সময় তিনি কাউনিয়া উপজেলার কুর্শা প্রাথমিক বিদ্যালয় ও কুর্শা দ্বি-মূখী উচ্চ বিদ্যালয় পরিদর্শন করেন।

কার্যক্রম পরিদর্শন শেষে তিনি জানো প্রকল্পের উন্নয়নকর্মীদের সাথে ইএসডিও সিলভার জুবিলি ভবনে মতবিনিময় করেন। পরিদর্শনের সময় ডাঃ এফএম মাহবুবুল আলম, জানো প্রকল্প, প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশ; হারজিনা জোহরা, নিউট্রিশন বিশেষজ্ঞ, লোকাল নিউট্রিশন গভর্নেন্স, জানো প্রকল্প, প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশ উপস্থিত ছিলেন। আরও উপস্থিত ছিলেন আবু আযম নুর, এ্যাডভাইজার, ইএসডিও; মারূফ আহমেদ, প্রজেক্ট ম্যানেজার, ইএসডিও-জানো প্রকল্প ও রেজওয়ানুর রহমান সহকারী প্রজেক্ট ম্যানেজার, ইএসডিও- জানো প্রকল্প।

## কেয়ার বাংলাদেশ সৌর্হাদ্য III কর্মসূচির ডেপুটি চিফ অফ পার্টি কর্তৃক ইএসডিও'র কার্যক্রম পরিদর্শন



কেয়ার বাংলাদেশ এর সহযোগিতায় ইএসডিও ২০১৬ সাল থেকে জামালপুর জেলার ইসলামপুর ও বকশিগঞ্জ উপজেলায় সৌহার্দ্য III কর্মসূচী বাস্তবায়ন করে আসছে। কেয়ার বাংলাদেশ সৌর্হাদ্য III কর্মসূচির ডেপুটি চিফ অফ পার্টি হাসান জামান কামাল এবং সিনিয়র টেকনিক্যাল কো-অর্ডিনেটর মান্নান মজুমদার গত ১৬ এপ্রিল, ২০১৯ ইসলামপুর উপজেলার সৌহার্দ্য III কর্মসূচির কার্যক্রম পরিদর্শন করেন।

তিনি ইসলামপুর উপজেলার বেলগাছা ইউনিয়নের গোয়ালেরডোবা গ্রামের কিছু উপকারভোগীর সাথে সৌহার্দ্য III প্রোগ্রামের মাধ্যমে কি ধরনের পরিবর্তন তথা উপকারভোগীদের জীবনযাত্রার মানের কি পরিবর্তন হয়েছে তা নিয়ে আলোচনা করেন।

পরিদর্শন শেষে তিনি ইএসডিও সৌহার্দ্য III প্রোগ্রাম অফিস পরিদর্শন করেন এবং প্রোগ্রামের উর্দ্ধতন কর্মকর্তাদের সাথে সভা করেন। সভায় প্রোগ্রামের নতুন বাস্তবায়ন কৌশল ও স্থায়ীত্বশীলতা নিয়ে আলোচনা করেন। তিনি প্রোগ্রামের মাঠ পরিদর্শনের বিষয়ে সন্তোষ প্রকাশ করেন। অফিস পরিদর্শনকালে এপিসি এবং ফোকাল পারসন উপস্থিত ছিলেন।

# Stromme ফাউন্ডেশন প্রতিনিধিবৃন্দের ইএসডিও পরিদর্শন



গত ৯ এপ্রিল Stromme ফাউন্ডেশনের কান্ট্রি কো-অর্ডিনেটর মোঃ মিজানুর রহমান ও সিনিয়র কো-অর্ডিনেটর চন্দন কুমার ইএসডিও পরিদর্শনে আসেন। প্রথম দিন তাঁরা প্রধান কার্যালয়ের প্রাত্যহিক সমাবেশে অংশগ্রহণ করেন। প্রাত্যহিক সমাবেশ শেষে তাঁরা ইএসডিও'র নির্বাহী পরিচালক, পরিচালক (প্রশাসন), ইএসডিও'র নির্বাহী পরিষদ, সাধারণ পরিষদ ও ইএসডিও'র সিনিয়র কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভায় মিলিত হন। মতবিনিময় শেষে প্রতিনিধিদ্বয় ইকো ইন্সটিটিউট অব টেকনোলজী (ইআই টি)'র প্রশিক্ষণ ভেন্যু পরিদর্শন করেন ও ইআইটি'র প্রশিক্ষণার্থীদের সাথে প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়ে কথা বলেন। ইআইটি পরিদর্শন শেষে তাঁরা ইকো পাঠশালা এন্ড কলেজের বিভিন্ন শ্রেণির শিক্ষার্থীদের সাথেও কথা বলেন। সেখান থেকে প্রতিনিধিদ্বয় হেকস-ইপার এর অর্থায়নে ইএসডিও-প্রেমদীপ প্রকল্পের কর্মএলাকা আউলিয়াপুর ইউনিয়নের আদিবাসী কমিউনিটি ভাতগাঁও পরিদর্শন করেন। পরিদর্শনের সময় তাঁরা গ্রাম উন্নয়ন কমিটির কাছে প্রেমদীপ প্রকল্পের কার্যক্রম সম্পর্কে অবহিত হন। সেখান থেকে লোকায়ন জীবনবৈচিত্র্য জাদুঘর পরিদর্শন শেষে সন্ধ্যায় প্রধান কার্যালয়ের মেধা অনুশীলন কেন্দ্রে ইএসডিও'র উন্নয়নকর্মীদের আয়োজনে সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করেন।

প্রতিনিধিদ্বয় দ্বিতীয় দিন ১০ এপ্রিল কুড়িগ্রাম জেলায় Stromme ফাউন্ডেশনের অর্থায়নে ইএসডিও-সিডস প্রকল্পের কুড়িগ্রাম অফিস ও মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শন করেন। পরিদর্শনের শুরুতে ইএসডিও কুড়িগ্রাম জেলা অফিসে ইএসডিও- সিডস প্রকল্পসহ কুড়িগ্রামে ইএসডিও পরিচালিত স্বপ্ন প্রকল্প, গ্রাম আদালত সক্রিয়করণ প্রকল্প ও মাইক্রোফিন্যান্স কর্মসূচি'র কর্মকর্তাদের সাথে মতবিনিময় করেন। ইএসডিও-সিডস প্রকল্পের প্রকল্প ব্যবস্থাপক প্রকল্পের অগ্রগতি সভাকে অবহিত করেন। সভায় ফাউন্ডেশনের কান্ট্রি কো- অর্ডিনেটর বিভিন্ন নির্দেশনামূলক পরামর্শ প্রদান করেন এবং প্রকল্পের অগ্রগতি বিষয়ে সন্তোষ প্রকাশ করেন।

সভা শেষে অত্র প্রকল্পের কুড়িগ্রাম সদর উপজেলার পাঁচগাছি ইউনিয়নের উত্তর নওবাশ গ্রামের মাঝিপাড়ায় নির্বাচিত উপকারভোগীদের সাথে কথা বলেন এবং উপকারভোগী নির্বাচন প্রক্রিয়ায় সন্তোষ প্রকাশ করে ইএসডিও-সিডস প্রকল্পসহ ইএসডিও'র বিভিন্ন কার্যক্রমের প্রশংসা করেন।

# ঢাবি'র সমাজ কল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট কর্তৃক পদ্মা বহুমূখী সেতু নির্মাণ প্রকল্পে ইএসডিও'র ক্ষতিগ্রস্থ জনগোষ্ঠীর পুনর্বাসন ও আয় এবং জীবিকায়ন পুনরুদ্ধার কার্যক্রম পরিদর্শন



গত ১৫ এপ্রিল ২০১৯ প্রফেসর তাহমিনা আখতার, পরিচালক, সমাজ কল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয় এর নেতৃত্বে সমাজ কল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের ৬ সদস্যের একটি প্রতিনিধিদল পদ্মা বহুমূখী সেতু নির্মাণ প্রকল্পের কারণে ক্ষতিগ্রস্থ জনগোষ্ঠীর পুনর্বাসন ও আয় এবং জীবিকায়ন পুনরুদ্ধার কার্যক্রম পরিদর্শন করেন। পরিদর্শন দলে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন অধ্যাপক ড. মাহবুবা সুলতানা, অধ্যাপক ড. গোলাম রব্বানী, অধ্যাপক ড. মোঃ নুরুল ইসলাম, অধ্যাপক ড. এসকে তহিদুল ইসলাম ও অধ্যাপক ড. এম শাহিন খান। পরিদর্শন দলের সাথে পদ্মা বহুমূখী সেতু নির্মাণ প্রকল্পের পক্ষ থেকে উপস্থিত ছিলেন দেওয়ান সাঈদুল হাসান, উপ-প্রকল্প পরিচালক (প্রশাসন), মোঃ ভিখারুদ্দৌলা চৌধুরী, উপ-পরিচালক (পুনর্বাসন) ও সৈয়দ রজব আলী, নির্বাহী প্রকৌশলী (পুনর্বাসন) এসময় ইএসডিও'র পক্ষ থেকে প্রকল্পের টিম লিডার, আবু জাফর নুর মোহাম্মদ ও লাইভলিহুড ডেভলপমেন্ট স্পেশালিস্ট, মোঃ শামসুল হক মৃধা উপস্থিত ছিলেন।

পরিদর্শনের অংশ হিসেবে তাঁরা ক্ষতিগ্রস্থদের পুনর্বাসনের জন্য নির্মিত পুনর্বাসন এলাকা-৩, কুমারভোগ ও পুনর্বাসন এলাকা-২ যশোলদিয়া, মাওয়া, লৌহজং, মুন্সিগঞ্জ পরিদর্শন করেন। পরিদর্শনকালে তাঁরা ক্ষতিগ্রস্থদের জন্য নির্মিত পুনর্বাসন এলাকার সুবিধাসমূহ (বাজার, রাস্তা-ঘাট, প্রাথমিক বিদ্যালয়, স্বাস্থ্যকেন্দ্র, মসজিদ, গোরস্থান, পয়ঃনিষ্কাশন ও পানিও জলের ব্যবস্থা, বর্জ্য ব্যবস্থাপনা) ঘুরে দেখেন। তাঁরা পুনর্বাসন এলাকায় বসবাসরত পরিবারসমূহের সাথে, বিশেষ করে আয় ও জীবিকায়ন পুনরুদ্ধারে যেসব পরিবার দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ পেয়েছে তাদের সাথে ও পুনর্বাসন সাইট ব্যবস্থাপনা কমিটির সদস্যদের সাথে কথা বলেন। পরিদর্শনের দ্বিতীয় পর্যায়ে ইএসডিও-আইএলআরপি এ্যান্ড আইআরএপি প্রকল্প কার্যালয়ে প্রকল্পের উর্দ্ধতন কর্মকর্তাদের সাথে প্রতিনিধি দলের একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতেই অদ্যাবধি প্রকল্পের অগ্রগতি ও সার্বিক কার্যক্রম সম্পর্কে সচিত্র প্রতিবেদন উপস্থাপন করেন প্রকল্পের লাইভলিহুড ডেভলপমেন্ট স্পেশালিস্ট মোঃ শামসুল হক মৃধা। এছাড়াও পদ্মা সেতুর সম্মানিত কর্মকর্তাগণ ও ইএসডিও'র টিম লিডার বিভিন্ন সম্পূরক বিষয়ে আলোচনা করেন। পরিদর্শন ও সভায় প্রকল্পের সার্বিক কার্যক্রম সম্পর্কে অবহিত হয়ে প্রতিনিধিদল এই কার্যক্রমের ভূয়সী প্রশংসা করেন। তাঁরা বলেন যে, তাঁদের জানামতে ক্ষতিগ্রস্থ জনগোষ্ঠীর জন্য সব ধরনের সুযোগ-সুবিধা সম্বলিত পুনর্বাসন ব্যবস্থা বাংলাদেশে এটিই প্রথম। এই কার্যক্রম বাস্তবায়নে ইএসডিও যে ভূমিকা পালন করে যাচ্ছে তা প্রশংসনীয়। একই সাথে তাঁরা পদ্মা বহুমুখী সেতু নির্মাণ প্রকল্পের সকল সদস্যদের এ ধরনের জনকল্যাণমূলক কার্যক্রমের জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

## সুইস সলিডারিটি'র ইএসডিও প্রেমদীপ কার্যক্রম পরিদর্শন



গত ৩০ এপ্রিল ২০১৯ সুইজারল্যান্ড ভিত্তিক দাতা সংস্থা হেকস ইপার এর ব্যাক ডোনার সুইস সলিডারিটির হেড অফ প্রোগ্রাম আর্নস্ট লুবার ও কমিউনিকেশন অফিসার সিলভী ইএসডিও প্রেমদীপ প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেন। সুইস সলিডারিটি মুলত এডুকেশন ফর দলিত এন্ড আদিবাসী এই কম্পোনেন্টের কার্যক্রম গুলি বিশেষ ভাবে পর্যবেক্ষণ করেন, কারণ তাঁরা এই কম্পোনেন্টে আর্থিক সহায়তা প্রদান করে থাকেন। প্রেমদীপ প্রকল্পের ইয়ুথ গ্রুপের মধ্য থেকে যে সমস্ত যুবক শিক্ষা থেকে ঝরে পড়েছে, তাদের কারিগরি প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান তৈরী এবং ওয়েজ ও সেলফ ইমপ্লয়মেন্টে নিযুক্ত করার জন্য যে উদ্যোগগুলি গ্রহণ করা হয়েছে সে কার্যক্রমগুলি পরিদর্শন করেন। ইকো ইন্সটিটিউট অব টেকনোলজির মাধ্যমে প্রেমদীপ প্রকল্পের ২৩ জন আদিবাসী ও দলিত যুবার গার্মেন্টস (নিট) মেশিন অপারেশন প্রশিক্ষণ সহ ওয়েল্ডিং প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণকারী যুবকদের সাথে কথা বলেন এবং ট্রেনিং ভেন্যুগুলি পরিদর্শন করেন। ইকো ইন্সটিটিউট অব টেকনোলজির অধ্যক্ষ শাহরিয়ার মাহমুদ সহ প্রশিক্ষণে অংশগ্রহণকারী যুবাদের সাথে প্রশিক্ষণের বিষয়বস্তু ও সময়সীমা এবং পরবর্তী কার্যক্রমগুলি নিয়ে আলোচনা করেন সুইস সলিডারিটির প্রতিনিধিগণ। শিক্ষা সংক্রান্ত কার্যক্রমের মধ্যে পীরগঞ্জ উপজেলার বৈরচুনা ইউনিয়নে বৈরচুনা দ্বিমুখী উচ্চ বিদ্যালয়ে বিভিন্ন ক্লাসে অধ্যয়ণরত ১৮ জন আদিবাসী ও দলিত শিক্ষার্থীদের সাথে কথা বলেন তাদের অগ্রগতি ও সুযোগ সুবিধা সম্পর্কে। পাশাপাশি আদিবাসী ও দলিত শিক্ষার্থীদের শিক্ষা সংক্রান্ত সমস্যা ও সমাধান এবং সরকারি-বেসরকারি বিভিন্ন সুযোগ-সুবিধা ও স্কুল ম্যানেজমেন্ট কমিটি তাদের জন্য এব্যাপারে কি উদ্যোগ গ্রহণ করেছেন তা স্কুল ম্যানেজমেন্ট কমিটির সাথে আলোচনা করেন । স্কুল ম্যানেজমেন্ট কমিটির সদস্যসহ প্রধান শিক্ষক ও আদিবাসী প্রতিনিধি এই সময় উপস্থিত ছিলেন।

ইএসডিও প্রেমদীপ প্রকল্পের কার্যক্রম পরিদর্শন শেষে ইএসডিও'র নির্বাহী পরিচালক ড. মুহম্মদ শহীদ উজ জামান এর সাথে আলোচনায় অংশগ্রহণ করেন জন মাটিন ও সিলভী। প্রেমদীপ প্রকল্পের কার্যক্রম ও ইকো ইন্সটি-টিউট অব টেকনোলজি কি ভাবে এই অঞ্চলের যুবকদের কর্মসংস্থানে নিযুক্ত ও শিক্ষার মূল স্রোতধারায় দলিত ও আদিবাসী যুবকদের সম্পৃক্ত করছে সে বিষয়গুলি আলোচনার প্রধান বিষয় ছিল। সুইস সলিডারিটির দিনব্যাপী পরিদর্শণ কার্যক্রমে হেকস ইপারের বাংলাদেশ কান্ট্রি ডিরেক্টর অনিক আসাদ ও ম্যানেজার মার্কেট ডেভলপমেন্ট নুরুন নাহার উপস্থিত ছিলেন। মাঠ পরিদর্শনে প্রেমদীপ প্রকল্পের ফোকাল পার্সন শামীম হোসেন, প্রকল্প সমন্বয়কারী সেরাজুস সালেকিন, টেকনিক্যাল ম্যানেজার মো: শাহীন ও সন্তোষ কুমার তিগ্যা উপস্থিত ছিলেন।

## মোহনগঞ্জে ইএসডিও-আইএমএলএমএ কর্মসূচি পরিদর্শন করলেন সরকার ও ডব্লিউএফপি'র উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ



নেত্রকোনা জেলার মোহনগঞ্জ উপজেলায় ডব্লিউএফপি'র সহায়তায়, ইএসডিও আইএমএলএমএ কর্মসূচি বাস্তবায়ন করছে। গত ১৮ এপ্রিল প্রকল্পের কার্যক্রম মাঠ পর্যায়ে পরিদর্শন করেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের যুগ্ম সচিব মোঃ ইকবাল হোসেন; প্রকল্পের কর্মসূচি পরিচালক এ জে এম রেজাউল আলম; বাংলাদেশ ন্যাশনাল নিউট্রিশন কাউন্সিল এর মহাপরিচালক ও তাঁর প্রতিনিধিবৃন্দ; বিশ্ব খাদ্য কর্মসূচির প্রতিনিধি; উপজেলা নির্বাহী অফিসার মোঃ মেহেদী মাহমুদ আকন্দ ও সহকারী কমিশনার (ভূমি) মোঃ রেজাউল করিম এবং বড়তলী বানিহারী ও তেতুলিয়া ইউনিয়নের চেয়ারম্যানবৃন্দ । পরিদর্শনকারীবৃন্দ বড়তলি বানিহারী ইউনিয়নের নগর গ্রামে ক্যাম্পেইন (জারি গান) সেশন, তেতুলিয়া ইউনিয়ন অনলাইনে আবেদন প্রক্রিয়া, ইউনিয়ন ও উপজেলা কমিটির সাথে সভা ও বড়তলি বানিহারী ইউনিয়নের সামাইকোনা গ্রামে বিসিসি সেশন পরিদর্শন করেন।

## দলিত ও আদিবাসী ছাত্র-ছাত্রীদের লেখাপড়ার

*৩০ পৃষ্ঠার পর*

অফিসে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন মোঃ কাউসার আলী, ব্যবস্থাপক জনতা ব্যাংক; মোঃ মোবারক আলী, উপজেলা সমবায় অফিসার; বিশ্বনাথ রায় সহকারী অধ্যাপক, রাণীশংকৈল ডিগ্রি কলেজ; মোঃ আব্দুল হামিদ, প্রভাষক, নেকমরদ বঙ্গবন্ধু ডিগ্রি কলেজ; মোঃ শফিক, বিশিষ্ট ব্যবসায়ী। সভাপতিত্ব করেন মোঃ নজরুল ইসলাম, প্রধান শিক্ষক, জওগাও উচ্চ বিদ্যালয়। স্বাগত বক্তব্য রাখেন ইএসডিও প্রেমদীপ প্রকল্পের উপজেলা ম্যানেজার মোঃ খায়রুল আলম। সভা শেষে মোঃ শফিক, বিশিষ্ট ব্যবসায়ী ৩ জন ছাত্র-ছাত্রীর লেখাপড়ার ব্যয়ভার বহনের জন্য সম্মতি প্রদান করেন এবং ১ জন ছাত্র ও ২ জন ছাত্রীকে ৫০০/- টাকা করে নগদ মোট ১৫০০/- টাকা শিক্ষা সহায়তা প্রদান করেন। তিনি এই সহায়তা প্রতিমাসে প্রদানের প্রতিশ্রুতি এবং এর সংখ্যা বৃদ্ধিরও আশ্বাস প্রদান করেন।

## সমৃদ্ধ দেশ গড়ার প্রত্যয়ে

*৪০ পৃষ্ঠার পর*

আউলিয়াপুর ইউনিয়নের সক্রিয় যুব সদস্য কৃষ্ণ চন্দ্র রায় এবং রানীশংকৈল উপজেলার বাচোর ইউনিয়নের সক্রিয় যুব সদস্য জ্যোতির্ময়ী রায় সূচি। এ সময় উপস্থিত ছিলেন ইএসডিও'র নির্বাহী পরিচালক ড. মুহম্মদ শহীদ উজ জামান।

''যুব সম্মেলন-২০১৯'' এর সমাপনি অধিবেশনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এ্যাডভোকেট মোঃ ফজলে রাব্বী মিয়া, ডেপুটি স্পিকার, বাংলাদেশ জাতীয় সংসদ। তিনি সম্মেলনে ৯টি বিষয়ভিত্তিক প্রবন্ধ উপস্থাপকদের হাতে ক্রেষ্ট, সনদপত্র ও শুভেচ্ছা উপহার তুলে দেন।

## সাংস্কৃতিক ও ক্রীড়া কর্মসূচির আওতায় যৌন হয়রানি রোধ ও পরিষ্কার পরিচ্ছন্নতা গড়নে সংশ্লিষ্ট কমিটি ও গণ্যমান্য ব্যক্তি বর্গের সাথে মতবিনিময় সভা



পল্লী কর্ম-সহায়ক ফাউণ্ডেশন (পিকেএসএফ)'র সহায়তায়, ইকো-সোশ্যাল ডেভলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও) কর্তৃক বাস্তবায়িত সাংস্কৃতিক ও ক্রীড়া কর্মসূচির আওতায় ঠাকুরগাঁও পৌরসভার ৯নং ওয়ার্ড ও আকচা ইউনিয়নের ০৯ নং ওয়ার্ডে যৌন হয়রানি রোধ কার্যক্রম ও পরিস্কার পরিচ্ছন্নতা গড়ন কর্মসূচির সংশ্লিষ্ট কমিটির সদস্য ও এলাকার গণ্যমান্য ব্যক্তি বর্গের সাথে এক মতবিনিয় সভা অনুষ্ঠিত হয়। গত ২৭ মার্চ ২০১৯ ইএসডিও শিশু ও কমিউনিটি হাসপাতাল সভাকক্ষে অনুষ্ঠিত সভায় ইএসডিও'র সিনিয়র কো-অর্ডিনেটর শাহ মো: আমিনুল হক এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পল্লী কর্ম-সহায়ক ফাউণ্ডেশন (পিকেএসএফ)'র সহকারী ম্যানেজার মো: সুমন চৌধুরী; বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রিভারভিউ উচ্চ বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক আলহাজ্ব ইয়াকুব আলী; ঠাকুরগাঁও পৌরসভার ০৯ নং ওয়ার্ড কাউন্সিলর প্রদীপ চক্রবর্তী; ইএসডিও মাইক্রোফিন্যান্স কর্মসূচির প্রধান ঋণ সমন্বযকারী মো: এনামুল হক এবং যৌন হয়রানি প্রতিরোধ কেন্দ্রীয় কমিটির সভাপতি মো: সিদ্দীকুর রহমান। সভায় কমিটির সদস্যবৃন্দ ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। সভায় স্বাগত বক্তব্য দেন কর্মসূচির প্রোগ্রাম অফিসার মো: রফিকুল ইসলাম। মতবিনিময় সভা শেষে ডায়বেটিকস হাসপাতাল মোড় হতে পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযানের শুভ সূচনা করা হয়।

## ইএসডিও প্রবীণ কর্মসূচির আওতায় প্রবীণদের মাঝে ভরণ-পোষণ, পরিপোষক ও মৃত্যু সংকার ভাতা প্রদান



পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)'র সহায়তায় এবং ইকো-সোশ্যাল ডেভলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও)'র বাস্তবায়নে রাণীশংকৈল উপজেলার ৫নং বাচোর ইউনিয়নে বাস্তবায়িত প্রবীণ কর্মসূচির আওতায় গত প্রবীণদের মাঝে ভরণ-পোষণ, পরিপোষক ও মৃত্যু সৎকার ভাতা প্রদান করা হয়। অনুষ্ঠানে ১ জন দরিদ্র প্রবীণের মাঝে ভরণ-পোষণ ভাতা বাবদ ৪০০০ টাকা, ৭৫ জন প্রবীণের মাঝে ৬০০ টাকা হারে পরিপোষক ভাতা এবং ১ জন পরিবারকে মৃত্যু সৎকারে ভাতা বাবদ নগদ ২০০০ টাকা প্রদান করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব প্রফুল্ল কুমার রায় (ইউপি সচিব) ০৫ নং বাচোর ইউনিয়ন পরিষদ, মোঃ আব্দুল মান্নান সমৃদ্ধি কর্মসূচি সমন্বয়কারী, ইএসডিও রাণীশংকৈল জোনের এরিয়া ম্যানেজার মোঃ গোলাম মোস্তফা, শাখা ব্যবস্থাপক মোঃ তৈয়ব আলী উপস্থিত থেকে ভাতা সমূহ প্রবীণদের হাতে তুলে দেন।

উক্ত অনুষ্ঠানে সার্বিক ভাবে সহযোগিতা করেন আবু বক্কর সিদ্দিক প্রবীণ কর্মসূচি সংগঠক; রজনী কান্ত রায়, স্বাস্থ্যকর্মকর্তা ও মোঃ আব্দুস সাত্তার ইডিও।

## ইএসডিও প্রবীণ কর্মসূচির আওতায় প্রবীণ কমিটি ওরিয়েন্টেশন



রাণীশংকৈল উপজেলার ৫নং বাচোর ইউনিয়নে ইকো-সোশ্যাল ডেভলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও)'র বাস্তবায়নে এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)'র সহায়তায় প্রবীণ কর্মসূচি কার্যক্রমের আওতায় গত ১০ও ১১ এপ্রিল ২০১৯ দুই দিনব্যাপী প্রবীণ কমিটি ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়। ওরিয়েন্টেশন সভায় ২৭ জন প্রবীণ কমিটির সদস্যদের দায়-দায়িত্ব, প্রবীণ ভাতা, প্রবীণ কেন্দ্র, চিকিৎসা, ওয়ার্ড কমিটি মিটিং, ইউনিয়ন কমিটি মিটিং, গ্রাম কমিটি মিটিং, সৎকার ভাতা এবং আরও বিভিন্ন বিষয়ে নিয়ে আলোচনা করা হয়।

এতে প্রধান অতিথি হিসেবে ওরিয়েন্টেশন সভার উদ্বোধন করেন প্রফুল্ল কুমার রায়, সচিব, বাচোর ইউনিয়ন পরিষদ; ফ্যাসিলিটেটর হিসেবে ছিলেন সমৃদ্ধি কর্মসূচির ফোকাল পারসন এবং এপিসি স্বপন কুমার সাহা এবং মোঃ আব্দুল মান্নান, সমৃদ্ধি কর্মসূচি সমন্বয়কারী, ইএসডিও। তাঁরা প্রবীণ কর্মসূচির প্রবীণ ভাতা, সৎকার ভাতা, ভরণ- পোষন, স্বাস্থ্য ও শিক্ষাসহ বিভিন্ন বিষয়গুলি আলোচনা করেন ।

## ইএসডিও-সমৃদ্ধি কর্মসূচীর আওতায় ডেন্টাল ক্যাম্প



পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)'র অর্থায়নে ও ইকো সোশ্যাল ডেভলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও) কর্তৃক বাস্তবায়িত সমৃদ্ধি কর্মসূচীর আওতায় ঠাকুরগাঁও জেলার আউলিয়াপুর ইউনিয়নে গত ১৭এপ্রিল ডেন্টাল বিষয়ক স্বাস্থ্য ক্যাম্প উদ্বোধন করা হয়। ডেন্টাল ক্যাম্পটি উদ্বোধন করেন আউলিয়াপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ আতিকুর রহমান। এ সময় উপস্থিত ছিলেন সমৃদ্ধি কর্মসূচীর ফোকাল পার্সন স্বপন কুমার সাহা, এপিসি; মোঃ মফিজুর রহমান মনি, ইপিসি; বীর মুক্তিযোদ্ধা ভূবেন বাবু, ইউপি সদস্য কামিনী বর্মন। মোট ২০৫ জন রোগীকে চিকিৎসা সেবা ও বিনামূল্যে ঔষধ প্রদান করা হয়। ডেন্টাল স্বাস্থ্য বিষয়ক ক্যাম্পটি ডাঃ চিরন্তন কুমার রায় শুভ, ওরাল এন্ড ডেন্টাল মেডিসিন ও সার্জারী বিশেষজ্ঞ এবং ডাঃ নবকান্ত রায়, মেডিকেল অফিসার ও পিজিটি (মেডিসিন) দুজন বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা পরিচালিত হয়।

## ইএসডিও লো-ইনকাম কমিউনিটি হাউজিং সাপোর্ট প্রকল্পের ঋণ বিতরণ



'উন্নত বাড়ী নির্মাণ করি, বাসযোগ্য পরিবেশ গড়ি' স্লোগান নিয়ে স্বল্প আয়ের মানুষের জন্য পিকেএসএফ'র সহায়তায় রংপুর ও ঠাকুরগাঁও পৌরসভা ও পৌরসভা নিকটবর্তী এলাকায় আবাসন খাতে অতি স্বল্প লাভে আবাসন ও লো-ইনকাম কমিউনিটি হাউজিং সাপোর্ট প্রকল্পটি ইএসডিও বাস্তবায়ন করছে। এসব অঞ্চলের স্বল্প আয়ের মানুষের জন্য ইএসডিও'র এটি একটি মহৎ উদ্যোগ। প্রকল্পটি বাস্তবায়িত হলে সংশ্লিষ্ট এলাকার স্বল্প আয়ের মানুষের দীর্ঘদিনের কষ্ট লাঘব হবে। এরই ধারাবাহিকতায় ঠাকুরগাঁও পৌরসভার শাহপাড়া নিবাসী মোঃ জয়নুল হোসেন ও তার স্ত্রী কে ৪ লক্ষ টাকা এবং শিবগঞ্জ এলাকার বাসিন্দা মোঃ সাইফুল ইসলাম কে ঋণের ৪ লক্ষ টাকার চেক প্রদান করা হয়। গত ৪ এপ্রিল ঋণ গ্রহীতাকারীদের চেক বিতরণ অনুষ্ঠানে উপকারভোগীদের চেক তুলে দেন ড. কে এম কামরুজ্জামান সেলিম, জেলা প্রশাসক, ঠাকুরগাঁও; মোঃ হাসানুজ্জামান, বিজ্ঞ সিনিয়র জেলা ও দায়রা জজ, ঠাকুরগাঁও; ইএসডিও'র নির্বাহী পরিচালক ড. মুহম্মদ শহীদ উজ জামান এবং ইএসডিও'র পরিচালক (প্রশাসন) সেলিমা আখতার। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন প্রজেক্টের ফোকাল পার্সন দেবাশীষ সরকার।

## রংপুরে জাতীয় পুষ্টি মেলায় ইএসডিও-জানো প্রকল্প

গত ২৮ এপ্রিল ২০১৯, জাতীয় পুষ্টি সপ্তাহ ২০১৯ উদযাপন উপলক্ষে সিভিল সার্জন কার্যালয়, রংপুর কর্তৃক আয়োজিত দিনব্যাপী রংপুর সদর হাসপাতাল প্রাঙ্গণে পুষ্টি মেলার আয়োজন করা হয়।




পুষ্টি মেলাটি উদ্বোধন করেন এ্যাডভোকেট ছাফিয়া খানম, জেলা পরিষদ চেয়ারম্যান, রংপুর। উদ্বোধনকালে উপস্থিত ছিলেন ডাঃ অমল চন্দ্র সাহা, পরিচালক, স্বাস্থ্য, রংপুর বিভাগ ও ডাঃ আবু মোঃ জাকিরুল ইসলাম, সিভিল সার্জন, রংপুর।

উদ্বোধন শেষে অতিথিবৃন্দ ইএসডিও জানো প্রকল্পের স্টলসহ অন্যান্য স্টল পরিদর্শন করেন। স্টল পরিদর্শনের সময় উপস্থিত ছিলেন ইএসডিও জানো প্রকল্পের মারুফ আহ্‌মেদ, প্রজেক্ট ম্যানেজার, মীর আশিকুর আলম, এমএন্ডই অফিসার, মোঃ রিপন মিয়া, ফিল্ড ফ্যাসিলিটেটর (অপারেশন), মোঃ খোকন মিয়া, ফিল্ড ফ্যাসিলিটেটর (অপারেশন), মোছাঃ হাবিবা খাতুন, ফিল্ড ফ্যাসিলিটেটর (অপারেশন) সান্তা রাণী।

# জেলা প্রশাসন ও ইএসডিও'র যৌথ উদ্যোগে নওগাঁ জেলায় গ্রাম আদালত কার্যক্রমের মান উন্নয়নের লক্ষ্যে কর্মশালা অনুষ্ঠিত



গত ২০ এপ্রিল নওগাঁ জেলা প্রশাসনের উদ্যোগে এবং ইএসডিও'র আয়োজনে জেলায় গ্রাম আদালত কার্যক্রমের মান উন্নয়নের লক্ষ্যে "বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (২য় পর্যায়) প্রকল্প" এ কর্মরত সকল গ্রাম আদালত সহকারী, উপজেলা সমন্বয়কারী ও জেলা সমন্বয়কারীদের নিয়ে ডিষ্ট্রিক্ট ইমপ্রুভমেন্ট প্ল্যান থ্রু প্রজেক্ট রিভিউ এন্ড রিফ্লেকশন ওয়ার্কশপ আয়োজন করা হয়। উক্ত ওয়ার্কশপে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন নওগাঁ জেলার জেলা প্রশাসক মোঃ মিজানুর রহমান। সভাপতিত্ব করেন উপ-পরিচালক, স্থানীয় সরকার, নওগাঁ, গোলাম মোঃ শাহ্নেওয়াজ। কর্মশালাটি সঞ্চালনা করেন মোঃ শরিফুল ইসলাম, জেলা ফ্যাসিলিটেটর, ইউএনডিপি।

প্রধান অতিথি জেলা প্রশাসক মহোদয় বক্তব্যের শুরুতে বলেন- গ্রাম আদালত কার্যক্রমে শুধু সংখ্যাগত অর্জন নয়, গুণগত মান অর্জনেও আমাদেরকে যার যার জায়গা থেকে সচেষ্ট হতে হবে। তিনি বলেন- কর্ম এলাকা সমূহকে ক্লাস্টারিং করতে হবে, এলাকার শিক্ষা প্রতিষ্ঠান, অন্যান্য সামাজিক প্রতিষ্ঠান, প্রতিষ্ঠান প্রধান, গণ্যমান্য ব্যক্তিগণের তালিকা তৈরী করে তাঁদেরকে কাজে লাগাতে হবে। যোগাযোগ ও মনিটরিং টুলস হিসেবে গ্রুপ ফেসবুক, ইমপ্যাথি গ্রুপ, ভিডিও কনফারেন্সের ব্যবহার নিশ্চিত করতে হবে। জেলা প্রশাসক মহোদয় উপজেলা পর্যায়ে গ্রাম আদালত সহকারীগণের সমন্বয় সভায় উপজেলা নির্বাহী অফিসারগণের উপস্থিতির উপর গুরুত্ব আরোপ করেন। তিনি কর্মশালায় অংশগ্রহণকারীদেরকে পেশাগত দায়িত্ব পালনের পাশাপাশি মানুষ হিসেবে, নাগরিক হিসেবে দায়িত্ব পালনের আহ্বান জানান।

কর্মশালার সভাপতি গোলাম মোঃ শাহ্নেওয়াজ, উপ-পরিচালক, স্থানীয় সরকার, নওগাঁ বলেন- নওগাঁ জেলায় জুলাই ২০১৭ হতে মার্চ ২০১৯ পর্যন্ত মোট ৮০৭১ টি মামলা গ্রাম আদালতে দায়ের হয়েছে যার মধ্যে ৭৫৯৭টি মামলা নিষ্পত্তি হয়েছে এবং এই সময়ে ৪ কোটি ১৯ লক্ষ ৮৫ হাজার ৩ শত ৩৩ টাকা ক্ষতিপূরণ আদায় হয়েছে। তিনি আরও বলেন- গ্রাম আদালতের মামলার সংখ্যা ও নিষ্পত্তির হারের ক্ষেত্রে নওগাঁ জেলা সারা দেশের মধ্যে ধারাবাহিকভাবে প্রথম স্থান অধিকার করে আসছে। এখন আমাদেরকে নিষ্পত্তির ধরণ ও মান, বিচারের মান, নথি ব্যবস্থাপনার মান, নারী অংশগ্রহণের হার প্রভৃতি ক্ষেত্রে গুণগত অর্জনের দিকে মনযোগী হতে হবে। কর্মশালায় প্রকল্পভূক্ত এলাকায় গ্রাম আদালত কার্যক্রমের মান উন্নয়নের জন্য প্রতিটি ইউনিয়নের জন্য আলাদা আলাদা ইমপ্রুভমেন্ট পরিকল্পনা তৈরী করা হয়।

# পীরগঞ্জে আদিবাসী ও দলিত শিক্ষার্থীদের শিক্ষা বিষয়ে সুযোগ বৃদ্ধিতে আলোচনা সভা




ইএসডিও প্রেমদীপ প্রকল্পের আয়োজনে হেকস্ ইপার এর সহযোগিতায় ১৭এপ্রিল'২০১৯ পীরগঞ্জ উপজেলা শিক্ষা অফিসে আদিবাসী ও দলিত শিক্ষার্থীদের উপবৃত্তি, শিক্ষা বৃত্তি ও অন্যান্য শিক্ষা সুবিধা বৃদ্ধির জন্য এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উপজেলা শিক্ষা অফিসার মো. নজরুল ইসলামের সভাপতিত্বে আলোচনা সভায় উপস্থিত ছিলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এস. এম সাঈদ হাসান, উপজেলা সহকারী শিক্ষা অফিসার এম. এ জাহিদ ইবনে সুলতান, মোঃ ফজলুল করীম, নির্মল কুমার গোস্বামী, দিলীপ কুমার রায়, মোঃ এনামুল হক এবং মোঃ শাহাজান আলী। আরও উপস্থিত ছিলেন বন্দিয়ারা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আবু বক্কর সিদ্দিক, আর. এম. বালিকা উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক মোঃ নূরুজ্জামান, ইএসডিও প্রেমদীপ প্রকল্পের উপজেলা ম্যানেজার মোঃ ওয়ালিউর রহমান ও টেকনিক্যাল ম্যানেজার মোঃ রওশন জামাল চৌধুরী।

সভায় উপস্থিত অতিথিগণ বলেন, দলিত আদিবাসীদের শিক্ষায় উন্নত করতে গেলে ব্যক্তিগতভাবে কাউন্সেলিং বৃদ্ধি করতে হবে এবং উপজেলা শিক্ষা অফিসার বলেন, এসডিজি বাস্তবায়নের ক্ষেত্রে জিও-এনজিও একসাথে কাজ করতে হবে তাহলেই এসডিজি'র লক্ষ্যমাত্রা বাস্তবায়ন হবে। তবে ইএসডিও এ বিষয়ে ব্যাপক ভূমিকা পালন করছে। মাধ্যমিক শিক্ষা অফিসার এস এম সাঈদ হাসান বলেন, মাধ্যমিক পর্যায়ে কোন প্রকার টিউশন ফি নেওয়া হয় না। তিনি আরও বলেন, উপবৃত্তি প্রাপ্তির ক্ষেত্রে বছরের শুরুতেই যোগাযোগ করতে হবে এবং শিক্ষা সুবিধার ক্ষেত্রে দলিত ও আদিবাসী শিক্ষার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। সভায় বক্তারা আরো বলেন, আদিবাসী দলিত ছাত্র-ছাত্রীরা বেশ আন্তরিক তবে, স্কুলে নিয়মিত করণে আরো কাজ করতে হবে ।

# দলিত ও আদিবাসী ছাত্র-ছাত্রীদের লেখাপড়ার ব্যয়ভার বহনের পৃষ্ঠপোষক তৈরীতে ইএসডিও প্রেমদীপ প্রকল্পের উদ্যোগ




দলিত ও আদিবাসী ছাত্র-ছাত্রীদের লেখাপড়ার ব্যয়ভার বহনের জন্য পৃষ্ঠপোষকতার লক্ষ্যে ইএসডিও প্রেমদীপ রাণীশংকৈল উপজেলা প্রকল্প

*বাকী অংশ ২৭ পৃষ্ঠায়*

# ইএসডিও'র উদ্যোগে বিনামূল্যে ছানি রোগী অপারেশন




গত ৩০ মার্চ ইএসডিও শিশু ও কমিউনিটি হাসপাতালে ইএসডিও'র উদ্যোগে, আকিজ ট্রাষ্ট এর অর্থায়নে ও আদ-দ্বীন হাসপাতালের কারিগরি সহায়তায় দরিদ্র ও অসহায় চক্ষুরোগীদের বিনামূল্যে চক্ষু ছানি অপারেশন ক্যাম্প উদ্বোধন করা হয়। দুই দিন ব্যাপী এ ক্যাম্পের উদ্বোধন করেন ইএসডিও'র নির্বাহী পরিচালক ড. মুহম্মদ শহীদ উজ জামান। এ উপলক্ষে আয়োজিত সভায় সভাপতিত্ব করেন ইএসডিও'র পরিচালক (প্রশাসন) সেলিমা আখতার। এ সময় উপস্থিত ছিলেন ইএসডিও'র মাইক্রোফিন্যান্স কর্মসূচীর প্রধান ঋণ সমন্বয়কারী মোঃ এনামুল হক; আদ-দ্বীন হাসপাতালের সহকারী জেনারেল ম্যানেজার মোঃ রবিউল হক; অপারেশন ক্যাম্পের সার্জন ডাঃ মোতাহার হোসেন।

উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে সেলিমা আখতার বলেন, এখানে অপারেশনকৃত রোগীরা যেন তাদের হারানো চোখের আলো ফিরে পেয়ে মহান আল্লাহর সৃষ্টি এই পৃথিবীকে আবার নতুন করে দেখতে পায় মহান আল্লাহর নিকট এই কামনা করি। তিনি ক্যাম্পে আগত রোগীদের সফলতা কামনা করেন।

উল্লেখ্য যে প্রথম দিন ৩০ মার্চ ৭০ জন এবং ৩১ মার্চ দ্বিতীয় দিন ৩৯ জন রোগীর ছানি অপারেশন সম্পন্ন হয়। আদ-দ্বীন হাসপাতালের সার্জন ডাঃ মোতাহার হোসেনের নেতৃত্বে আট (৮) সদস্য বিশিষ্ট একটি মেডিকেল দল এই অপারেশন ক্যাম্প পরিচালনা করেন।

# স্বপ্ন যেন সত্যি হলো

'মেয়েবান্ধব বিদ্যালয় উন্নয়নের কথা আনুষ্ঠানিকভাবে আমরা বেশ কিছুদিন থেকে শুনে আসছি। আমাদের বিদ্যালয়ে ছাত্রীদের জন্য সুনির্দিষ্ট কমনরুম থাকবে, কমনরুমে থাকবে আমাদের প্রয়োজনীয় বসার ব্যবস্থা ও খেলার উপকরণ। আমাদের বাথরুম হবে আকর্ষণীয় যেখানে আমরা আনন্দের সাথে আমাদের ঋতুকালিন স্বাস্থ্য পরিচর্যা সুবিধা গ্রহণ করতে পারবো। আমাদের বিদ্যালয়টিতে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুরা হুইল চেয়ার ব্যবহার করে অতি সহজেই চলাফেরা করতে পারবে। বিদ্যালয়ে বাগান হবে, ছেলে-মেয়েরা সহ-পাঠ্যক্রমিক কাজের সুযোগ পাবে এবং বিদ্যালয়টি আকর্ষণীয় রংয়ে সজ্জিত করা হবে ইত্যাদি। ইএসডিও হাতীবান্ধা অফিসের মাধ্যমে গত ডিসেম্বর ২০১৮ সালে আমাদের বিদ্যালয়ে এক উন্নয়ন পরিকল্পনা সভায় উপস্থিত থেকে আমরা এবিষয়ে অবগত হয়েছি। ঠিক তখন থেকেই আমরা অপেক্ষা করছিলাম কবে হবে সেই কাজ। কোনদিন কি পূরণ হবে আমাদের নিজস্ব চাওয়া-পাওয়ার? এগুলো বাস্তবায়িত হলে কতই না মজা হবে।' কথাগুলো বিদ্যালয়ের শিক্ষার্থীদের পক্ষে বললেন মোছাঃ সাবিনা আক্তার, অষ্টম শ্রেণি, রোল নং-১ ও মোছাঃ রাফিয়া আক্তার, ১০ম শ্রেণি, রোল নং-৫। তারা আলহাজ্ব গহের আলী মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রী। উভয়ই এবছর স্টুডেন্টস কেবিনেট এর সদস্য নির্বাচিত হয়েছে। উল্লেখ্য যে, এবছর ২০১৯ শিক্ষাবর্ষে প্রথম এই প্রতিষ্ঠানে পরীক্ষামূলকভাবে স্টুডেন্টস কেবিনেট গঠন করা হয়েছে। ইএসডিও'র সহায়তায় মেয়েবান্ধব বিদ্যালয় বিনির্মানে গত ১৬ এপ্রিল ২০১৯ সংস্কার কাজের উদ্বোধন করা হয়। উদ্বোধন অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মো. মনোয়ার হোসেন দুলু, চেয়ারম্যান, সিংগীমারী ইউনিয়ন পরিষদ; কন্দর্প নারায়ণ রায়, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, হাতীবান্ধা; মো. আব্দুল মান্নান, প্রজেক্ট ম্যানেজার, ইএসডিও। এছাড়াও উপস্থিত ছিলেন প্রকল্প বাস্তবায়নকারী কমিটির সদস্য, এসএমসির সদস্য, বিদ্যালয়ের শিক্ষার্থী এবং শিক্ষকগণ। উপস্থিত সম্মানিত অতিথিবৃন্দ মেয়েবান্ধব বিদ্যালয় তৈরিতে সার্বিক সহযোগিতা করার জন্য ইএসডিও এবং প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশ এর ভূয়সী প্রশংসা করেন।




# লালমনিরহাটের হাতীবান্ধায় উদযাপিত হলো বিশ্ব স্বাস্থ্য দিবস-২০১৯



ইকো সোশ্যাল ডেভলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও) ও প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশ এর সহযোগিতায় লালমনিরহাট জেলার হাতীবান্ধা উপজেলা স্বাস্থ্য বিভাগের নেতৃত্বে বিভিন্ন কর্মসূচী বাস্তবায়নের মধ্য দিয়ে গত ৭ এপ্রিল যৌথভাবে উদযাপিত হলো বিশ্ব স্বাস্থ্য দিবস ২০১৯। এক বর্ণাঢ্য র‌্যালীর মাধ্যমে দিবসের কাযক্রম শুরু হয়। র‌্যালিতে অংশগ্রহণ করে হাতীবান্ধা এসএস সরকারি উচ্চ বিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, উপজেলা স্বাস্থ্য বিভাগের সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দসহ ইএসডিও স্ট্রেনদেনিং কমিউনিটি ম্যানেজ হেলথ্ কেয়ার প্রকল্পের কর্মীবৃন্দ। উপজেলা স্বাস্থ্য ও পরিবার-পরিকল্পনা কর্মকর্তা ডাঃ মো. রমজান আলীর সভাপতিত্বে শুরু হয় আলোচনা সভা। "সমতা ও সংহতি নির্ভর সার্বজনীন

*বাকী অংশ ৩২ পৃষ্ঠায়*

## লালমনিরহাটের হাতীবান্ধায়

*৩১ পৃষ্ঠার পর*

প্রাথমিক স্বাস্থ্য সেবা” এ প্রতিপাদ্য বিষয় বাস্তবায়নের লক্ষ্যে আলোচনা সভায় বক্তব্য রাখেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার-পরিকল্পনা কর্মকর্তা ডাঃ মো. রমজান আলী, মেডিকেল অফিসার ডাঃ মো. আসাদুজ্জামান, সিন্দুর্না ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো. নুরল আমীন ও ইএসডিও হাতীবান্ধা উপজেলার প্রকল্প ব্যবস্থাপক মো. আব্দুল মান্নান প্রমূখ। মেডিকেল অফিসার জনাব ডাঃ মো. আসাদুজ্জামান স্বাস্থ্য সম্মত ভাবে হাত ধোয়ার ব্যবহারিক কৌশল উপস্থিত সকলের সামনে উপস্থাপন করেন। উক্ত সভায় সভাপতি মহোদয় কিশোরীদের ঋতুকালীন সময়ে পরিস্কার-পরিচ্ছন্ন থাকার আবশ্যকতা ব্যাখ্যা করেন এবং আলোচনায় সভায় অংশগ্রহণকারী কিশোরীদের তা পালন করতে আহ্বান জানান। এছাড়াও বিশ্ব স্বাস্থ্য দিবস উদযাপনের উল্লেখযোগ্য কাজ হিসেবে কিশোরী, গর্ভবতী ও ১৫-৩৫ বছরের নারীদের বিনামূল্যে রক্তের গ্রুপ পরীক্ষা বিষয়ক ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়।

## দৌলতপুর ইউনিয়ন পরিষদের চলতি অর্থবছরের বাজেট ভিত্তিক সামাজিক নীরিক্ষা কার্যক্রম অনুষ্ঠিত

ইএসডিও প্রেমদীপ প্রকল্পের আয়োজনে হেকস্/ইপার এর সহযোগিতায় ঠাকুরগাঁও জেলার পীরগঞ্জ উপজেলার দৌলতপুর ইউনিয়নে চলতি বছরের বাজেট পরবর্তী সামাজিক নীরিক্ষা কার্যক্রম ও প্রতিবেদন উপস্থাপন বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।



সভায় বাজেট পরবর্তী অগ্রগতি মূল্যায়ন প্রত্যাশা অনুযায়ী হচ্ছে কিনা তা কাজের মান যাচাই করে স্থানীয় জনগণের মতামতের মাধ্যমে তথ্য সংগ্রহ ও উপস্থাপন করা হয়। সভার সভাপতি দৌলতপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কার্তিক চন্দ্র রায় বলেন বাজেটের মেয়াদ এক বছর, তাই কোন কার্যক্রম টার্গেট অনুযায়ী করার কথা থাকলেও সরকারি প্রাপ্ত অর্থ ও অনুদান প্রাপ্তি সাপেক্ষে করা হয়। এছাড়া অগ্রগতি মূল্যায়নে ও বিভিন্ন উন্নয়ন মূলক কর্মকান্ডে আদিবাসী বা দলিতদের অংশগ্রহণের কথা বলেন। তিনি আরও বলেন বাজেটে আদিবাসী ও দলিতদের চাহিদা এবং অর্থের অপ্রতুলতা সবসময় সমন্বয় করা সম্ভব হয় না। তবে বিশেষ ক্ষেত্রে বিভিন্ন সেবা প্রাপ্তিতে দলিত ও আদিবাসীদের অগ্রাধিকার দেয়া হবে এবং এ ধরনের সভার আয়োজন করার ফলে আমার পরিষদের বাজেট প্রণয়নের ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করবে। প্রতিবেদনে বলা হয় এই প্রক্রিয়ায় সর্বস্তরের জনগণের অংশগ্রহণ নিশ্চিতকরণের মাধ্যমে একটি শক্তিশালী এবং অংশগ্রহণমূলক স্থানীয় সরকার ব্যবস্থা নিশ্চিত করণের ক্ষেত্রে বিভিন্ন প্রতিবন্ধকতা থাকলেও দৌলতপুর ইউনিয়ন পরিষদের সাথে জনগণের যে একটি সুসম্পর্ক রয়েছে তা সামাজিক নীরিক্ষা প্রতিবেদন বিশ্লেষণ করলে বিষয়টি সুস্পষ্ট হয়ে উঠে। সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দৌলতপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ও বাংলাদেশ আওয়ামীলীগ দৌলতপুর ইউনিয়ন শাখার সভাপতি বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের সাবেক ছাত্র ইঞ্জিনিয়ার রাজেন্দ্র নাথ রায়, বাংলাদেশ জাতীয় পার্টির সভাপতি মোঃ মজিবর রহমান । এছাড়াও উপস্থিত ছিলেন মল্লিকপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ লিয়াকত আলী, পীরগঞ্জ প্যারাভেট এসোসিয়েশনের সভাপতি মোঃ নুরুল ইসলাম, দৌলতপুর সমাজ উন্নয়ন সংস্থার সভাপতি মোঃ জালাল উদ্দীন, ইএসডিও প্রেমদীপ প্রকল্পের টেকনিক্যাল ম্যানেজার (এ্যাডভোকেসী এন্ড ক্যাপাসিটি বিল্ডিং) মোঃ সুজন খান। প্রতিবেদন উপস্থাপন ও সভা সঞ্চালনা করেন প্রকল্পের টেকনিক্যাল ম্যানেজার মোঃ রওশন জামাল চৌধুরী। সভায় স্বাগত বক্তব্য রাখেন প্রেমদীপ প্রকল্পের উপজেলা ম্যানেজার মোঃ ওয়ালিউর রহমান। সভায় আরও উপস্থিত ছিলেন বিভিন্ন রাজনৈতিক ব্যক্তি, সুশীল সমাজের প্রতিনিধি, ইউপি সদস্য, সরকারি-বেসরকারি কর্মকর্তা এবং দলিত ও আদিবাসী জনগোষ্ঠী। সভায় বক্তাগণ বলেন, ইএসডিও প্রেমদীপ প্রকল্পের এধরনের কার্যক্রম দলিত ও আদিবাসীদের অধিকার আদায়ে অগ্রণী ভূমিকা রাখবে এবং তাদের উন্নয়নে আমরা সকলে একসাথে কাজ করবো।

## এমআইএস এন্ড আইসিটি ফর মাইক্রোফিন্যান্স কোর্সের প্রথম ব্যাচের সমাপনী ও সনদপত্র বিতরণ অনুষ্ঠান



পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)'র অর্থায়নে সমৃদ্ধি কর্মসূচির আওতায় ইকো সোশ্যাল ডেভলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও)'র বাস্তবায়নে এমআইএস এন্ড আইসিটি ফর মাইক্রোফিন্যান্স কোর্সের প্রথম ব্যাচের সমাপনী ও সনদপত্র বিতরণ অনুষ্ঠান গত ২৫ এপ্রিল ইএসডিও প্রধান কার্যালয়ের মেধা অনুশীলন কেন্দ্রে অনুষ্ঠিত হয়। ইএসডিও পরিচালিত ইকো ইন্সটিটিউট অব টেকনোলজী (ইআইটি) হতে প্রশিক্ষণ প্রাপ্ত ২৫ জন শিক্ষার্থীর হাতে প্রতিষ্ঠানের সনদপত্র তুলে দেন অনুষ্ঠানের প্রধান অতিথি ইএসডিও'র প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক ড. মুহম্মদ শহীদ ইজ জামান। সনদপত্র বিতরণ অনুষ্ঠানে এ সময় আরও উপস্থিত ছিলেন ইএসডিও'র মাইক্রোফিন্যান্স কর্মসূচীর প্রধান ঋণ সমন্বয়কারী মোঃ এনামুল হক; প্রোগ্রাম কো-অর্ডিনেটর যামিনী কুমার রায়; এপিসি (এইচআর) মোঃ আবুল মনসুর সরকার; এপিসি (ফিন্যান্স) মোঃ সৈয়দ আলী; ইআইটি'র অধ্যক্ষ শাহরিয়ার মাহমুদ। এখানে লক্ষণীয় যে কোর্স সম্পন্নকারী ২৫জন শিক্ষার্থী দেশের ১৫টি জেলার ১৮টি প্রতিষ্ঠান হতে আগত। সনদপত্র বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ড. মুহম্মদ শহীদ উজ জামান কোর্স সম্পন্নকারী শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, আজকে এই সনদ প্রাপ্তি এবং দক্ষতা অর্জনের ফলে এখন তোমরা দেশের সম্পদ। তোমাদের এই দক্ষতা এবং সনদ কর্মজীবনে প্রবেশের নানা সুযোগ সৃষ্টি করবে। তিনি আরও বলেন, আমি আশা করবো তোমরা এই সুযোগ কাজে লাগিয়ে কর্মের মাধ্যমে, দেশের জন্য, সমাজের জন্য ভূমিকা রাখবে।

## ঠাকুরগাঁও সরকারি পলিটেকনিক ইন্সটিটিউট এবং ইএসডিও'র মধ্যে পারস্পরিক সমঝোতা চুক্তি স্বাক্ষর



ইকো সোশ্যাল ডেভলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও)'র PACE প্রকল্পের অপ্রচলিত কৃষিপণ্য (সবজি ও ফলমূল) প্রক্রিয়াজাতকরণ ও উৎপাদিত পণ্যের বাজার উন্নয়ন শীর্ষক ভ্যালু চেইন কর্মসূচীর আওতায় ঠাকুরগাঁও সরকারি পলিটেকনিক ইন্সটিটিউট এবং ইকো সোশ্যাল ডেভলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও)'র মধ্যে একটি সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়। ইএসডিও প্রধান কার্যালয়ের মেধা অনুশীলন কেন্দ্রে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিপত্রে স্বাক্ষর করেন ইএসডিও'র নির্বাহী পরিচালক ড. মুহম্মদ শহীদ উজ জামান ও ঠাকুরগাঁও সরকারি পলিটেকনিক ইন্সটিটিউট এর অধ্যক্ষ মোঃ আকবর আলি খান। এ সময় আরও উপস্থিত ছিলেন ঠাকুরগাঁও সরকারি পলিটেকনিক ইন্সটিটিউট এর উপাধ্যক্ষ মোঃ খোরশেদ আলম; ফুড টেকনোলজি বিভাগের বিভাগীয় প্রধান ড. মোঃ আরিফুল আলম সহ ইএসডিও'র কর্মকর্তাবৃন্দ।

## শিক্ষা বৃত্তি প্রদান

*২৪ পৃষ্ঠার পর*

ক্লাব, ঠাকুরগাঁও; কেদার নাথ বর্মন, অধ্যক্ষ, আবুল হোসেন সরকার ডিগ্রি কলেজ; কামরুল ইসলাম রুবাইয়াত, জেলা প্রতিনিধি, ডেইলি স্টার, ঠাকুরগাঁও এবং ইএসডিও'র কর্মকর্তাবৃন্দ। উল্লেখ্য যে ঠাকুরগাঁও এবং দিনাজপুর জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ১০৭ জন শিক্ষার্থীর মাঝে ১২ লক্ষ ৮৪ হাজার টাকার শিক্ষা বৃত্তি প্রদান করা হয়। এর মধ্যে ৪৫ জন প্রথম মেয়াদে এবং ৬২ জন দ্বিতীয় মেয়াদে তাদের শিক্ষা বৃত্তি গ্রহণ করে। লক্ষণীয় যে, ১০৭ জন শিক্ষার্থীর মধ্যে ২৯ জন আদিবাসী ও দলিত সম্প্রদায়ের। ইএসডিও'র নির্বাহী পরিচালক ড. মুহম্মদ শহীদ উজ জামান তাঁর স্বাগত বক্তব্যে শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, এই শিক্ষা বৃত্তির একটু ভিন্নতা রয়েছে। এখানে যারা শিক্ষা বৃত্তির জন্য বিবেচিত হয়েছে তারা যদি উচ্চ শিক্ষায় সরকারি বিশ্ববিদ্যালয় বা ইন্সটিটিউট এ পড়ার সুযোগ পায় তাহলে তার এই শিক্ষা বৃত্তি শিক্ষা জীবন শেষ না হওয়া পর্যন্ত অব্যাহত থাকবে- যেটা সচরাচর অন্যান্য বৃত্তির বেলায় এমন সুযোগ খুব কম পাওয়া যায়। তিনি জানান প্রতি শিক্ষার্থী মাসে ১ হাজার টাকা করে ২৪ মাস পর্যন্ত পাবে। আমরা এর বিনিময়ে কিছু চাইনা, আমরা চাই তোমরা ভাল মানুষ হয়ে গড়ে উঠবে, শিক্ষা জীবন সমাপ্ত করে কর্মজীবনে গিয়ে আপন আপন জায়গা থেকে পরিবার, সমাজ ও রাষ্ট্রের জন্য অবদান রাখবে। অনুষ্ঠানের প্রধান অতিথি ড. কামরুজ্জামান সেলিম বলেন, আমি এই ধরনের মহৎ উদ্যোগের জন্য প্রথমে ইএসডিওকে ধন্যবাদ জানাই। আরও ধন্যবাদ জানাই যারা শিক্ষা বৃত্তির জন্য বিবেচিত হয়েছে তাদের। তিনি বলেন এই ধরনের বৃত্তির সুযোগ আগে তেমন ছিলনা। আর আজ শুধু সরকারি ভাবেই নয়, বে সরকারি প্রতিষ্ঠান গুলো আরও বেশি বেশি ভূমিকা রাখছে ফলে উপকৃত হচ্ছে সমাজ ও রাষ্ট্র, উন্নত হচ্ছে দেশের শিক্ষা ব্যবস্থা। তিনি এই ধরনের সুযোগ গুলো কাজে লাগানোর জন্য শিক্ষার্থীদের পরামর্শ দেন।

## বিশ্ব পানি দিবস ২০১৯ উদযাপন




'পানি সবার অধিকার বাদ রবেনা কেউ আর' এই প্রতিপাদ্যকে সামনে রেখে গত ১১ এপ্রিল ইকো-সোশ্যাল ডেভলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও) এর প্রধান কার্যালয়ে সাউথ এশিয়া ওয়াশ রেজাল্ট প্রকল্প-২এর উদ্যোগে বিশ্ব পানি দিবস ২০১৯ উদযাপন করা হয়। এ উপলক্ষে এক বর্ণাঢ্য র‍্যালী ইএসডিও'র প্রধান কার্যালয় চত্বর হতে শুরু করে শহরের গুরুত্বপূর্ণ রাস্তা প্রদক্ষিণ করে পুনরায় ইএসডিও'র প্রধান কার্যালয় চত্বরে এসে শেষ হয়। ইকো-সোশ্যাল ডেভলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও)'র নির্বাহী পরিচালক ড. মুহম্মদ শহীদ উজ জামান বিশ্ব পানি দিবস ২০১৯ উদ্‌যাপন উপলক্ষে পানির গুরুত্ব সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনার মাধ্যমে বর্ণাঢ্য র‍্যালীর শুভ উদ্বোধন ঘোষণা করেন। এছাড়াও র‍্যালীতে স্বাগত বক্তব্য প্রদান করেন সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঠাকুরগাঁও সদর মোঃ আফাজ উদ্দিন। র‍্যালীতে আরো উপস্থিত ছিলেন ইএসডিও'র বিভিন্ন প্রকল্পের কর্মকর্তাবৃন্দ, ইকো ইন্সটিটিউট অব টেকনোলজির প্রশিক্ষণার্থীবৃন্দ, সাউথ এশিয়া ওয়াশ রেজাল্ট প্রজেক্ট-২ এর কর্মীবৃন্দসহ আরো অনেকে। র‍্যালীর স্লোগান সমূহ ছিল ''পানি সবার অধিকার- বাদ রবেনা কেউ আর''। ''বিশ্ব পানি দিবস-সফল হোক সফল হোক''।

পাশাপাশি বিশ্ব পানি দিবস উদ্‌যাপন উপলক্ষে ইএসডিও'র মেধা অনুশীলন কেন্দ্রে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ঠাকুরগাঁও সদর এর সহকারী প্রকৌশলী মো: আফাজ উদ্দিন। সভাপতিত্ব করেন ইএসডিও'র উপদেষ্টা ড. মো: গোলাম ফারুক। আলোচনা সভায় ইএসডিও'র আওতায় সাউথ এশিয়া ওয়াশ রেজাল্ট প্রকল্প-২ (সফল) এর প্রকল্প ব্যবস্থাপক আহমেদ হোসেন চৌধুরী হেলাল পানি দিবসে পানির গুরুত্ব সম্পর্কে বিশদ আলোচনা করেন। তিনি বলেন, পৃথিবীর তিন ভাগ জল এক ভাগ স্থল কিন্তু এরপরও খাওয়া ও রান্নার জন্য নিরাপদ পানির যথেষ্ট অভাব পরিলক্ষিত হচ্ছে। সুতরাং পানির অপচয় রোধে সবাইকে একযোগে কাজ করতে হবে। আফাজ উদ্দিন, সহকারী প্রকৌশলী তাঁর বক্তব্যে বলেন, প্রতি সেকেন্ডে তিনজন শিশু নিরাপদ পানির অভাবে মৃত্যুবরণ করছে। আমাদের উত্তরবঙ্গে এখনো যে পানির ধারা বিদ্যমান তা অপচয় না করে হিসাব করে যদি খরচ করা হয় তাহলে আমরা আল্লাহর এই নেয়ামত থেকে সহজে বঞ্চিত হব না। তিনি উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন এখন থেকে যদি সবাই তাদের পরিবারে এমনকি সমাজে পানির গুরুত্ব তুলে ধরেন তাহলে ভবিষ্যতে পানির অভাব অনেকটা লাঘব হবে। সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে র‍্যালী ও আলোচনা সভায় অংশগ্রহন করার জন্য ধন্যবাদ জানান। তিনি বলেন পানি টলটল করলেই নিরাপদ হয়না। নিরাপদ রাখতে হয়। রান্না ও খাওয়ার কাজে নিরাপদ পানি ব্যবহারের গুরুত্ব তুলে ধরে আলোচনা সভার সমাপ্তি ঘোষণা করেন।

# ইএসডিও-সাংস্কৃতিক ও ক্রীড়া কর্মসূচির আওতায় সাহিত্য, সাংস্কৃতিক ও ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত



পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)'র সহায়তায় এবং ইকো সোশ্যাল ডেভলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও)'র বাস্তবায়নে সাংস্কৃতিক ও ক্রীড়া কর্মসূচীর আওতায় যৌতুক, বাল্যবিবাহ, নারী নির্যাতন, মাদক, ইভটিজিং প্রতিরোধে সচেতনতা সৃষ্টির লক্ষে ঠাকুরগাঁও জেলার পাঁচটি উপজেলায় এবং পঞ্চগড় জেলার চারটি উপজেলায় সাহিত্য, সাংস্কৃতিক ও ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। উপজেলা ভিত্তিক ১০টি করে মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের নিয়ে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার বিষয়গুলো ছিল- শুদ্ধভাবে জাতীয় সংগীত গাওয়া, কবিতা আবৃত্তি, উপস্থিত বক্তৃতা, কুইজ, দাবা ও ক্যারাম বোর্ড। উপজেলাভিত্তিক প্রতিযোগিতার বিবরণ-

### ঠাকুরগাঁও সদর

ঠাকুরগাঁও সদর উপজেলায় ১০টি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে অনুষ্ঠিত হয় উল্লেখিত ইভেন্ট সমুহের প্রতিযোগিতা। ঠাকুরগাঁও সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের মাল্টিপারপাস হলরুমে এ উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন ইএসডিও'র সিনিয়র কো-অর্ডিনেটর মোঃ শাহ আমিনুল হক। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারী জেলা শিক্ষা অফিসার মোঃ মজিবুর রহমান। বিশেষ অতিথি ছিলেন সদর উপজেলা সহকারী মাধ্যমিক শিক্ষা অফিসার রওশন আরা বেগম; ঠাকুরগাঁও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক সালেহা বেগম; ইকো পাঠশালা এন্ড কলেজের সহকারি উপাধ্যক্ষ প্রতিভা রায় দোলা; কর্মসূচীর প্রোগ্রাম অফিসার মোঃ রফিকুল ইসলাম।

### বালিয়াডাঙ্গী

ঠাকুরগাঁও জেলার বালিয়াডাঙ্গী উপজেলায় ১০টি মাধ্যমিক বিদ্যালয়ের ৩৫০ জন শিক্ষার্থীর অংশগ্রহণে উল্লেখিত ইভেন্ট সমুহের প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতা শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। পুরস্কার বিতরণী সভায় সভাপতিত্ব করেন মোঃ আব্দুর রহমান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বালিয়াডাঙ্গী। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ আলী আসলাম জুয়েল, চেয়ারম্যান, বালিয়াডাঙ্গী উপজেলা পরিষদ; বিশেষ অতিথি ছিলেন মোঃ আনোয়ার হোসেন, জোনাল ম্যানেজার; নগেন্দ্রনাথ রায়, প্রোগ্রাম ম্যানেজার; মোঃ নূর আলম, শাখা ব্যবস্থাপক। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন প্রোগ্রাম অফিসার মোঃ রফিকুল ইসলাম।

### পীরগঞ্জ

পীরগঞ্জ উপজেলার ১০টি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা উল্লেখিত ইভেন্ট সমুহের প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। এ উপলক্ষে আয়োজিত পুরস্কার বিতরণী সভা উপজেলা পরিষদ চত্বরে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ইএসডিও'র সিনিয়র কো-অর্ডিনেটর শাহ আমিনুল হক। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ আখতারুল ইসলাম, চেয়ারম্যান,উপজেলা পরিষদ,পীরগঞ্জ। এ সময় আরও উপস্থিত ছিলেন ভারতী রাণী রায়, মহিলা ভাইস চেয়ারম্যান, পীরগঞ্জ; গিয়াসউদ্দীন আহমেদ, জেলা পরিষদ সদস্য।

### হরিপুর

হরিপুর উপজেলায় ১০টি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে অনুষ্ঠিত হয় ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মসূচীর উল্লেখিত ইভেন্টসমুহ। এ উপলক্ষে আয়োজিত পুরস্কার বিতরণী সভায় সভাপতিত্ব করেন জোনাল ম্যানেজার মোঃ আনোয়ার হোসেন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ জিয়াউল হাসান মুকুল, চেয়ারম্যান, হরিপুর উপজেলা পরিষদ। এ সময় আরও উপস্থিত ছিলেন মোঃ জমির উদ্দীন, প্রধান শিক্ষক(অবসরপ্রাপ্ত) হরিপুর বালিকা উচ্চ বিদ্যালয়; মো: মোতাহার হোসেন, প্রধান শিক্ষক, হরিপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়; কর্মসূচীর প্রোগ্রাম অফিসার মোঃ রফিকুল ইসলাম।

### রাণীশংকৈল

রাণীশংকৈল উপজেলায় ১০টি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে অনুষ্ঠিত হয় ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মসূচীর উল্লেখিত ইভেন্টসমুহ। এ উপলক্ষে আয়োজিত পুরস্কার বিতরণী সভায় সভাপতিত্ব করেন ইএসডিও'র সিনিয়র কো-অর্ডিনেটর শাহ মোঃ আমিনুল হক। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ ইয়াছিন আলী, সাবেক সংসদ সদস্য, ঠাকুরগাঁও-৩; গেস্ট অব অনার ছিলেন মোঃ শাহরিয়ার আযম মুন্না, চেয়ারম্যান, রাণীশংকৈল উপজেলা পরিষদ; বিশেষ অতিথি ছিলেন মোঃ সোহেল রানা, ভাইস চেয়ারম্যান; মোঃ বেলাল উদ্দীন, সহকারী মাধ্যমিক শিক্ষা অফিসার; মোঃ জাহাঙ্গীর আলম সরকার, সভাপতি, বাংলাদেশ আওয়ামীলীগ, পৌর শাখা; রাণীশংকৈল ডিগ্রি কলেজের প্রভাষক প্রশান্ত কুমার বসাক । অনুষ্ঠানটি সঞ্চালনা করেন কর্মসূচীর প্রোগ্রাম অফিসার মোঃ রফিকুল ইসলাম।

### পঞ্চগড় সদর

জেলাব্যাপী ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মসূচীর আওতায় উল্লেখিত ইভেন্ট সমুহের প্রতিযোগিতা পঞ্চগড় সদর উপজেলার ১০ টি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে অনুষ্ঠিত হয়। এ উপলক্ষে আয়োজিত পুরস্কার বিতরণী সভায় পঞ্চগড় জোনের জোনাল ম্যানেজার মোঃ ওমর ফারুকের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ সাইফুল ইসলাম প্রামানিক, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পঞ্চগড় সদর; বিশেষ অতিথি ছিলেন মোঃ আওলাদ হোসেন, যুব উন্নয়ন কর্মকর্তা, পঞ্চগড় সদর। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন কর্মসূচীর প্রোগ্রাম অফিসার মোঃ মামুন মাসুদ করিম।

### বোদা

পঞ্চগড় জেলার বোদা উপজেলার ১০টি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের নিয়ে অনুষ্ঠিত হয় উল্লেখিত ইভেন্ট সমুহের প্রতিযোগিতা। এ উপলক্ষে বোদা মডেল সরকারি হাইস্কুল এন্ড কলেজ মাঠে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ আবুল হোসেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বোদা। এ সময় আরও উপস্থিত ছিলেন মোঃ ওমর ফারুক, জোনাল ম্যানেজার; অনুষ্ঠানটি সঞ্চালনা করেন মোঃ মামুন মাসুদ করীম, প্রোগ্রাম অফিসার।

### দেবীগঞ্জ

জেলাব্যাপী ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মসূচীর আওতায় উল্লেখিত ইভেন্ট সমুহের প্রতিযোগিতা দেবীগঞ্জ উপজেলার ১০ টি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে অনুষ্ঠিত হয়। এ উপলক্ষে আয়োজিত পুরস্কার বিতরণী সভায় সভাপতিত্ব করেন মোঃ আবু বক্কর সিদ্দীক, প্রোগ্রাম ম্যানেজার, পঞ্চগড় জোন, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ সলিমুল্লাহ, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার; বিশেষ অতিথি ছিলেন অ.স.ম নুরুজ্জামান, প্রধান শিক্ষক, ডা: মেজর (অব:) তনবিরুজ্জামান উচ্চ বিদ্যালয়; অনুষ্ঠানটি সঞ্চালনা করেন কর্মসূচির প্রোগ্রাম অফিসার মোঃ মামুন মাসুদ করীম।

### আটোয়ারী

জেলাব্যাপী ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মসূচীর আওতায় উল্লেখিত ইভেন্ট সমুহের প্রতিযোগিতা আটোয়ারী উপজেলায় অনুষ্ঠিত হয়। এ উপলক্ষে আয়োজিত পুরস্কার বিতরণী সভায় সভাপতিত্ব করেন, মোঃ ইউসুফ আলী, সাধারণ সম্পাদক, প্রেসক্লাব; প্রধান অতিথি ছিলেন, মোঃ তোবারক হোসেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার; মোঃ আব্দুল কুদ্দুস, প্রধান শিক্ষক, আটোয়ারী পাইলট উচ্চ বিদ্যালয়।

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে দলিত ও সমতলের ক্ষুদ্র নৃ-গোষ্ঠির সদস্যদের জন্য 'টেকসই উন্নয়ন অভীষ্ঠ' (SDG) অবহিতকরণ প্রশিক্ষণে ইএসডিও'র প্রেমদীপ প্রকল্পের সফল অংশগ্রহণ



গত ৩০ এপ্রিল ২০১৯ মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের করবি হলে গভর্নেন্স ইনোভেশন ইউনিট (GIU) এর আয়োজনে এবং হেকস্-ইপার এর আমন্ত্রণে দলিত ও সমতলের ক্ষুদ্র নৃ-গোষ্ঠির সদস্যদের জন্য 'টেকসই উন্নয়ন অভিষ্ঠ' অবহিতকরণ তথা 'টেকসই উন্নয়ন অভিষ্ঠ স্থানীয়করণ' বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করা হয়। মাননীয় প্রধানমন্ত্রীর মূখ্য সমন্বয়কারী মোঃ আবুল কালাম আজাদ এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক উপদেষ্টা ড. গওহর রিজভী। উপস্থিত ছিলেন ১৫ জন সংসদ সদস্য, ইএসডিও'র নির্বাহী পরিচালক ড. মুহম্মদ শহীদ উজ জামান, হেকস্/ইপার এর কান্ট্রি ডিরেক্টর অনিক আসাদ, সিপিডি'র চেয়ারম্যান ও খ্যাতিমান অর্থনীতিবিদ দেবপ্রিয় ভট্টাচার্য্য; মিডিয়া ব্যক্তিত্ব ফাউজিয়া ব্রাউনিয়া; বিশিষ্ট নাট্য ব্যক্তিত্ব রোকেয়া প্রাচী; হেকস্-ইপার এর রাইট বেইজড প্রোগ্রাম এন্ড এ্যাডভোকেসি ম্যানেজার মোঃ মোজাহিদুল ইসলামসহ সারা দেশের আদিবাসী ও দলিত প্রতিনিধিবৃন্দ। কর্মশালায় ইএসডিও'র প্রেমদীপ প্রকল্পের কর্ম এলাকার ৪ উপজেলা হতে ৭ জন পিওসি এবং দু'জন কর্মকর্তা অংশ নেয়। দিন ব্যাপী এই অবহিতকরণ প্রশিক্ষণের মাধ্যমে 'টেকসই উন্নয়ন অভিষ্ঠ' (SDG) অর্জনে বাধা ও চ্যালেঞ্জ সমূহ নির্ধারণ এবং এই বাধা হতে উত্তরণের উপায় সম্পর্কিত পরামর্শ নিয়ে দলিত ও সমতলের ক্ষুদ্র নৃ-গোষ্ঠির সদস্যদেরকে অবহিত করা ও এর সমাধান জানতে চাওয়া হলে দলিত ও সমতলের ক্ষুদ্র নৃ-গোষ্ঠির বঞ্চনা, দুঃখ, তাদের পিছিয়ে পড়ার প্রেক্ষাপট ও প্রভাবশালী ব্যক্তিদের তাদের উপর করা নির্যাতন ও দাবিয়ে রাখার মানসিকতা এবং চরম ভাবে মানবাধিকার লজ্মণ ও চলমান বৈষম্যের উপর বিশদ আলোচনা হয়। উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন ইএসডিও প্রেমদীপ প্রকল্পের পীরগঞ্জ উপজেলার বৈরচুনা ইউনিয়নের গিলাবাড়ী গ্রাম উন্নয়ন কমিটির ক্যাশিয়ার সরলা মূরমু। তিনি দলিত ও সমতলের ক্ষুদ্র নৃ-গোষ্ঠির শিক্ষা ক্ষেত্রে বাধা এবং উত্তরণের উপায় নিয়ে বক্তব্য প্রদান করেন। আদিবাসীদের হারানো সম্পত্তি এবং খাস জমি বিষয়ে বক্তব্য রাখেন পীরগঞ্জ উপজেলার আদিবাসী ও দলিত উন্নয়ন ফোরামের সহ সভাপতি ও প্রেমদীপ প্রকল্পের ভিডিসি সভাপতি কাচেন্দ্রনাথ ঋষী। বৈষম্য ও মানবাধিকার বিষয়ে বক্তব্য দেন দিনাজপুর জেলার বোচাগঞ্জ উপজেলার আটগাঁও ইউনিয়নের ভিডিসির সাধারণ সম্পাদক সুমিত্রা রানী দাস। দলিতদের আবাসন ও খাসজমি বরাদ্দ বিষয়ে বক্তব্য রাখেন ঠাকুরগাঁও সদর

*বাকী অংশ ৩৮ পৃষ্ঠায়*

## প্রেমদীপ প্রকল্পের উদ্যোগে অনুষ্ঠিত হলো সেবা প্রদানকারী ও সেবা গ্রহণকারীদের আত্মমূল্যায়ণ বিষয়ক মতবিনিময় সভা



ইএসডিও প্রেমদীপ প্রকল্প ও জাবরহাট ইউনিয়ন পরিষদের যৌথ আয়োজনে হেকস্ ইপার এর সহযোগিতায় ঠাকুরগাঁও জেলার পীরগঞ্জ উপজেলার জাবরহাট ইউনিয়নের সেবা গ্রহণকারী ও প্রদানকারীদের সমন্বয়ে অনুষ্ঠিত হলো আত্মমূল্যায়ণ বিষয়ক মত বিনিময় সভা।

গত ২৮ এপ্রিল জাবরহাট ইউনিয়নের চেয়ারম্যান মোঃ হুমায়ুন কবীর এর সভাপতিত্বে আত্মমূল্যায়ণ বিষয়ক মতবিনিময় সভাটি জাবরহাট ইউনিয়ন পরিষদ হলরুমে অনুষ্ঠিত হয়। সভায় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আত্মমূল্যায়ণ ও দলিত-আদিবাসী কমিউনিটির জনগণের মূল্যায়ণের ব্যবধান তুলে ধরেন। সভা পূর্ববর্তী জাবরহাট ইউনিয়নের ৭টি আদিবাসী গ্রামের প্রতিনিধিগণ তাদের সামাজিক নিরাপত্তা বিষয়ে আত্মমূল্যায়ণ করেন এবং ইউপি চেয়ারম্যান হিসেবে আদিবাসী কমিউনিটিতে কতভাগ সেবা প্রদান করতে পেরেছেন তাও তিনি আত্মমূল্যায়ণ করেন। সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইএসডিও প্রেমদীপ প্রকল্পের প্রকল্প সমন্বয়কারী কাজী মোঃ সেরাজুস সালেকীন এবং সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পীরগঞ্জ উপজেলার নব নির্বাচিত মহিলা ভাইস চেয়ারম্যান ভারতী রানী, উপস্থিত ছিলেন জাবরহাট ইউনিয়ন জাতীয় পার্টির সাধারণ সম্পাদক মোঃ মকবুল হোসেন, বাংলাদেশ আওয়ামীলীগ জাবরহাট ইউনিয়ন শাখার সাধারণ সম্পাদক মোঃ শাহীন কাদের, জারবহাট হেমচন্দ্র উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক গোপেন্দ্রনাথ মালাকার, বিভিন্ন স্কুল কলেজের শিক্ষক বৃন্দ, সমাজের বিভিন্ন পেশার গণ্যমান্য ব্যক্তিবর্গ, ইউনিয়ন পরিষদের সদস্যবৃন্দ, বিভিন্ন গ্রাম থেকে আগত দলিত ও আদিবাসী সম্প্রদায়ের প্রতিনিধিবৃন্দ। সভার শুরুতেই শুভেচ্ছা বক্তব্য রাখেন ইএসডিও প্রেমদীপ প্রকল্পের প্রকল্প সমন্বয়কারী কাজী মোঃ সেরাজুস সালেকীন। সভার লক্ষ্য উদ্দেশ্য উপস্থাপন করেন ইএসডিও প্রেমদীপ প্রকল্পের উপজেলা ম্যানেজার মোঃ ওয়ালিউর রহমান এবং সভা সঞ্চলনা করেন প্রকল্পের টেকনিক্যাল ম্যানেজার মোঃ রওশন জামাল চৌধুরী। সভায় বক্তাগণ বলেন, আদিবাসী ও দলিতদের মূলস্রোতধারায় মিলিত হবার একমাত্র পথ হলো শিক্ষা। তাই তাদের ছেলেমেয়েদের উচ্চ শিক্ষায় শিক্ষিত করতে পারলে তারা উন্নতির পথে ধাবিত হবে। সভার সভাপতি তাঁর বক্তব্যে বলেন এবছর আদিবাসীদের অনেক ভাতা প্রদান করা হয়েছে এবং তা অব্যাহত থাকবে, তবে তাদের বিভিন্ন নিয়ম কানুন মেনে চলতে হবে-যেমন অন লাইনে আবেদন করা, মাইকিং হলে ইউনিয়ন পরিষদে এসে লাইনে দাঁড়িয়ে তালিকাভুক্তি হওয়া। তিনি আরো বলেন, ইউনিয়নের বরাদ্দ বৃদ্ধি করতে ইএসডিওকে সহযোগিতা করতে হবে কারণ, ইএসডিও'র প্রতিনিধিগণ জেলা ও বিভাগীয় পর্যায়ে বিভিন্ন নীতিনির্ধারণী সভায় অংশগ্রহণ করেন। সভা শেষে ইউনিয়ন পরিষদের সেবার মান বৃদ্ধিতে একটি কর্মপরিকল্পনা তৈরী করা হয়-যার মাধ্যমে দলিত ও আদিবাসী কমিউনিটিতে সেবা বৃদ্ধিতে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা যাবে।

## ইএসডিও-ম্যাজিক বাস চাইল্ডহুড টু লাইভলিহুড প্রকল্পের মাস ব্যাপী বার্ষিক কমিউনিটি ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত



বর্ণিল আয়োজন আর নানা ইভেন্টের খেলা-ধুলার মধ্য দিয়ে ঠাকুরগাঁও সদর, পীরগঞ্জ ও বালিয়াডাঙ্গী উপজেলায় মোট দশটি এমপিও ভূক্ত মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের নিয়ে গত ১৮ এপ্রিল হতে ৩০ এপ্রিল পর্যন্ত পর্যায়ক্রমিকভাবে বার্ষিক কমিউনিটি ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ সম্পন্ন হয়েছে। ইএসডিও-ম্যাজিক বাস "শৈশব থেকে জীবিকায়ন" প্রকল্পের আওতায় মোট ১৮৭০ জন শিক্ষার্থী ক্রীড়া প্রতিযোগিতা সমূহে অংশগ্রহণ করে। উল্লেখ্য, প্রতিযোগিতা সমূহে অংশগ্রহণকারীদের মধ্যে ছাত্র ৭৯২ জন এবং ছাত্রী ১০৭৮ জন। ঠাকুরগাঁও সদর উপজেলার আইডিয়াল হাই স্কুল, কচুবাড়ী উচ্চ বিদ্যালয়, মাদারগঞ্জ এম বি উচ্চ বিদ্যালয়, মোলানি উচ্চ বিদ্যালয়, ভেলাজান উচ্চ বিদ্যালয়, ঠাকুরগাঁও রোড বালিকা উচ্চ বিদ্যালয়, পারপূগী দ্বিমুখী উচ্চ বিদ্যালয়, পীরগঞ্জ উপজেলার লোহাগড়া বালিকা উচ্চ বিদ্যালয়, জনগাঁও উচ্চ বিদ্যালয় এবং বালিয়াডাঙ্গী উপজেলার কালমেঘ আর আলী উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীদের নিয়ে আনন্দঘন পরিবেশে ক্রীড়া প্রতিযোগিতা সমূহ অনুষ্ঠিত হয়।

আইডিয়াল কমিউনিটি ক্রীড়া প্রতিযোগিতায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঠাকুরগাঁও পৌরসভার সংরক্ষিত মহিলা কাউন্সিলর দ্রৌপদীদেবী আগরওয়াল। কচুবাড়ী কমিউনিটি ক্রীড়া প্রতিযোগিতায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আউলিয়াপুর ইউনিয়ন যুবলীগ সভাপতি দুলাল হোসেন সুমন। মাদারগঞ্জ কমিউনিটি ক্রীড়া প্রতিযোগিতায় প্রধান অতিথি ছিলেন স্কুলের দাতা সদস্য মোঃ আব্দুল কাদের। মোলানি কমিউনিটি ক্রীড়া প্রতিযোগিতায় প্রধান অতিথি ছিলেন আওয়ামীলীগের স্থানীয় ক্রীড়া সম্পাদক ঋষিকেশ রায় লিটন। ভেলাজান কমিউনিটিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এসএমসি'র সভাপতি আনসারুল ইসলাম। ঠাকুরগাঁও রোড কমিউনিটি ক্রীড়া প্রতিযোগিতায় প্রধান অতিথি ছিলেন ঠাকুরগাঁও পৌরসভার ১০ নং ওয়ার্ড কাউন্সিলর মাহামুদুল হাসান অনিক। পারপূগী কমিউনিটি ক্রীড়া প্রতিযোগিতায় প্রধান অতিথি ছিলেন জামালপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ও এসএমসি'র সভাপতি এসএম মুস্তাক। পীরগঞ্জ উপজেলার লোহাগড়া কমিউনিটি ক্রীড়া প্রতিযোগিতায় প্রধান অতিথি ছিলেন খনগাঁও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ কাউছার আলী (ডাবলু)। ভোমরাদহ ইউনিয়নের জনগাঁও কমিউনিটিতে উপস্থিত ছিলেন ঠাকুরগাঁও জেলা পরিষদ সদস্য মোঃ আসিরউদ্দিন। বালিয়াডাঙ্গী উপজেলার দুওসুও ইউনিয়নের কালমেঘ কমিউনিটিতে অনুষ্ঠিত প্রতিযোগিতায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্কুল ম্যানেজিং কমিটির সদস্য অভয় কুমার রায়। এছাড়াও উপস্থিত ছিলেন অভিভাবকবৃন্দ, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ, বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সদস্যবৃন্দ, প্রধান শিক্ষক ও শিক্ষকমন্ডলী। উল্লেখ্য, ইএসডিও-ম্যাজিক বাস গ্লোবাল এর সহায়তায় বাস্তবায়িত 'শৈশব থেকে জীবিকায়ন' প্রকল্পের কার্যক্রম ১২ থেকে ১৪ বছর বয়সী শিক্ষার্থীদের নিয়ে শুরু করে ১৮+ বয়সী শিক্ষার্থীদের নিয়ে পরিচালিত হচ্ছে। প্রকল্পের লক্ষ্যিত অংশগ্রহণকারীরা প্রকল্প কর্মসূচির আওতায় দলগত কাজের মাধ্যমে শিক্ষা, সমস্যা সমাধান, প্রাতিষ্ঠানিক শিক্ষা, নিজেকে জানা, তথ্য প্রযুক্তি বিষয়ক শিক্ষা, অর্থনৈতিক শিক্ষা, ভবিষ্যৎ কর্ম প্রস্তুতির মত গুরুত্বপূর্ণ জীবনমূখী বিষয় সমূহে ক্রমাগত দক্ষতা অর্জন করছে। এই শিক্ষণ প্রক্রিয়ার পর্যায়ক্রমিক ধাপে শিক্ষার্থীরা কারিগরি দক্ষতা, আত্মউপস্থাপন কৌশল, জীবনবৃত্তান্ত তৈরি, ইন্টারভিউ দক্ষতা, কর্মস্থল নির্বাচন ও শিক্ষানবিশ প্রস্তুতির মত বিষয়ে পারদর্শিতা অর্জন করবে ।

সিটুএল প্রকল্প বাস্তবায়ন ধারাবাহিকতায় এবারের অনুষ্ঠিত কমিউনিটি স্পোর্টস প্রতিযোগিতাসমূহে আমন্ত্রিত অতিথিবৃন্দ, শিক্ষকমন্ডলী এবং বিদ্যালয় ম্যানেজিং কমিটির সদস্যবৃন্দ উপস্থিত থেকে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন।

## জাবরহাট ইউনিয়নে ইএসডিও-সমৃদ্ধি কর্মসূচির উদ্যোগে ডায়াবেটিস রোগীদের জন্য বিনামূল্যে চিকিৎসা সেবা ক্যাম্প অনুষ্ঠিত

পীরগঞ্জ উপজেলার ১০নং জাবরহাট ইউনিয়নে ইকো সোশ্যাল ডেভলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও)'র উদ্যোগে, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় সমৃদ্ধি কর্মসূচির আওতায় ডায়াবেটিস রোগীদের জন্য বিনামূল্যে চিকিৎসা সেবা ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।
গত ৩০ এপ্রিল ২০১৯ ঠাকুরগাঁও জেলা পীরগঞ্জ উপজেলার ১০নং জাবরহাট ইউনিয়ন পরিষদে সমৃদ্ধি কর্মসূচির আওতায় ডায়াবেটিস রোগীদের জন্য বিনামূল্যে চিকিৎসা সেবা ক্যাম্প অনুষ্ঠিত হয়। চিকিৎসা সেবা ক্যাম্পের উদ্বোধন করেন ১০নং জাবরহাট ইউনিয়নের চেয়ারম্যান মোঃ হুমায়ুন কবীর। এ সময় তিনি ইএসডিও সমৃদ্ধি কর্মসূচির এধরনের কার্যক্রম সম্পর্কে ইতিবাচক সাড়া দিয়ে বলেন, ইএসডিও যেভাবে প্রান্তিক জনগোষ্ঠীর কাছে চিকিৎসা সেবা সহ অন্যান্য সহযোগিতার হাত বাড়িয়েছেন তার মধ্যে আমরা ১০নং জাবরহাটবাসি ইএসডিও সমৃদ্ধি কর্মসূচির মাধ্যমে বেশি সুফলভোগ করছি। এসময় উপস্থিত ছিলেন মোঃ আনোয়ার হোসেন, জোনাল ম্যানেজার, পীরগঞ্জ জোন- ইএসডিও। ডায়াবেটিস রোগীদের জন্য বিনামূল্যে চিকিৎসা সেবা ক্যাম্পটি ডাঃ সুব্রত কুমার সেন এর নেতৃত্বে ডাঃ নব কান্ত রায় ১৬২জন ডায়াবেটিস রোগীর প্রাথমিক চিকিৎসা প্রদান করেন। স্বাস্থ্য ক্যাম্পের সার্বিক সহযোগিতা করেন ইএসডিও সমৃদ্ধি কর্মসূচি, ১০নং জাবরহাট ইউনিয়নের কর্মসূচি সমন্বয়কারী মোঃ সোহেল রানা, স্বাস্থ্য কর্মকর্তা মোঃ আবু সাঈদ, দিপ্তী রায়, সমাজ উন্নয়ন কর্মকর্তা মোঃ আসাদুজ্জামান, উদ্যোগ উন্নয়ন কর্মকর্তা হরিলাল চন্দ্র পাল এবং স্কুল সুপারভাইজার মোঃ রশিদুল ইসলাম।



# গণমাধ্যমে ইএসডিও



DHAKA SUNDAY APRIL 28, 2019

The Daily Star

Your Right to Know

A college girl receives a cheque of Tk 12,000 from chief guest Dr KM Kamruzzaman, deputy commissioner of Thakurgaon, at a programme organised by Eco Social Development Organisation (ESDO) in the town yesterday. Cheques of Tk 12.84 lakh were distributed among 107 underprivileged students, who passed SSC examinations last year, under a project of PKSF.



প্রথম আলো

হাতীবান্ধা

## প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন

লালমনিরহাটের হাতীবান্ধা উপজেলায় দিনভর নানা কর্মসূচির মধ্য দিয়ে বেসরকারি উন্নয়ন সংস্থা ইএসডিওর ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপিত হয়েছে। এতে প্রধান অতিথি ছিলেন হাতীবান্ধা ইউএনও সামিউল আমিন। গত মঙ্গলবার ইএসডিওর উপজেলা কার্যালয়ে জাতীয় পতাকা উত্তোলন করে অনুষ্ঠানের শুরু হয়। এরপর কেক কাটা, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান হয়। পরে ইএসডিওর প্রকল্প সমন্বয়কারী আবদুল মান্নান এতে সভাপতিত্ব করেন। বক্তব্য দেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা রমজান আলী, সিন্দুর্না ইউপি চেয়ারম্যান নুরল আমিন, পরিবার পরিকল্পনা কর্মকর্তা খায়রুল ইসলাম প্রমুখ।

**প্রতিনিধি**, *পাটগ্রাম, লালমনিরহাট*



প্রথম খবর

হাতীবান্ধায় ইএসডিও'র প্রতিষ্ঠাবার্ষিকী পালিত



দৈনিক ইছামতি

ইএসডিও'র প্রতিষ্ঠাবার্ষিকী পালন আটঘরিয়ায়



দৈনিক ইছামতি

সুজানগর ইএসডিও'র প্রতিষ্ঠা বার্ষিকী পালিত



দৈনিক মিনার

বৃহস্পতিবার ০৪ এপ্রিল ২০১৯ খ্রি.

ভাঙ্গুড়ায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন



দৈনিক বিশ্ববার্তা

ইএসডিও'র ৩১ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন



দৈনিক মিনার

পাবনায় ইএসডিও'র ৩১তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত



দৈনিক জোড়বাংলা

The Daily Jorebangla



লোকায়ন

ইএসডিও গণমানুষের প্রতিষ্ঠান

আনন্দ উৎসবে ইএসডিওর ৩১তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

# রংপুর জেলার কাউনিয়া উপজেলায় জানো প্রকল্পের সমন্বয় সভা এবং প্রধান শিক্ষকদের অবহিতকরণ সভা অনুষ্ঠিত



৩০ এপ্রিল ২০১৯, রংপুর জেলার কাউনিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হলরুমে ইউরোপিয়ান ইউনিয়নের অর্থায়নে, কেয়ার বাংলাদেশ ও প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশের কারিগরি সহায়তায় এবং ইএসডিও কর্তৃক বাস্তবায়নকৃত Joint Action for Nutrition Outcome (JANO) শীর্ষক প্রকল্পের সিএসজি পূনর্গঠনে স্থানীয় কর্তৃপক্ষ ও ষ্টেকহোল্ডারদের সাথে উপজেলা পর্যায়ে সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: মো: আসিফ ফেরদৌসের সভাপতিত্বে সভাটি অনুষ্ঠিত হয়। তিনি জানান যে, জানো প্রকল্পের মাধ্যমে কাউনিয়া উপজেলার কমিউনিটি গ্রুপ, কমিউনিটি সাপোর্ট গ্রুপ ও কমিউনিটি ক্লিনিকের গুণগত মান উন্নয়নে মনিটরিং, সুপারভিশন কার্যক্রম জোরদারকরণ ও কমিউনিটি ক্লিনিক কার্যক্রমে জনগণকে উদ্বুদ্ধকরণের কাজ শুরু করবে। বর্তমানে কমিউনিটি সাপোর্ট গ্রুপের মেয়াদ শেষ হওয়া, সাপোর্ট গ্রুপের সদস্যদের মৃত্যুবরণ, কিছু কিছু সদস্যের নিষ্ক্রিয় ভূমিকা পালন ও অন্যত্র গমনের কারণে কমিউনিটি সাপোর্ট গ্রুপগুলোর পূনর্গঠন প্রয়োজন।

এ সময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মো: সিহাব উদ্দীন শেখ, উপজেলা পরিবার-পরিকল্পনা কর্মকর্তা, কাউনিয়া উপজেলার সকল স্বাস্থ্য সহকারী (HA), স্বাস্থ্য পরিদর্শক (HI), সহকারী স্বাস্থ্য পরিদর্শক (AHI) ও পরিবার-পরিকল্পনা পরিদর্শক (FPI), রজব আলী, প্রকল্প ম্যানেজার, কেপাসিটি বিল্ডিং, জানো প্রকল্প, কেয়ার বাংলাদেশ, মীর আশিকুর আলম, মনিটরিং ও ইভাল্যুয়েশন অফিসার, ইএসডিও এবং ইএসডিও'র কর্মকর্তাবৃন্দ। সভাটি সঞ্চালনা করেন ইএসডিও-জানো প্রকল্পের সহকারী প্রকল্প ব্যবস্থাপক মো: রেজওয়ানুর রহমান।

একই দিনে রংপুর জেলার কাউনিয়া উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের হলরুমে প্রধান শিক্ষকদের জানো প্রকল্পের অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ডা: মো: জাকির হোসেনের সভাপতিত্বে সভাটি অনুষ্ঠিত হয়। সভায় জানো প্রকল্পের লক্ষ্য-উদ্দেশ্য, প্রত্যাশিত ফলাফল, কাজের কৌশল সহ প্রকল্পের সার্বিক পরিচিতি উপস্থাপন করা হয়। স্বপন কুমার অধিকারী, উপজেলা শিক্ষা অফিসার প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। সভায় কাউনিয়া উপজেলার ৩৫ জন মাধ্যমিক স্কুলের প্রধান শিক্ষক, ০৪ জন প্রাথমিক স্কুলের প্রধান শিক্ষক, মাদ্রাসা সুপার ০৩ জন, ইএসডিও-জানো প্রকল্পের, প্রকল্প ব্যবস্থাপক মারুফ আহ্মেদ এবং ইএসডিও'র কর্মকর্তাবৃন্দ এসময় উপস্থিত ছিলেন।

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর

*৩৫ পৃষ্ঠার পর*

উপজেলার রোড কলোনী ভিডিসি'র সভাপতি ও বাংলাদেশ হরিজন ঐক্য পরিষদ ঠাকুরগাঁও এর সাধারণ সম্পাদক রাজু বাসফোর; অবকাঠামো উন্নয়ন ও সম নাগরিক সুবিধা বিষয়ে বক্তব্য দেন রাণীশংকৈল উপজেলার বাচোর ইউনিয়নের বাঁকসা সুন্দরপুর গ্রামের উৎপাদক দলের সম্পাদক আরতি পাহান; ইএসডিও প্রেমদীপ প্রকল্পের টেকনিক্যাল ম্যানেজার (ল্যান্ড এন্ড লিগ্যাল সাপোর্ট) শাহ মোঃ আমিনুল হক। হেকস্/ইপার এর পক্ষে বক্তব্য রাখেন ম্যানেজার (রাইট বেইজড প্রোগ্রাম এন্ড এ্যাডভোকেসি) মোঃ মোজাহিদুল ইসলাম। উপরোক্ত বক্তাদের বক্তব্য ও পরামর্শগুলোকে গুরুত্ব সহকারে গ্রহণ করেন বাংলাদেশ এসডিজি বাস্তবায়নের মাননীয় প্রধানমন্ত্রীর মূখ্য সমন্বয়কারী আবুল কালাম আজাদ। প্রধান অতিথির ভাষণে মাননীয় প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক উপদেষ্টা ড. গওহর রিজভী বলেন, আজ আমাদের এই আয়োজন সার্থক হয়েছে আপনাদের এই সরব অংশগ্রহণে। ইএসডিও প্রেমদীপ প্রকল্পের অংশগ্রহণকারী আদিবাসী ও দলিত প্রতিনিধির কথা তিনি বিশেষ ভাবে উল্লেখ করে বলেন, 'আপনাদের এই পরামর্শ বা দাবি যেটাই বলি না কেন মাননীয় প্রধানমন্ত্রী আমাকে তাঁর পক্ষ থেকে এই সব কথা শুনতে বলেছেন এবং আপনারা নিশ্চিত থাকুন তিনি আমার কাছে ও আবুল কালামের কাছে এর সব তথ্য জানবেন এবং আমি নিশ্চিত করে বলতে পারি তিনি এ সব কিছুরই বাস্তবায়ন করবেন'। অনুষ্ঠানের সভাপতি তাঁর সমাপনী বক্তব্যে বলেন, সকলের বক্তব্য আমি লিপিবদ্ধ করে মাননীয় প্রধানমন্ত্রীর নিকট পেশ করবো এবং এ বিষয়ে আলোচনার সুযোগ গ্রহণ করবো। তিনি অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি টানেন।

## ইএসডিও উজ্জীবিত প্রকল্পের আওতায়

*৩৯ পৃষ্ঠার পর*

২০,০০০/- (বিশ হাজার) টাকা মূল্যের ইলেকট্রিক হাউজ ওয়্যারিং কাজ করার জন্য যাবতীয় সরঞ্জামাদি এবং প্রত্যেক সেলাই প্রশিক্ষণ প্রাপ্ত সদস্যকে ৪৫০০/- (চার হাজার পাঁচশত) টাকা মূল্যের কাপড় বিতরণ করা হয়।

উপকরণসমূহ বিভিন্ন জেলায় আনুষ্ঠানিক ভাবে বিতরণ করা হয়। এর মধ্যে গত ২১ এপ্রিল ২০১৯ তারিখে রাজশাহী জেলার পুঠিয়া শাখায় কিশোরী ক্লাব, কারিগরি ও সেলাই প্রশিক্ষণ প্রাপ্ত সদ্যসদের মাঝে অনুদান প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ ওলিউজ্জামান, উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট পুঠিয়া, রাজশাহী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ আলাউদ্দিন, প্রভাষক বানেস্বর সরকারি কলেজ, ইএসডিও এর পক্ষে ছিলেন মোঃ পজিরুল ইসলাম এপিসি (এমএফ) রাজশাহী অঞ্চল; মোঃ তাসবীর আহম্মদ খাঁন, পিসি উজ্জীবিত রাজশাহী; মোঃ রফিকুল ইসলাম জেডএম রাজশাহী।

নাটোর জেলার দিঘাপতিয়া শাখায় গত ৩ এপ্রিল ২০১৯ তারিখে উপকরণ বিতরণ সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মোঃ আবুল হাসান, সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট; বিশেষ অতিথি কাজী জালাল উদ্দীন আহাম্মেদ, অফিসার ইনচার্জ, নাটোর সদর থানা; মোঃ নান্নু শেখ, কমিশনার ৩ নং ওয়ার্ড নাটোর পৌরসভা; মোঃ জিয়াউর রহমান এ্যাডভোকেট, মোঃ আদিল এ্যাডভোকেট নাটোর জজ কোর্ট।

গত ৩ এপ্রিল ২০১৯ তারিখে ইএসডিও ইউপিপি উজ্জীবিত প্রকল্পের আওতায় সিরাজগঞ্জ জেলার ইএসডিও-জেলা অফিসে কিশোরী ক্লাব, কারিগরি ও সেলাই প্রশিক্ষণ প্রাপ্ত সদস্যদের মাঝে অনুদান প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বপন কুমার কর্মকার, উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ আনোয়ার হোসেন, জেলা ফ্যাসিলিটেটর, ইউএনডিপি, এভিসিবি-২ প্রকল্প আরও উপস্থিত ছিলেন মোঃ আহসান হাবীব, জোনাল ম্যানেজার, সিরাজগঞ্জ-নাটোর জোন। মোঃ মনিরুজ্জামান সোহেল, জেলা সমন্বয়কারী, এভিসিবি-২ প্রকল্প।

## উজ্জীবিত প্রকল্পের সমাপনী সেমিনার অনুষ্ঠিত




গত ২৮ এপ্রিল ২০১৯ তারিখে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) অডিটোরিয়াম-২, পিকেএসএফ ভবন, আগারগাঁও ঢাকায় উজ্জীবিত প্রকল্পের সমাপনী সেমিনার অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট অর্থনীতিবিদ ও পিকেএসএফ'র চেয়ারম্যান ড. কাজী খলিকুজ্জামান আহমেদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন Mr Manfred Fernholz, First Secretary and Team Leader, Food Security and Nutrition and Sustainable Development, The EU Delegation to Bangladesh.অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন গোলাম তৌহিদ উপ-ব্যবস্থাপনা পরিচালক পিকেএসএফ। উজ্জীবিত প্রকল্পের সার্বিক তথ্য, প্রামাণ্য চিত্র এবং সফলতার কাহিনী উপস্থাপন করেন ড. একেএম নুরুজ্জামান মহাব্যবস্থাপক ও টিম লিডার ইউপিপি-উজ্জীবিত কম্পোনেন্ট। সেমিনারে পিকেএসএফ এর ৩৬ টি সহযোগী সংস্থার প্রধান নির্বাহী কর্মকর্তা ও উজ্জীবিত প্রকল্পের প্রকল্প সমন্বয়কারী এবং পিকেএসএফ এর উর্দ্ধতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। ইকো সোশ্যাল ডেভলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও)'র পক্ষে উপস্থিত ছিলেন ড. মুহম্মদ শহীদ উজ জামান, প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক, ইএসডিও। তিনি তাঁর বক্তব্যে, বলেন ইএসডিও ২০১৩ সালের নভেম্বর হতে উজ্জীবিত প্রকল্পের মাধ্যমে রাজশাহী, নাটোর ও সিরাজগঞ্জ জেলার ১৮ টি উপজেলার ৯৪ টি ইউনিয়নে ৮২৫০টি অতিদরিদ্র পরিবারকে চরম দারিদ্র অবস্থা থেকে প্রাগ্রসর করার লক্ষ্যে কাজ করে যাচ্ছে। এ প্রকল্পের মূল কম্পোনেন্ট হলো ২টি যথা: ১) কাজের বিনিময় অর্থ কার্যক্রম (যা এলজিইডি বাস্তবায়ন করে) ২) দক্ষতা ও সামর্থ্য উন্নয়ন এবং সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম যা পিকেএসএফ তার ৩৬টি সহযোগী সংস্থার মাধ্যমে বাস্তবায়ন করছে। তিনি আরো বলেন, এ প্রকল্পের কার্যক্রম সঠিক ভাবে বাস্তবায়ন হওয়ায় তা এ জনপদের মানুষের মৌলিক চাহিদা পূরণে সহায়ক ভূমিকা রেখেছে। এ প্রকল্পের কিশোরী ক্লাবের মাধ্যমে সামাজিক সচেতনতা বৃদ্ধি পেয়েছে। ফলে বাল্য বিবাহ প্রতিরোধ, ইভটিজিং ও নারী নির্যাতন দমন এবং যৌতুক প্রথা বন্ধে কিশোরীরা কাজ করে যাচ্ছে। কিশোরী ক্লাবের মাধ্যমে বয়স্ক শিক্ষা, স্কুল হতে ঝরে পড়া রোধ, প্রাথমিক স্বাস্থ্য সেবা, গর্ভবতী সেবা, দুগ্ধদানকারী মায়ের সেবা, ০-৫৯ মাস বয়সী শিশুদের সেবা নিশ্চিতের মাধ্যমে এলাকার দারিদ্র্য বিমোচনের পাশাপাশি সামাজিক মর্যাদা উন্নয়নে কাজ করায় উক্ত প্রকল্পের অর্থায়নকারী ইউরোপিয়ান ইউনিয়নের প্রতিনিধি এবং প্রকল্প মাঠ পর্যায়ে বাস্তবায়নে সর্বাত্মক সহযোগিতা করায় পিকেএসএফ এর সকল কর্মকর্তাকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন।

## ইএসডিও উজ্জীবিত প্রকল্পের আওতায় সেরা কিশোরী ক্লাব এবং কারিগরি ও সেলাই প্রশিক্ষণ প্রাপ্তদের মাঝে উপকরণ প্রদান



ইএসডিও নভেম্বর ২০১৩ হতে ইউরোপিয়ান ইউনিয়নের অর্থায়নে "Food Security 2012 Bangladesh-Ujjibito শীর্ষক প্রকল্পের Ultra Poor Programme(UPP)- Ujjibito কম্পোনেন্টটি রাজশাহী, নাটোর ও সিরাজগঞ্জ জেলার ১৮ টি উপজেলার ৯৪ টি ইউনিয়নে ৮২৫০ জন সদস্যার ক্ষুধা ও দারিদ্র্যতা নিরসনের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)'র সহযোগী সংস্থা হিসেবে ইএসডিও এবং স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (LGED) যৌথভাবে প্রকল্পটি বাস্তবায়ন করে আসছে। প্রকল্পের মূল কম্পোনেন্ট দুইটি (১) কাজের বিনিময়ে অর্থ কার্যক্রম এবং (২) দক্ষতা ও সামর্থ্য উন্নয়ন এবং সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম।

প্রকল্পের আওতায় এলজিইডি 'কাজের বিনিময়ে অর্থ কার্যক্রম' এবং ইএসডিও 'দক্ষতা ও সামর্থ্য উন্নয়ন এবং সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম' বাস্তবায়ন করছে। এলজিইডি কর্তৃক বাস্তবায়িত অংশের নাম Rural Employment and Road Maintenance Programme-2 (RERMP-2) এবং ইএসডিও কর্তৃক বাস্তবায়িত কম্পোনেন্ট এর নাম Ultra Poor Programme (UPP) Ujjibito. এ প্রকল্পের অতি দরিদ্র সদস্যদের টেকসইভাবে দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পারিবারিক আয় বৃদ্ধির পাশাপাশি পুষ্টি নিরাপত্তা, প্রাথমিক স্বাস্থ্যসেবা, ক্রয় ক্ষমতা বৃদ্ধি, সম্পদ ভিত্তি এবং সামাজিক মর্যাদা উন্নয়নে বিভিন্ন পরিষেবা প্রদান করা হয়েছে। এর মধ্যে উজ্জীবিত কিশোরী ক্লাব, উজ্জীবিত পুষ্টিগ্রাম, উজ্জীবিত পুষ্টি কর্ণার (প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়), সরকারি সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সাথে সংযোগ স্থাপন এবং প্রতিবন্ধী জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন ইত্যাদি সৃজনশীল কর্মকান্ড বাস্তবায়ন করা হয়েছে। যা ইতোমধ্যে কর্ম এলাকায় ব্যাপক গ্রহনযোগ্যতা অর্জনে সক্ষম হয়েছে। এরই ধারাবাহিকতায় ইউপিপি-উজ্জীবিত প্রকল্পের আওতায় বাস্তবায়িত উজ্জীবিত কিশোরী ক্লাবকে চলমান রাখার জন্য প্রকল্প হতে বিশেষ প্রণোদনা হিসেবে রাজশাহী জেলায় ৬টি, নাটোর জেলায় ২টি এবং সিরাজগঞ্জ জেলায় ১টি কিশোরী ক্লাবে আলমিরা, বই, মাদুর ও খেলার সামগ্রী প্রতি ক্লাবে ২০,০০০/- (বিশ হাজার) টাকা মূল্যের উপকরণ বিতরণ করা হয়। কারিগরি ও সেলাই প্রশিক্ষণ প্রাপ্ত সফল সদস্যদের উদ্যোক্তা হিসেবে তৈরী করতে প্রকল্প হতে রাজশাহী জেলায় কারিগরি প্রশিক্ষণ প্রাপ্ত ৩জন ও সেলাই প্রশিক্ষণ প্রাপ্ত ১৪ জনকে, নাটোর জেলায় কারিগরি প্রশিক্ষণ প্রাপ্ত ৪ জন ও সেলাই প্রশিক্ষণ প্রাপ্ত ৭ জনকে এবং সিরাজগঞ্জ জেলায় কারিগরি প্রশিক্ষণ প্রাপ্ত ৩ জন ও সেলাই প্রশিক্ষণ প্রাপ্ত ৪ জনের প্রত্যেক কারিগরি প্রশিক্ষণ প্রাপ্ত সদস্যকে

*বাকী অংশ ৩৮ পৃষ্ঠায়*

# সমৃদ্ধ দেশ গড়ার প্রত্যয়ে অনুষ্ঠিত হলো যুব সম্মেলন-২০১৯




'তোরা সব জয়ধ্বনি কর' এই প্রতিপাদ্যকে সামনে রেখে গত ৭-৮ এপ্রিল ২০১৯ পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)'র ব্যবস্থাপনায় ঢাকাস্থ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের হল রুমে সমৃদ্ধি কর্মসূচির উন্নয়নে যুব সমাজ কার্যক্রমের আওতায় ইউনিয়ন পর্যায় থেকে মেধা, নৈতিকতা, মূল্যবোধ ও সামাজিক কর্মকান্ডে উৎকর্ষ অর্জনকারী যুবদের নিয়ে হয়ে গেলো দুই দিনব্যাপী যুব সম্মেলন-২০১৯।

যুব সম্মেলন-২০১৯ পিকেএসএফ'র সমৃদ্ধি কর্মসূচিভুক্ত সহযোগী সংস্থার সমৃদ্ধি কর্মসূচির উন্নয়নে যুব সমাজ কার্যক্রমের আওতায় সক্রিয় যুব সদস্যদের অংশগ্রহণে অনুষ্ঠিত হয়। 'উন্নয়নে যুব সমাজ' কার্যক্রমের যুব সদস্যগণ প্রশিক্ষণের মাধ্যমে আত্ম-উন্নয়নের পাশাপাশি সামাজিক উন্নয়নেও বদ্ধপরিকর। সামাজিক দায়বদ্ধতা থেকেই সমাজের নানাবিধ ব্যাধি দূরীকরণে যুথবদ্ধ লড়াই চালিয়ে যাচ্ছেন নিজ নিজ এলাকার যুব সদস্যবৃন্দ। এসব কর্মকান্ডে অগ্রণী ভূমিকা রাখার দৃষ্টান্তস্বরূপ পিকেএসএফ'র সমৃদ্ধি কর্মসূচিভুক্ত সহযোগী সংস্থা সমূহের সমৃদ্ধি কর্মসূচির আওতায় উন্নয়নে যুব সমাজ কার্যক্রমের সক্রিয় যুব সদস্যদের নিয়ে স্ব স্ব ইউনিয়ন পর্যায়ে ৯ টি বিষয়ভিত্তিক প্রবন্ধ উপস্থাপন প্রতিযোগিতা হয়। উক্ত প্রতিযোগিতার মাধ্যমে প্রাথমিক পর্যায়ে সহযোগী সংস্থা সমূহের মধ্যে থেকে ইকো সোশ্যাল ডেভলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও) সহ ১৮টি সংস্থার দুইজন করে মোট ৩৬জন বিজয়ী সক্রিয় যুব সদস্যকে নিয়ে গত মার্চ ২০১৯ মাসে ঢাকাস্থ পিকেএসএফ ভবনে প্রাক- প্রতিযোগিতার ব্যবস্থা করা হয়। প্রাথমিক বাছাই পর্বে পিকেএসএফ'র সম্মানিত উপ-ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ জসীম উদ্দিন উপস্থিত থেকে 'যুব সম্মেলন-২০১৯' এর ৯টি বিষয়ে প্রবন্ধ উপস্থাপনের জন্য ইএসডিও সহ ৯টি সহযোগী সংস্থাকে চুড়ান্তভাবে নির্বাচিত করেন।

'যুব সম্মেলন-২০১৯' ৩টি সেমিনার অনুষ্ঠিত হয়। 'যুব সম্মেলন-২০১৯' ৭ এপ্রিল ২০১৯ এর ১ম সেমিনারে স্বাগত বক্তব্য দেন সেশন চেয়ারম্যান, ড. কাজী খলীকুজ্জামান আহমদ, চেয়ারম্যান, পিকেএসএফ। প্রবন্ধ উপস্থাপনার ১ম পর্বে যুবদের দৃষ্টিতে: বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ বিষয়ে প্রবন্ধ উপস্থাপন করেন ইকো-সোশ্যাল ডেভলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও)'র সমৃদ্ধি কর্মসূচিভুক্ত ঠাকুরগাঁও জেলার সদর উপজেলার

*বাকী অংশ ২৭ পৃষ্ঠায়*

# নিউট্রিশন গভর্নেন্স ইনিসিয়েটিভ এন্ড ন্যাশনাল ইনফরমেশন প্লাটফর্ম ফর নিউট্রিশন এর উদ্বোধনী অনুষ্ঠান

গত ২৩ এপ্রিল ২০১৯ তারিখে হোটেল প্যান প্যাসিফিক সোনারগাঁও ঢাকায় ইউরোপিয়ান ইউনিয়নের আয়োজনে নিউট্রিশন গভর্নেন্স ইনিসিয়েটিভ এন্ড ন্যাশনাল ইনফরমেশন প্ল্যাটফর্ম ফর নিউট্রিশন এর উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাধন চন্দ্র মজুমদার, মাননীয় মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মিস রেনস্জি টিরিঙ্ক, এ্যাম্বাসেডর, ইউরোপিয়ান ইউনিয়ন, বাংলাদেশ; প্রফেসর ড. শামসুল আলম, সিনিয়র সচিব, জিইডি, পরিকল্পনা মন্ত্রণালয়; মোঃ আসাদুল ইসলাম, সচিব, এইচ.এস.ডি, এম.ও.এইচ.এফ.ডব্লিউ।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন এম বদরুল আরেফিন, ডিজি, অতিরিক্ত সচিব, এফ.পি.এম.ইউ। অনুষ্ঠানে জানো, সঙ্গ, লিন এবং সূচনা প্রকল্পের আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষণা করা হয়। ইএসডিও জানো প্রকল্পের পক্ষ থেকে উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এনামুল হাবিব, জেলা প্রশাসক, রংপুর; নাজিয়া শিরিন, জেলা প্রশাসক, নীলফামারী; ডাঃ আবু মোঃ জাকিরুল ইসলাম, সিভিল সার্জন, রংপুর; ড. মুহম্মদ শহীদ উজ জামান, নির্বাহী পরিচালক, ইএসডিও ও আবু আযম নূর, এ্যাডভাইজার (প্রোগ্রাম এন্ড এইচআর), ইএসডিও।



**প্রধান উপদেষ্টা**
ড. মুহম্মদ শহীদ উজ জামান
নির্বাহী পরিচালক, ইএসডিও

**উপদেষ্টা**
সেলিমা আখতার
অবৈতনিক পরিচালক (প্রশাসন), ইএসডিও

**সম্পাদনা পরিষদ**
নির্মল মজুমদার
আবু হেনা মোঃ মোবিনুল ইসলাম
মোঃ নাদিমুল ইসলাম

প্রকাশনায়: ইএসডিও, গোবিন্দনগর (কলেজপাড়া), ঠাকুরগাঁও-৫১০০। ফোন: +৮৮-০৫৬১-৫২১৪৯, +৮৮-০১৭১৪০৬৩৩৬০, ফ্যাক্স: +৮৮-০৫৬১-৬১৫৯৯
ইমেইল: esdobarta@gmail.com, esdobangladesh@hotmail.com, ওয়েব সাইড : www.esdo.net.bd